




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 21 July, 2023 ■ আগরতলা ২১ জুলাই ২০২৩ ইং ■ ৪ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ, শুক্রবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা







## টাকা ছিনতাইয়ের অভিযোগে ধৃত যুবক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।।** টাকা ছিনতাই করার অভিযোগে এক যুবককে আটক করে পুলিশের হাতে তুলেদিলো স্থানীয়রা।

ঘটনার বিবরনে জানাযায় বৃহস্পতিবার শান্তির বাজার ষ্টেট ব্যাঙ্কথেকে পশ্চিম কালাছড়ার বাসিন্দা খোকন দেবনাথ ১০ হাজার টাকা উঠানোর পর এক যুবক খোকন দেবনাথের হাতথেকে টাকার বেগ নিয়ে পালিয়েযায়। পরবর্তী সময় স্থানীয়রা ছিনতাইকারীকে আটক করে পুলিশের হাতে তুলেদেয়। ঘটনার খবর পেয়ে শান্তির বাজার থানার পুলিশ ঘটনাস্থলে উপস্থিতহয়ে ছিনতাইকারীকে ঘটনাস্থলথেকে উদ্ধারকরে নিয়েযায়। দিনের বেলায় এইধরনের ছিনতাই করার ঘটনাকে কেন্দ্রকরে সমগ্র শান্তির বাজার জুরে তীব্র চাঞ্চল্যকর পরিবেশের সৃষ্টিহয়েছে।

## বিশালগড়েআগুনে পুড়িয়ে গৃহবধূকে হত্যার অভিযোগ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।।** বিশালগড় ধনছড়ি এলাকায় স্বামী মধু দাস নেশাগ্রস্ত অবস্থায় স্ত্রী রুমা দাসের উপর অত্যাচার চালায়। বৃহস্পতিবার দুপুরে ঝামেলার পর বধূর শরীরে আগুল লাগিয়ে দেয় স্বামী।

এমনি অভিযোগ মৃতার মায়ের। পরে অগ্নি নির্বাপক কর্মীরা রুমাকে উদ্ধার করে বিশালগড় হাসপাতালে নিয়ে আসে। সেখান থেকে রেফার করা হয় জিবিপিতে। কিন্তু তার প্রাণ রক্ষা হয়নি। জিবি ফাঁড়ির পুলিশ তার স্বামীকে আটক করেছে। জানা যায় গৃহবধূ অগ্নিদগ্ধ হওয়ার পর উন্মত্ত্ব স্বামী উল্লাস শুরু করে। তাতে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। স্বামীর বিরুদ্ধে কঠোর আইনী ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে। উল্লেখ্য রাজ্যে গার্হস্থ হিংসার ঘটনা দিনের পর দিন বৃদ্ধি পেয়ে চলেছে। বেশিরভাগ ক্ষেত্রেই নেশাগ্রস্ত হয়ে স্ত্রীর ওপর স্বামী নির্যাতন চালাচ্ছে।

# মণিপুর ইস্যুতে উত্তাল সংসদ উভয়কক্ষের অধিবেশন মুলতুবি

**নয়াদিল্লি, ২০ জুলাই (হি.স.)।।** আশঙ্কা ছিলই, আর তাই হল। মণিপুর ইস্যুতে বৃহস্পতিবার বাদল অধিবেশনের প্রথম দিন উত্তাল হল সংসদ। সংসদের উভয়কক্ষে বিরোধীদের হইহট্টগোলের জন্য লোকসভা ও রাজ্যসভার অধিবেশন দিনের মতো মুলতুবি করে দেওয়া হয়েছে। এদিন রাজ্যসভায় মণিপুর ইস্যুতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে আক্রমণ করেছেন কংগ্রেস সভাপতি ও রাজ্যসভার বিরোধী দলনেতা মল্লিকার্জুন খাড়গে। তিনি বলেছেন, 'মণিপুর জ্বলছে। মেয়েদের ধর্ষণ করা হচ্ছে, নগ্ন করে রাস্তায় ঘোরানো হচ্ছে এবং প্রধানমন্ত্রী চুপ করে বাইরে বক্তব্য রাখছেন।'

যদিও, কেন্দ্রের পক্ষ থেকে বলা হচ্ছে সরকার আলোচনার জন্য প্রস্তুত। সংসদ বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ জোশী বলেছেন, 'আমরা স্পষ্ট করে দিয়েছি, যে আমরা উভয় কক্ষে মণিপুর নিয়ে আলোচনার জন্য প্রস্তুত। মণিপুর একটি স্পর্শকাতর বিষয়। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বিস্তারিত আলোচনার জবাব দেবেন। স্পিকার আলোচনার তারিখ নির্ধারণ করুক।'

বৃহস্পতিবার থেকে শুরু হয়েছে সংসদের বাদল অধিবেশন। বেলা এগারোটা থেকে শুরু হয় লোকসভা ও রাজ্যসভার অধিবেশন। অধিবেশন শুরু হওয়ার পরই সংসদের উভয়কক্ষে সাম্প্রতিক সময়ে প্রয়াতদের প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন সাংসদরা। গত জুন মাসে প্রয়াত সাংসদ হরদ্বার দুবের প্রতি শ্রদ্ধা ☞ ৬ এর পাতায় দেখুন

## মণিপুরের ঘটনা যে কোনও ভদ্র সমাজের জন্য লজ্জাজনক ঃ প্রধানমন্ত্রী

**নয়াদিল্লি, ২০ জুলাই (হি.স.)।।** মণিপুরের ঘটনা যে কোনও ভদ্র সমাজের জন্য লজ্জাজনক; আমার হৃদয় ব্যথিত ও রাগে পরিপূর্ণ। বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। একইসঙ্গে প্রধানমন্ত্রী বলেছেন, আইন পূর্ণ শক্তি দিয়ে কাজ করবে। বৃহস্পতিবার থেকে শুরু হয়েছে সংসদের বাদল অধিবেশন। বাদল শুরু হওয়ার প্রাক্কালে এদিন সকালে সংসদ চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হন প্রধানমন্ত্রী মোদী। তিনি মণিপুরের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে বলেছেন, "আমি যন্ত্রণা ও রাগে ভরা। মণিপুরের ঘটনা সমাজে লজ্জা বয়ে আনে।'



মণিপুরে দুই মহিলাকে প্রকাশ্যে নগ্ন করার ঘটনায় প্রধানমন্ত্রী বলেছেন, 'মণিপুরের ঘটনা যে কোনও ভদ্র সমাজের জন্য লজ্জাজনক; আমার হৃদয় ব্যথিত ও রাগে পরিপূর্ণ। মণিপুরের মেয়েদের সঙ্গে যা হয়েছে তা কখনও ক্ষমা করা যাবে না, দোষীদের ছাড় দেওয়া হবে না। আইন ☞ ৬ এর পাতায় দেখুন

## দাবি আদায়ে ডেপুটেশনে গিয়ে হেজামারা ব্লকে তিপরা মথার কর্মীদের হজ্জুতি, আতঙ্ক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।।** দশ দফা দাবি আদায়ের লক্ষ্যে হেজামারা ব্লকে ডেপুটেশন প্রদানে গিয়ে তিপরা মথার কর্মীদের হজ্জুতিতে আতঙ্ক ছড়িয়েছে। পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে এসেছে।

তিপরা মথার বিধায়ক বৃষকেতু দের্ববমা জানিয়েছেন, প্রকৃত সুবিধাবাদীদের সরকারের পক্ষ থেকে সঠিক ভাবে পানীয় জল, স্বাস্থ্য পরিষেবা ও বিদ্যুৎ পরিষেবা প্রদান করা হচ্ছে না। পাশাপাশি প্রধানমন্ত্রী আবাস যোজনা থেকে শুরু করে অন্যান্য সুযোগ সুবিধা প্রদান করা হচ্ছে না। তাই দশ দফা দাবি আদায়ের লক্ষ্যে রাজপথে মিছিল করে হেজামারা ব্লক আধিকারিকের নিকট তিপরা মথার কর্মীরা গণডেপুটেশনে মিলিত হয়েছেন। তাঁদের দাবি, প্রকৃত সুবিধাবাদী সকলকে সঠিক পরিষেবা প্রদান করা হোক।

ওই ডেপুটেশনকে কেন্দ্র করে ব্লক চত্বরের পরিসিতি উত্তপ্ত হয়ে ওঠে। দশ দফা দাবিতে বৃহস্পতিবার হেজামারা ব্লকে ডেপুটেশনের নামে তিপরা মথা কর্মীদের উশৃংখলতা লক্ষ্য করা গিয়েছে। এদিন ব্লকের লোহার গেইট ভেঙ্গে ফেলার চেষ্টা করা হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে মোতায়েন করা হয়েছে বিশাল পুলিশ বাহিনী।

## বড়জলা বাজারে খাদ্য দপ্তরের অভিযান, নোটিশ জারি তিন ব্যবসায়ীকে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।।** সদর মহকুমা শাসক ও খাদ্য দপ্তর যৌথভাবে বৃহস্পতিবার রাজধানী বড়জলা বাজার থেকে নতুন নগর বাজার পর্যন্ত অভিযান চালিয়েছে। অভিযানে নেমে বাজারের মেয়াদোর্তীণ সামগ্রী বিক্রি সহ ব্যাপক অনিয়ম লক্ষ্য করা গেছে।পাশাপাশি ফুড লাইসেন্স না থাকার কারণে নতুননগর বাজারের তিনটি দোকানে নোটিশ জারি করা হবে বলে জানিয়েছেন জনৈক খাদ্য দপ্তরের আধিকারিক।

এদিন জনৈক খাদ্য দপ্তরের আধিকারিক জানিয়েছেন, বৃহস্পতিবার রাজধানী বড়জলা বাজার থেকে নতুন নগর বাজার পর্যন্ত বিভিন্ন ফাস্টফুড ও মিষ্টি দোকান মিলে প্রায় ১০টি দোকানে হানা দিয়ে অবৈধভাবে মজুত করে রাখা ৩টি এলপিজি সিলিন্ডার বাজেয়াপ্ত করা হয়েছে। পাশাপাশি একটি দোকান থেকে মেয়াদোত্তীর্ণ সামগ্রী উদ্ধার করা হয়েছে এবং অন্য একটি দোকান থেকে ন্যায্যমূল্যের দোকানের ৫০ কেজি চাল উদ্ধার করা হয়েছে। তাছাড়া বিভিন্ন দোকানে খাদ্যসামগ্রীর দাম সঠিক রয়েছে কিনা তা খতিয়ে দেখা হয়েছে।

তিনি আরও জানিয়েছেন, ফুড লাইসেন্স না থাকার কারণে নতুননগর বাজারের তিনটি দোকানে নোটিশ জারি করা হবে। এরকম অভিযান আগামী দিনেও জারি থাকবে বলে জানিয়েছেন তিনি।

## ছাত্রছাত্রীদের পাঠাগারে গিয়ে বই পড়ার অভ্যাস গড়ে তুলতে হবে ঃ মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।।** রাজ্যে গুণগতমানের শিক্ষা প্রদানে রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে 'সেন্টার অব এক্সিলেন্স' হিসাবে গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। সরকারের এই উদ্যোগকে বাস্তবায়িত করতে শিক্ষক-শিক্ষিকাদেরও গুরত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করতে হবে। তবেই শিক্ষাক্ষেত্রে দেশের মধ্যে রাজ্যের মুখ আরও উজ্জল হবে। আজ কুঞ্জবনস্থিত ইনস্টিটিউড অব অ্যাডভান্সড স্টাডিস ইন এডুকেশন-এর (আইএএসই) বর্ষব্যাপী হীরক জয়ন্তী উৎসবের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা একথা বলেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, সভ্যতার অগ্রগতির যুগেও ছাত্রছাত্রীদের পাঠাগারে গিয়ে বই পড়ার অভ্যাস গড়ে তুলতে হবে। বই পড়ার মধ্য দিয়েই মস্তিষ্কের উৎকর্ষতা বাড়ে। ল্যাপটপ বা মোবাইলের মাধ্যমে পড়াশুনা করলে মস্তিষ্কের উৎকর্ষতা বাড়েনা।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রায়শই বলে থাকেন যে যাদের কাছে 'ন থাকবে আগামীদিনে পুরো পৃথিবী তাদের হাতের মুঠোয় থাকবে। তাই ছাত্রছাত্রীদের মূল্যবোধের শিক্ষা প্রদানে শিক্ষক-শিক্ষিকাদের ☞ ৬ এর পাতায় দেখুন

## বিশ্রামগঞ্জে শ্লীলতাহানির অভিযোগে গ্রেপ্তার এক ব্যক্তি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।।** উকিল বাবা কর্তৃক শ্লীলতাহানির শিকার মেয়ে। ঘটনা বিশ্রামগঞ্জ থানার অন্তর্গত বাঁশতলী গ্রাম পঞ্চায়েতের ননজলা এলাকায়। ননজলা এলাকার মন্টু মিয়া ওরফে জামাল হোসেন একই এলাকার সুফিয়া খাতুনকে মঙ্গলবার রাত্রিবেলায় নিমন্ত্রণ করে তার বাড়িতে। সম্পর্কে সুফিয়া খাতুন মন্টু মিয়ার মেয়ের মত। কারণ মুসলিম সমাজে মেয়েদের বিয়ের আলাপ যে নিয়ে আসে তাকে বলা হয় উকিল বাবা। উকিল বাবা ☞ ৬ এর পাতায় দেখুন

## বিদ্যুৎস্পৃষ্টে রাজমিস্ত্রীর মৃত্যু

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।।** জোলাইবাড়ীতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হলো এক যুবকের। ঘটনার বিবরনে জানা যায় উত্তর কাকুলিয়ার বাসিন্দা তনু দে (১৯) পেশায় রাজমিস্ত্রী।

তনু দে বৃহস্পতিবার বাতানবাড়ী এলাকায় কেশব পালের বাড়ীরে কাজ করতেগিয়ে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে মৃত্যুর মুখে ডলেপরে। পরবর্তীসময় পরিবারের লোকজন তনু দে কে জোলাইবাড়ী সামাজিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে গেলে সেখানে কর্তব্যরত চিকিৎসক তনু দে কে মৃত বলে ঘোষনা করে। পরবর্তীসময় সমস্ত আইনি প্রক্রিয়াশেষে মৃতদেহ ময়নাতদন্তের পর পরিবারের লোকজনদের হাতে তুলে দেওয়া হয়। তনু দের অস্বাভাবিক মৃত্যুতে সমগ্র এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

## পৃথক দুর্ঘটনায় দুই শিশু সহ গুরুতর আহত আট

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।।** দ্রুতগামী বাসের ধাক্কায় বাইক আরোহী দুই শিশু সহ আহত হয়েছেন চারজন। বৃহস্পতিবার চড়িলাম পরিমল চৌমুহনী এলাকার স্থানীয় মানুষ ঘটনাটি প্রত্যক্ষ করে আহতদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে গিয়েছেন। হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক চারজনের অবস্থা আশঙ্কাজনক দেখে তাঁদের আইজিএম হাসপাতালে স্থানান্তর করেছেন। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছেপুলিশ।

জনৈক প্রত্যক্ষদর্শী জানিয়েছেন, আজ সকালে বাইকে চেপে এক দম্পতি তাদের দুই সন্তানকে নিয়ে মেলাঘর থেকে বিশালগড় মামারবাড়ির উদ্দেশ্য যাচ্ছিলেন। চড়িলাম পরিমল চৌমুহনীতে আসা মাত্র একটি দ্রুতগামী বাস ওই বাইকে সজোরে ধাক্কা দেয়। বাসের ধাক্কায় রাস্তায় ছিটকে পড়ে ওই দম্পতি সহ দুই শিশু সন্তান। তাতে চারজন গুরুতর আহত হয়েছেন। স্থানীয় মানুষ বিকট শব্দ শুনতে ☞ ৬ এর পাতায় দেখুন

## কৈলাসহরের ছনতৈলে পানীয় জলের দাবীতে সড়ক অবরোধ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।।** পানীয় জলের দাবিতে গ্রামবাসীরা রাস্তা অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন। ঘটনা কৈলাসহরের ছনতৈল গ্রাম পঞ্চায়েতের দুই নং ওয়ার্ডের মুসলিম পল্লী এলাকায়। অবরোধকারী গ্রামবাসীরা জানায় যে, কৈলাসহরের ছনতৈল গ্রাম পঞ্চায়েতের দুই নং ওয়ার্ডের মনু নদীর পাশে অবস্থিত মুসলিম পল্লী এলাকায় দুইশো থেকে আড়াইশো পরিবারের বসবাস রয়েছে। এই মুসলিম পল্লী এলাকায় দীর্ঘদিন ধরে পানীয়জলের সমস্যা রয়েছে।



মনু নদীর জলই গ্রামবাসীদের পানীয়জলের একমাত্র ভরসা ছিলো। গ্রামবাসীরা কয়েকবার স্থানীয় গ্রাম পঞ্চায়েত সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকের কাছে জানানোর অবশেষে গত এক বছর পূর্বে মুসলিম পল্লী এলাকায় ডিডাব্লিউএস দপ্তরের উদ্যোগে ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট বসানো হয়েছিলো। বিগত দুই মাস পূর্বে ☞ ৬ এর পাতায় দেখুন

## মণিপুরে গণধর্ষণের প্রতিবাদে রাস্তায় নামল কংগ্রেস, রাষ্ট্রপতি শাসনের দাবী জানাল মথা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।।** মণিপুরে দুই মহিলাকে নগ্ন অবস্থায় হাটানো এবং গণধর্ষণের ঘটনা ঘিরে গোটা দেশজুড়ে প্রতিবাদের ঝড় বইছে। তারই অঙ্গ হিসাবে বৃহস্পতিবার শহরে প্রতিবাদ রেলি করে প্রদেশ কংগ্রেস। কংগ্রেসের মহিলা সংগঠনের উদ্যোগে এই প্রতিবাদ মিছিলে উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা বিধায়ক সুদীপ রায় বর্মন সহ অন্যান্য নেতৃত্ব।

মোমবাতি জ্বালিয়ে এই প্রতিবাদ মিছিল শুরু হয় এদিন সন্ধ্যায় প্রদেশ কংগ্রেসের মুখ্য কার্যালয় পোস্ট অফিস চৌমুহনী থেকে। মিছিলটি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। গোটা ঘটনার নিন্দা জানিয়ে প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ সাহা বলেন মনিপুরের এই ঘটনা দেশের মানুষের কাছে লজ্জার। গোটা দেশবাসী তার জন্য নিন্দা জানাচ্ছে। অথচ দেশের স্বৈরাচার সরকার এবং তার প্রধান এই বিষয়ে কোন কথা বলেননি। তিনি সরকার প্রধান বিশ্ব ঘুরে বেড়াচ্ছেন। তার অভিযোগ রাজনৈতিক স্বার্থ কায়েম করার জন্য দেশের প্রধানমন্ত্রী থেকে শুরু করে স্বরাষ্ট্রমন্ত্রী নীরব ভূমিকা পালন করছে। অথচ দেশের মানুষ প্রতিবাদে সরব হয়েছে। কংগ্রেস সংসদের ভিতর এবং বাইরেও মানুষকে জাগানোর চেষ্টা করছে। কান্তি সম্প্রীতি বজায় রাখার জন্য বারবার মনিপুর সরকার এবং দেশের সরকারের কাছে আর্জি জানাচ্ছে। কংগ্রেস দাবি জানাচ্ছি মনিপুরী ভাতৃঘাতি দাঙ্গা বন্ধ করার জন্য। কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ না করলে আগামী দিন তার দায়ভার মোদী অমিত শাহ কে নিতে হবে বলে তিনি জানান। আসিস বলেন মনিপুরের জনগণের শান্তি ফিরিয়ে আনতে কংগ্রেস গোটা উত্তর পূর্বাঞ্চলে যৌথ কর্মসূচি গ্রহণ করবে। একইসঙ্গে তিনি বিরোধী দল গুলির কাছেও আহবান রাখেন একজোট হয়ে আগামী দিনে আন্দোলন কর্মসূচি গ্রহণ করার।




আগরতলায় কংগ্রেসের মোমবাতি প্রজ্জলন কর্মসূচি। ছবি নিজস্ব।

কংগ্রেস দাবি জানাচ্ছে অবিলম্বে মনিপুরের মুখ্যমন্ত্রী বীরেন সিংহের পদত্যাগ। মণিপুরে যেভাবে মহিলা এবং আপামর জনগণের উপর নির্যাতন নামিয়ে এনেছে তাতে পুলিশের ভূমিকা অত্যন্ত নিন্দনীয় এবং দুর্ভাগ্যজনক বলে আখ্যায়িত করেন বিধায়ক সুদীপ রায় বর্মন। তিনি অভিযোগ করেন মাস তিনেক ধরে মণিপুরের অগ্নিগর্ভ অবস্থা চলছে অথচ প্রধানমন্ত্রী নীরব। স্বরাষ্ট্রমন্ত্রী ☞ ৬ এর পাতায় দেখুন




জাগরণ আগরতলা ■ বর্ষ-৬৯ ■ সংখ্যা ২৪৯ ■ ২১ জুলাই ২০২৩ ইং ■ ৪ শ্রাবণ ■ শুক্রবার ■ ১৪৩০ বঙ্গাব্দ

# মনিপুর ইস্যুতে মুখ খুলিলেন মোদি!

সংসদের বাদল অধিবেশন শুরু হইল বৃহস্পতিবার। অধিবেশন শুরুর আগে মনিপুর নিয়া কড়া বার্তা দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তিনি বলেন, ' আমি দেশকে আশ্বস্ত করিতেছি, কোনও অপরাধীকে ছাড় দেওয়া হইবে না। আইন তাহার নিজের পথে চলিবে। মনিপুরের মেয়েদের সঙ্গে যাহা হইয়াছে তাহা ক্ষমার অযোগ্য।' এই প্রথম মনিপুর প্রসঙ্গে মুখ খুলিলেন প্রধানমন্ত্রী। সংসদের বাদল অধিবেশন শুরুর আগে সংসদ ভবন চত্বরে মণিপুরের দুই মহিলাকে নির্যাতনের ঘটনার তীব্র নিন্দা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। দুই মহিলাকে বিবস্ত্র করিয়া হাঁটানোর ঘটনায় প্রধানমন্ত্রী বলেন, আমি গভীরভাবে ব্যথিত ও ক্ষুব্ধ। তিনি বলেন, "মণিপুরের ঘটনা যে কোনও সভ্য সমাজের পক্ষে লজ্জার। ওই ঘটনায় দেশের ১৪০ কোটি মানুষের মাথা হেঁট হইয়াছে।" সংসদের সামনে বক্তৃতায় প্রধানমন্ত্রী সব রাজ্যের মুখমন্ত্রীদের উদ্দেশে বলেন, তাঁহারা যেন আইন ও শৃঙ্খলা আরও শক্তিশালী করেন। বিশেষত মহিলাদের সম্মান রক্ষায় কঠোর পদক্ষেপ গ্রহণ করিতে হইবে। প্রথম দিন থেকে মনিপুরে ঘটিয়া চলা সন্ত্রাস নিয়া নিশ্চুপ ছিলেন প্রধানমন্ত্রী। এ নিয়া তাঁহাকে বিরোধীদের সমালোচনার মুখে পড়িতে

হইয়াছে। অবশেষে বাদল অধিবেশনের শুরুর দিন এ নিয়া সরব হইলেন তিনি। বুধবার মনিপুরের দুই তরুণীর ভিডিও সামাজিক মাধ্যমে ছড়াইয়া পড়ে। মনিপুরের দুই তরুণীকে নগ্ন অবস্থায় রাস্তা দিয়া হাঁটিতে বাধ্য করা হয়। তাঁহাদের গণধর্ষণ করা হয় বলিয়াও অভিযোগ। ঘটনা ঘটে ৪ মে। এর প্রায় ১০ দিন পর ১৪ মে এফআইআর দায়ের করা হয়। কিন্তু অভিযোগ, পুলিশ কোন পদক্ষেপ করেনি।

ভিডিও প্রকাশ্যে আসিতেই দেশ জুড়িয়া সমালোচনার ঝর বইয়া যায়। অধিকাংশ বিরোধী দল উত্তর-পূর্বের ওই বিজেপি শাসিত রাজ্যের মুখ্যমন্ত্রী এন বীরেন সিংহের ইস্তফা দাবি করে। পাশাপাশি প্রশ্ন ওঠে মণিপুরে দুই মাসের বেশি সময় ধরিয়া হিংসা ও সন্ত্রাসের রাজত্ব চলিলেও কেন নীরব প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। মণিপুর পরিস্থিতি নিয়া আলোচনার জন্য কংগ্রেসের পক্ষে বৃহস্পতিবার নোটিস দেওয়া হয় লোকসভা এবং রাজ্যসভায়। কংগ্রেস সভাপতি তথা রাজ্যসভার সাংসদ মল্লিকার্জুন খাড়গে, অসমের কংগ্রেস লোকসভা সাংসদ গৌরব গগৈ এ বিষয়ে আলোচনার প্রস্তাব দেন। এআইসিসির সাধারণ সম্পাদক জয়রাম রমেশ বৃহস্পতিবার বলেন, "মণিপুরে গত ৭৮ দিন ধরে লাগাতার হিংসা ঘটিয়া চলিয়াছে। কেন্দ্রীয় সরকার পরিস্থিতি নিয়ন্ত্রণে ব্যর্থ। সব মিলিয়ে প্রথমদিন থেকেই উত্তাল সংসদের দুই কক্ষ।

## নিউজিল্যান্ডে বন্দুকবাজের গুলিতে নিহত ২ আহত হয়েছেন আরও ৬ জন

অকল্যান্ড, ২০ জুলাই (হি. স.) : ফিফা মহিলা বিশ্বকাপ শুরু হওয়ার কয়েক ঘণ্টা আগেই নিউজিল্যান্ডে বন্দুকবাজের গুলিতে দুইজন নিহত হয়েছেন। এ ঘটনায় পুলিশ কর্মকর্তাসহ আহত হয়েছেন আরও ছয়জন। বৃহস্পতিবার অকল্যান্ড শহরের কেন্দ্রস্থলে এই হামলার ঘটনায়পুলিশের পাল্টা গুলিতে নিহত হামলাকারী।

নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস হিপকিন্স বলেছেন, হামলাটিকে জঙ্গি কর্মকাণ্ড হিসেবে দেখা হচ্ছে না। পরিকল্পনা অনুযায়ী ফিফা বিশ্বকাপ এগিয়ে যাবে।

তিনি যোগ করেছেন, জনসাধারণ নিশ্চিত থাকতে পারে যে, পুলিশ হামলাকারীকে হত্যা করেছে এবং অকল্যান্ডের কুইন স্ট্রিটে এই ঘটনার পর আর কোনও ঝুঁকি নেই।

প্রধানমন্ত্রী বলেন, হামলার কোনও রাজনৈতিক বা আদর্শিক উদ্দেশ্য চিহ্নিত করা যায়নি। তিনি বলেন, বন্দুকধারীর কাছে একটি পাম্প-অ্যাকশন শটগান ছিল।

সাহসী পুলিশ সদস্যদের ধন্যবাদ জানিয়ে হিপকিন্স বলেন, এই ধরনের পরিস্থিতিতে যারা দ্রুত ঘটনাস্থলে যায় এবং অন্যদের বাঁচাতে নিজেদের জীবন ঝুঁকিতে ফেলে, তাদের কাজ বীরত্বের থেকে কম কিছু নয়।

এদিকে অকল্যান্ডের মেয়র ওয়েন ব্রাউন জানিয়েছেন, ফিফার সব কর্মী এবং ফুটবল দল নিরাপদ রয়েছেন। তাদের খোঁজ নেওয়া হয়েছে।

## বাছাই করা আহতদের মুখ্যমন্ত্রীর সহায়তা, প্রতিবাদ তথাগতর

কলকাতা, ২০ জুলাই (হি. স.) : পঞ্চায়েত ভোটে বাছাই করা আহতদের মুখ্যমন্ত্রীর সহায়তা করার প্রতিবাদ করলেন প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়।

একটি দৈনিকের উদ্ধৃতি দিয়ে বৃহস্পতিবার তিনি লিখেছেন, "পঞ্চায়েত নির্বাচনোত্তর পর্বে রাজনৈতিক সংঘর্ষে আহত তৃণমূল কর্মীদের দেখতে বুধবার এসএসকেএম হাসপাতালে এসেছিলেন মমতা। সেখানে আহতদের হাতে রাজ্য সরকারের তরফে ক্ষতিপূরণের চেক তুলে দেওয়ার পরে তিনি সংবাদমাধ্যমের সঙ্গেও কথা বলেন।"

এর পর তাঁর মন্তব্য, "কেন, পঞ্চায়েত নির্বাচনে সিপিএম, বিজেপি, কংগ্রেস ইত্যাদির যত কর্মী হতাহত হয়েছে তাদের প্রতি পুলিশমন্ত্রীর কোনো দায় নেই? জনসাধারণের ট্যাক্সের টাকা শুধু যেসব মুলো বোমা বাঁধতে গিয়ে আহত তাদের জন্যে?" নেটনাগরিকদের অনেকে তাঁর সঙ্গে সহমত প্রকাশ করেছেন।

## মমতা-অভিষেকের বক্তব্যে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির অভিযোগ

কলকাতা, ১৭ জুলাই (হি. স.) : পঞ্চায়েত ভোটের আগে থেকেই শুরু হয়েছে শরিকি বিবাদ। এই বিবাদ কখনও কখনও খুন জখমে পরিণত হচ্ছে। এসব নিয়ে মামলাও হয়েছে বেশ কটি। বৃহস্পতিবার নতুন করে আরও মামলা হল বিষয়টি নিয়ে।নানা ঘটনা নিয়ে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বক্তব্যের জেরে রাজ্যে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি হয়েছে, এমনই দাবি করে কলকাতা হাই কোর্টের দ্বারস্থ হলেন এক আইনজীবী। ওই আইনজীবীর নাম অনিন্দ্যসুন্দর দাস।কলকাতা হাই কোর্টের কাছে মুখ্যমন্ত্রী এবং তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদকের বিরুদ্ধে এফআইআর করার আর্জিতে জনস্বার্থ মামলা দায়েরের অনুমতি চান তিনি। মামলা দায়েরের অনুমতি দিয়েছে কলকাতা হাই কোর্টের বিচারপতি ইন্দ্রপ্রসন্ন মুখোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ। দুপুরে সেই মামলার শুনানির সম্ভাবনা।

## জম্মু থেকে ২৬২টি গাড়িতে ৬,৫২৩তীর্থযাত্রী অমরনাথ গুহার উদ্দেশ্যে রওনা হয়েছেন

জম্মু, ২০ জুলাই (হি. স.) : "বম বম ভোলে" স্লোগান তুলে বৃহস্পতিবার সকালে ৬,৫২৩ তীর্থযাত্রীর আরেকটি দল জম্মুর ভগবতী নগর বেস ক্যাম্প থেকে ২৬২টি গাড়িতে করে অমরনাথের পবিত্র গুহা মন্দিরের উদ্দেশ্যে রওনা হয়েছেন।আধিকারিকদের মতে, মোট ৬,৫২৩ তীর্থযাত্রীর মধ্যে ৩,৭৪৬ তীর্থযাত্রী ১৬৭টি গাড়ির একটি বহর পাহালগামের উদ্দেশ্যে রওনা হয়, যার মধ্যে ২,৯৯৫ জন পুরুষ, ৬৬৫ জন মহিলা, দুটি শিশু, ৭৫ জন সাধু এবং নয়জন সাধ্বী ছিলেন।

# ভারতবর্ষে ব্যাঙ্ক সংযক্তিকরণের অন্তহীন ধারা

**পার্থ প্রতিম সেন**

'ভারতবর্ষের প্রথম ব্যাঙ্ক অফ হিন্দুস্তান' ১৭৭০ সালে কলকাতায় যাত্রা শুরু করেছিল। কিন্তু সেই ব্যাঙ্কটি ১৮৩২ সালেই বন্ধ হয়ে যায়। তারপর ব্রিটিশ আগমনের পর ভারতবর্ষে তিনটি ব্যাঙ্ক প্রতিষ্ঠা হয়। সেই ব্যাঙ্কগুলি হল ১৮০৯ সালে ব্যাঙ্ক অফ বেঙ্গল, ১৮৪০ সালে ব্যাঙ্ক অফ বোম্বে, এবং ১৮৪৩ সালে 'ব্যাঙ্ক অফ মাদ্রাজ'। এই ব্যাঙ্ক গুলিকে প্রেসিডেনশিয়াল ব্যাঙ্ক বলা হত। তবে এই তিনটি ব্যাঙ্কই ১৯২১ সালে সংযুক্তিকরণের মাধ্যমে ইম্পিরিয়াল ব্যাঙ্ক নামে পরিচিতি লাভ করে। এটাকেই ব্রিটিশ ভারতবর্ষে প্রথম একটি বড়সড় ব্যাঙ্ক সংযুক্তিকরণ বলা যায়। ভারতবর্ষ স্বাধীনতা লাভের পর ১৯৫৫ সালে ইম্পিরিয়াল ব্যাঙ্কের জাতীয়করণ হয় এবং ব্যাকটি "স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া" নামে স্বাধীন ভারতের সবচেয়ে বড় সরকারি ব্যাঙ্ক হিসেবে আত্মপ্রকাশ করে।

তারপর ১৯৫৯ সালে স্টেট ব্যাঙ্কের সাতটি সহযোগী ব্যাঙ্কের জাতীয়করণ হয়। ব্যাঙ্কগুলি হল স্টেট ব্যাঙ্ক অফ পাতিয়ালা, স্টেট ব্যাঙ্ক অফ হায়দ্রাবাদ, স্টেট ব্যাঙ্ক অফ বিকানির এন্ড জয়পুর, স্টেট ব্যাঙ্ক অফ মাইশোর, স্টেট ব্যাঙ্ক অফ ট্রাভাঙ্কুর, স্টেট ব্যাঙ্ক অফ সৌরাষ্ট্র এবং স্টেট ব্যান অফ ইন্দোর।

পরবর্তীকালে স্টেট ব্যাঙ্ক অফ সৌরাষ্ট্র ২০০৮ সালে এবং স্টেট ব্যাঙ্ক অফ ইন্দোর ২০১০ সালে এবং অন্য পাঁচটি স্টেট ব্যানের সহযোগী ব্যাঙ্ক ২০১৭ সালে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার সাথে সংযুক্ত বা মিলিত হয়ে যায়। উল্লেখ্য ভারতে প্রথম ভারতীয় মহিলা ব্যাভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর জন্মদিনে ১৯ নভেম্বর ২০১৩ সালে চালু হয়েছিল এবং পরবর্তীকালে প্রায় সাড়ে তিন বছর চালু থাকার পর ২০১৭ সালের ১ এপ্রিল ভারতীয় মহিলা ব্যাঙ্কের স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার সাথে সংযুক্তিকরণ ঘটে। এইভাবে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ভারতের ব্যাঙ্কিং মানচিত্রে এবং বিশ্বের ব্যাকিং মানচিত্রেও একটি বিরাট ব্যাঙ্ক হিসেবে মর্যাদা লাভ করে। এই সংযুক্তিকরণের ফলে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া সম্পদের পরিমাণ হিসেবে বিশ্বের প্রথম একশোটি ব্যাঙ্কের তালিকায় স্থান করে নেয়। সম্পদের পরিমাণ হিসেবে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া এখন বিশ্বে ৪৯তম ব্যাঙ্ক। সম্পদের হিসেবে বিশ্বের এক নম্বর ব্যাঙ্ক এখন হল ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড কমার্শিয়াল ব্যাঙ্ক অফ চায়না' স্বাধীনতার পূর্বে ভারতবর্ষে ৬০০ খানার মত (ছোট ছোট বেসরকারি ব্যাঙ্ক ছিল। তারমধ্যে কিছু উল্লেখযোগ্য নাম ছিল এলাহাবাদ ব্যাঙ্ক (১৮৬৫), পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক (১৮৯৪), ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (১৯০৬), কানাড়া ব্যাঙ্ক (১৯০৬), ব্যাঙ্ক অফ বরোদা (১৯০৮), সেন্ট্রোল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (১৯১১)। স্বাধীনতার পর ১৯৫৫ সালে প্রথম সরকারি বাণিজ্যিক ব্যাঙ্ক স্টেটব্যারে আত্মপ্রকাশের পর ১৯৬৯ সালে ভারতবর্ষে আবার ১৪টি ব্যারে জাতীয়করণ করা হয়। ব্যাঙ্ক গুলি হল এলাহাবাদ ব্যাঙ্ক ব্যাক অফ ইন্ডিয়া, ব্যাঙ্ক অফ বরোদা, ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র, সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, কানাড়া ব্যাঙ্ক, দেনা ব্যাঙ্ক, ইন্ডিয়ান ওভারসীজ ব্যান, হিয়ান ব্যাঙ্ক, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, সিন্ডিকেট ব্যাঙ্ক, ইউনিয়ন ব্যাঙ্ক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাঙ্ক। ইউনাইটেড কমার্শিয়াল ব্যাঙ্ক পরবর্তীকালে ১৯৮৫ সালের ৩০ ডিসেম্বর থেকে ইউকো ব্যান নামে পরিচিত হয়। এই নাম বদলের একটি কারণও ছিল। আমাদের প্রতিবেশী দেশ বাংলাদেশেও ইউনাইটেড কমার্শিয়াল ব্যাঙ্ক নামে একটি ব্যাক ছিল, তাই আন্তর্জাতিক ব্যাঙ্কিং আঙ্গিনায় দু'টি ব্যাঙ্কেরর একই নাম থাকায় লেনদেনে খুব অসুবিধা হত এবং সেজন্যই ভারত সরকার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাঙ্কের নাম পরিবর্তন করে ইউকো ব্যাঙ্ক করে নেয়। উল্লেখ্য নতুন চোদ্দটি সরকারি ব্যাঙ্কের মধ্যে তিনটি ব্যাঙ্ক যেমন এলাহাবাদ ব্যাঙ্ক, ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়া এবং ইউকো ব্যাঙ্কের হেড অফিস ছিল কলকাতায়। এখন শুধু ইউকো ব্যাঙ্কের হেড অফিস কলকাতায় আছে। বাকি দু'টি ব্যাঙ্কের সংঘুক্তিকরণের ফলে তাদের হেড অফিস অন্যত্র চলে গেছে।

তারপর ১৯৮০ সালে আবার ছটি ব্যাঙ্কের জাতীয়করণ করা হয়। ব্যাঙ্ক গুলি হল অন্ত ব্যাঙ্ক, কর্পোররেশন ব্যাঙ্ক, নিউ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, ওরিয়েন্টাল ব্যাঙ্ক অফ কমার্স, পাঞ্জাব এন্ড সিন্ধ ব্যাঙ্ক এবং বিজয়া ব্যাঙ্ক এইভাবে ভারতীয় ব্যাঙ্ক ব্যবস্থায় কুড়িটি ব্যাঙ্কের জাতীয়করণ একটি যুগান্তকারী ঘটনা হিসেবে ইতিহাসে স্থান পায়। ব্যাঙ্ক জাতীয়করণের ফলে গ্রামে গ্রামে হাজার হাজার ব্যাঙ্কের শাখা খোলা হয়। হাজার হাজার শিক্ষিত ছেলেমেয়েরা ব্যাঙ্কে চাকরি পায়। সাধারণ মানুষ ব্যাঙ্কে আমানত রাখার সুযোগ পায়। সাধারণ মানুষের আমানত ব্যাঙ্কে সুরক্ষিত থাকে। কৃষক থেকে শুরু করে ছোট ছোট উদ্যোমীদের, ব্যবসায়ীদের সরকারি ব্যাঙ্ক থেকে কম সুদে সহজ শর্তে ঋণ দেয়া হয়। এইভাবে সুদখুরদের হাত থেকে গ্রামীণ কৃষক ও সাধারণ জনতা কিছুটা স্বস্তি পায়। এতদিন বেসরকারি ব্যাঙ্ক থেকে মূলত সমাজের বিভবান শ্রেণিরা বেশি বেশি করে ব্যাঙ্কিং সুবিধা পেত কিন্তু ব্যাঙ্ক জাতীয়করণ বা সরকারি হওয়ার পর সাধারণ নিম্নবিত্তের মানুষেরাও ব্যাঙ্কিং সুবিধা পেতে লাগল।

১৯৮০ সালে জাতীয়করণ হওয়া নিউ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ১৯৯৩ সালে সরকারি ব্যাঙ্ক পাঞ্জাব ন্যাশনাল ব্যানের সাথে সংযুক্ত হয়। তারপর ২০১৮ সালের ১৭ সেপ্টেম্বর সরকারি ব্যাঙ্ক 'ব্যাঙ্ক অফ বরোদা'র সাথে দু'টি অপেক্ষাকৃত ছোট সরকারি ব্যাঙ্ক 'দেনা ব্যাঙ্ক' এবং "বিজয়া ব্যাঙ্কের সংযুক্তিকরণ ঘটে।

তারপর ২০২০-২১ সালে ১০টি জাতীয়কৃত বা সরকারি ব্যাঙ্ক সংযুক্তিকরণের মাধ্যমে চারটি সরকারি ব্যাঙ্কে পরিণত হয়। কানাড়া ব্যাঙ্কের সাথে সিন্ডিকেট ব্যাঙ্কের, ওরিয়েন্টাল ব্যাঙ্ক অফ কমার্স এবং ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার সাথে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, ইন্ডিয়ান ব্যানের সাথে এলাহাবাদ ব্যাঙ্ক, অন্ধ ব্যাঙ্ক এবং কর্পোরেশন ব্যাঙ্কের সাথে ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার সংযুক্তিকরণ ঘটে। এই মেগা সংযুক্তিকরণের ফলে এখন ভারতবর্ষে একসময়ের ২৮টি পারিক সেক্টর বা সরকারি ব্যাঙ্কের জায়গায় ১২টি পারিক সেক্টর বা সরকারি ব্যাঙ্ক সারা দেশ ব্যাপী এবং বিদেশেও ব্যাঙ্কিং পরিবেষা দিয়ে যাচ্ছে এবং ব্যাঙ্কিং ব্যবসা করে মুনাফা কামাচ্ছে।

বর্তমানে ১২টি পারিক সেক্টর বা সরকারি ব্যাঙ্ক গুলি হল সেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, ব্যাক অফ বরোদা, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, কানাড়া ব্যাঙ্ক, ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, ইন্ডিয়ান ওভারসিজ ব্যাক, ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র, পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক এবং ইউকো।

উল্লেখ্য ২০১৭-১৮ বিভতীয় বর্ষে যেখানে পারিক সেক্টর বা সরকারি ব্যাঙ্ক গুলির নিট ক্ষতির পরিমাণ ছিল ৮৫,৩৯০ কোটি রুপি, সেই তুলনায় ২০২২-২৩ বিত্তীয় বর্ষে সংযুক্তিকরণ হওয়ার পর ১২টি পাব্লিক সেক্টর বা সরকারি ব্যাঙ্কগুলির নিট মুনাফা ১০,৪, ৬৪১ কোটি রুপিতে দাঁড়িয়েছে। অবশ্য এই নিট মুনাফার পঞ্চাশ শতাংশের মতো স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অবদান। এই যে পাঁচ বছর সময় কালে ভারতের সরকারি ব্যাঙ্কগুলির মধ্যে হয়ত আরো সংযুক্তিকরণ হবে কারণ সরকার চার ভারতের সরকারি ব্যাঙ্কিং মানচিত্রে স্টেট ব্যাঙ্কের মত বৃহৎ ও শক্তিশালী চারটির মত সরকারি ব্যাঙ্ক থাকবে যে ব্যাঙ্কগুলি কিনা সম্পদের নিরিখে বিশ্বের একশোটা ব্যাঙ্কের মধ্যে এসে যাবে। তাছাড়া শেয়ার বাজারে প্রতিটি সরকারি ব্যাঙ্কের শেয়ারেরও মূল্য বাড়ছে। তাই যাঁদের সরকারি ব্যাঙ্কের শেয়ার লগ্নি করা আছে, তাঁরা যেমন একদিকে ডিভিডেন্ট বা লভ্যাংশ পাবেন বা পাচ্ছেন, অন্যদিকে শেয়ার বাজারে শেয়ারের বালু বা মূল্য বাড়ার ফলে লগ্নিকৃত রাশিও বৃদ্ধি পাচ্ছে বা পাবে।

> **বর্তমানে ১২টি পাব্লিক সেক্টর বা সরকারি ব্যাঙ্কগুলি হল স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডয়া, ব্যাঙ্ক অফ বরোদা, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, কানাড়া ব্যাঙ্ক, ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, ইন্ডিয়ান ব্যাঙ্ক, ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক, ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র, পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক এবং ইউকো ব্যাঙ্ক।**

তাছাড়া দেশের গ্রামীণ ব্যাঙ্কগুলিও সরকারি বাঙ্কের আওতায় পড়ে। ১৯৭৫ সালে সরকারি গ্রামীণ ব্যাঙ্কেরর যাত্রা শুরু হওয়ার পর সারাদেশের বিভিন্ন জেলায় ১৯৬টির মত গ্রামীণ ব্যাঙ্ক ছিল যা কিনা গত বছরগুলিতে বেশ কয়েকবার সংযুক্তিকরণের পর ৪৩টি গ্রামীণ ব্যাঙ্কে এসে দাঁড়িয়েছে। এখন সরকারের লক্ষ্য হল একটি রাজ্যে একটি গ্রামীণ ব্যাঙ্ক। গ্রামীণ ব্যাঙ্কগুলিতেও সরকারি পুঁজি ঢেলে, সংস্কার সাধন করে ও উন্নত প্রযুক্তি ব্যবহার তরে গ্রামীণ ব্যাঙ্ক গুলিকেও শক্তিশালী করে তোলার পরিকল্পনা বাস্তবায়ন হচ্ছে। গ্রামীণ ব্যাঙ্কগুলিতে আগামী দিনে হয়ত আরো সংসুক্তিকরণ হবে কারণ অনেক রাজ্যে এখনও একের বেশি গ্রামীণ ব্যাঙ্ক আছে। গত শতাব্দীর অর্থাৎ বিংশ শতাব্দীর নব্বই দশকের প্রথম দিকে ভারত সরকারের অর্থনৈতিক উদারীকরণের লক্ষ্যে রির্জাভ ব্যাঙ্ক কিছু নতুন বেসরকারি ব্যাঙ্ককে লাইসেন্স দিতে শুরু করে। জন্ম হয় নব প্রজন্মের প্রযুক্তি নির্ভর কয়েকটি ব্যাঙ্কের। ব্যাঙ্কগুলি হল প্লোবাল ট্রাষ্ট ব্যাঙ্ক, ইউটিআই ব্যাঙ্ক, ইন্ডাসইন্ড ব্যাঙ্ক আইসিআইসিআই ব্যাঙ্ক, এইচ ডি এফসি ব্যাঙ্ক ইত্যাদি। ইউটিআই ব্যাঙ্কের নাম পরবর্তীকালে পরিবর্তিত হয়ে অ্যাক্সিস ব্যাঙ্ক হয়ে যায়। শুরুতেই গ্লোবাল ট্রাষ্ট ব্যাঙ্ক পতনের সম্মুখীন হওয়ার ব্যাঙ্কটিকে সরকারি ব্যাঙ্ক ওরিয়েন্টাল ব্যাঙ্ক অফ কমার্সের সাথে সংযুক্ত করা হয়। ছোট ছোট বেসরকারি ব্যাঙ্ক যেমন ব্যাঙ্ক অফ মাদুরা, ব্যাঙ্ক অফ রাজস্থান এবং মহারাষ্ট্রের সাগলি ব্যাঙ্কের বিভিন্ন সময়ে আইসিআইসিআই ব্যাঙ্কের সাথে সংযুক্তিকরণ ঘটে। এইভাবে আইসিআইসিআই ব্যাঙ্ক বড় হতে থাকে এবং ভারতের ব্যাঙ্কিং আঙ্গিনায় বেসরকারি ব্যাঙ্কি- এর প্রসারণ ঘটতে থাকে।

বসরকারি ব্যাঙ্কের মধ্যে আরেকটি ব্যাঙ্ক সেঞ্চুরিয়ন ব্যাঙ্ক অফ পাঞ্জাবের সাথে বিভিন্ন সংযুক্ত হয়েছিল। ব্যাকগুলি হল ভারতে অবস্থিত বিদেশি মাসকেট ব্যাঙ্ক ২০০৩ সালে, ব্যাঙ্ক অফ পাঞ্জাব লিমিটেড ২০০৫ সালে এবং লর্ড কৃষ্ণ ব্যান ২০০৭ সালে। ২০০৮ সালে সেঞ্চুরিয়ন ব্যাঙ্ক অফ পাঞ্জাব আবার নব প্রজন্মের শক্তিশালী বেসরকারি ব্যাঙ্ক এইচডিএফসি ব্যাঙ্কের সাথে সংযুক্ত হয়ে যায়। তার আগে ২০০০ সালে ছোট্ট একটি বেসরকারি ব্যাঙ্ক টাইমস্ ব্যাঙ্ক লিমিটেড এইচডিএফসি ব্যাঙ্কের সাথে সংযুক্ত হয়েছিল। আর এই সেদিন ৩০ জুন, ২০২৩ শুক্রবার এইচডিএফসি ব্যাঙ্ক এবং এইচডিএফসি ব্যাঙ্কের প্রোমোটার দেশের বৃহত্তম গৃহঋণ সংস্থা এইচডিএফসি (হোউসিং ডেভেলাপমেন্ট ফিনান্স কর্পোশেন)-এর বোর্ড অফ ডিরেক্টরস্ এই দু'টি সংস্থার (এইচডিএফসি ব্যাঙ্ক ও এইচডিএফসি) সংযুক্তিকরণ প্রস্তাবে ১ জুলাই, ২০২৩ থেকে অনুমোদন প্রদান করে।

আসলে এই সংযুক্তিকরণ ভারতের ব্যাঙ্কিং ইতিহাসে নিঃসন্দেহে একটি অতি গুরুত্বপূর্ণ ঘটনা হিসেবে চিহ্নিত হয়ে থাকবে কারণ ভারতের ব্যাঙ্কিং আঙ্গিনায় এই সংযুক্তিকরণের ফলে এইচডিএফসি ব্যাঙ্ক এখন মার্কেট ক্যাপিটেলাইজেশন বা মোট শেয়ার সম্পদের নিরিখে বিশ্বের চতুর্থ ব্যাঙ্কের স্বীকৃত পেল। সংযুক্তিকরণের পর এইচডিএফসি ব্যাঙ্কের মার্কেট ক্যাপিটেলাইজেশন দাঁড়িয়েছে ১৮০ বিলিয়ন মার্কিন ডলার বা ১৪.৭৩ ট্রিলিয়ন রুপি। মার্কেট ক্যাপিটেলাইজেশন হল একটি শেয়ারের মূল্যকে একটি ব্যাঙ্ক বা কোম্পানির যতসংখ্যক শেয়ার বাজারে ছাড়া আছে, তা দিয়ে গুণ করলে পাওয়া যায়। মার্কেট ব্যাঙ্ক হল জেপি মর্গান চেজ অ্যান্ড কোম্পানি যার মার্কেট ক্যাপিটেলাইজেশন হল ৪১৯ বিলিয়ন মার্কিন ডলার। দিতীয় হল ব্যাঙ্ক অফ আমেরিকা কর্পোররেশন যার মার্কেট ক্যাপিটেলাইজেশন হল ২২৮ বিলিয়ন মার্কিন ডলার এবং তৃতীয় হল ইনভায়াল অ্যান্ড কমার্শিয়াল ব্যাংক অফ চায়না যার মার্কেট ক্যাপিটেলাইজেশন হল ২২৩ বিলিয়ন মার্কিন ডলার।

২০২৩ সালের ১ মার্চ ভারতে অবস্থিত বিদেশি ব্যাঙ্ক সিটি ব্যাঙ্কের কনজিউমার বিজনেস এবং ননব্যাঙ্কিং সংস্থা সিটিকর্প ফিনান্স ইন্ডিয়া লিমিটেড ভারতের প্রথম সারির নবপ্রজন্মের বেসরকারি ব্যাঙ্ক ত্যাক্সিস ব্যাঙ্কের সাথে সবযুক্ত হয়। ২০১৪-১৫ সালে রিজার্ভ ব্যাঙ্ক ভারতবর্ষে ১১টি পেমেন্ট ব্যাঙ্কের লাইসেন্স দেয়, দশটা স্মল ফাইনানস ব্যাঙ্কের লাইসেন্স দেয় এবং দু'টো ইউনিভার্সাল ব্যাঙ্কের লাইসেন্স দেয় যার মধ্যে আছে কলকাতার বন্ধন ব্যাঙ্ক এবং মুম্বাইর আইডিএফসি ফার্ট ব্যাঙ্ক। ২০২৩ সালের ৩ জুলাই আইডিএফসি ফার্ট ব্যাঙ্কের সাথে আইডিএফসি ফার্ট ব্যাঙ্কের মূল কোম্পানি বা অভিভাবক কোম্পানি আইডিএফসি (ইনফস্ট্রাকচার ডেভেলাপমেন্ট ফিনান্স (কোম্পানি) এর সংঘুক্তিকরণ অনুমোদন লাভ করেছে। এই সংযুক্তিকরণ এর কিছুটা আইসিআইসিআই ব্যাঙ্ক ও এইচডিএফসি ব্যাঙ্কে ঘটে যাওয়া সংযুক্তিকরণের মতই ব্যাপার। এদিকে এইচডিএফসি লিমিটেডের সহযোগী সংস্থা গুজরাট রুরেলত্ত হাউসিং ফিনান্স কর্পোপেশন ১ জানুয়ারি ২০১৯ থেকে কলকাতায় হেড অফিস থাকা বেসরকারি ব্যাঙ্ক বন্ধন ব্যাঙ্কের সাথে সংযুক্ত হয়ে যায় এবং তার ফলে বন্ধন ব্যাঙ্ক নিজের ব্যাঙ্কে প্রোমটারদের শেয়ার হোল্ডিং অনেকটা কমাতে সক্ষম হয়। এইভাবে ভারতের ব্যাঙ্কিং আঙ্গিনায় সরকারি বেসরকারি সব ক্ষেত্রে একটার পর একটা সংযুক্তিকরণ এবং অধিগ্রহণ চলছে। এইভাবে দেশের অর্থনীতি শক্তিশালী ও উন্নত হওয়ার সাথে সাথে ভারতের ব্যাঙ্কিং ব্যবস্থাও সংযুক্তিকরণ ও অধিগ্রহণের মাধ্যমে বিশাল আকার ধারণ করে এগিয়ে যাচ্ছে। কারণ অর্থনীতি ও ব্যাঙ্কিং ব্যবস্থা পরস্পরের পরিপূরক। ভারত এখন ৩.৭৫ টিয়ন ডলারের অর্থনীতি এবং বিশ্বের পঞ্চম বৃহত্তম অর্থনীতি। তাই ভারতের অর্থনীতিকে এগিয়ে নিয়ে যেতে গেলে ভারতের ব্যাসং ব্যবস্থার মাধ্যমে দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডে পুঁজি বা অর্থ বিনিয়োগ করে দেশের জিডিপি বা মোট অভ্যন্তরীণ উৎপাদন বাড়াতে হবে। তাই গত কয়েক বছর ধরে ভারতের সরকারি ব্যাঙ্ক গুলিতে পুঁজি ঢেলে, কিছু কিছু সংস্কার সাধন করে এবং সংঘুক্তিকরণের মাধ্যমে ভারতীয় ব্যাঙ্কিং ব্যবস্থাকে বেশ শক্তিশালী করা হয়েছে। এখন কামাচ্ছে, এনপিএ বা অনুৎপাদক সম্পদ কমে গিয়ে ২৩ শতাংশে দাঁড়িয়েছে। তাছাড়া ব্যাঙ্কগুলিতে এখন ঝুঁকিপূর্ণ সম্পদের তুলনায় পর্যাপ্ত পরিমাণে পুঁজি আছে। ব্যাঙ্ক গুলিতে সময়ের সাথে প্রযুক্তির ব্যবহার বাড়ছে এবং প্রযুক্তির ক্ষেত্রে নতুন ও উন্নত ভার্সন বা সংস্করণ ব্যবহার করা হচ্ছে। তবে ব্যাঙ্কিং ব্যবস্থায় প্রযুক্তির ব্যবহার বাড়ার সাথে সাথে সাইবার সিকিউরিটি সংক্রান্ত ঝুঁকিও বেড়ে যাচ্ছে যা কিনা সাধারণ গ্রাহককে ক্ষতির মুখে ঠেলে দিচ্ছে। ব্যাঙ্কে এই ঝুঁকি নিয়ন্ত্রণের কাজটিও সঠিকভাবে করে গ্রাহকদের জন্য সুরক্ষিত পরিষেবার ব্যবস্থা করতে হবে। এটিই হবে আজকের দিনে ভারতীয় ব্যাঙ্কিং ব্যবস্থার একটি বড় চ্যালেঞ্জ। পরিশেষে বলি, কলকাতা থেকে শুরু হওয়া গত ২৫০ বছরের ভারতীয় ব্যঙ্কিংব্যবস্থায় জন্মলগ্ন থেকেই একদিকে যেমন নতুন নতুন ব্যাঙ্কের সৃষ্টি হচ্ছে অন্যদিকে তেমনি অন্তহীনভাবে ভারতীয় ব্যাঙ্ক গুলির মধ্যে সংযুক্তিকরণ এবং অধিগ্রহণ ঘটে চলেছে এবং ভারতের সরকারি এবং বেসরকারি ব্যাঙ্ক গুলি বৃহদাকার ধারণ করে আরো শক্তিশালী হয়ে এগিয়ে যাচ্ছে। আশাকরি ভবিষ্যতে বিদেশের মাটিতেও ভারতের শক্তিশালী ব্যাঙ্কগুলি বিদেশের কিছু কিছু ব্যাঙ্ক নিজেদের সাথে সংযুক্ত করে বা অধিগ্রহণের মাধ্যমে ভারতের সমগোত্রীয় হয়ে উঠবে।

**(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)**

# মহাবিশ্বের রহস্যে রায়চৌধুরীর সূত্র

পদার্থবিজ্ঞানে নোবেল পেলেন বিজ্ঞানী রজার পেনরোজ। ব্ল্যাক হোলের উতত্তির রহস্য সন্ধানে যুগান্তকারী কাজের স্বীকৃতি হিসাবে। আইনস্টাইনের সাধারণ আপেক্ষিকতা সূত্রের এক অমোঘ ভবিষ্যতব্ল্যাক হোলের জন্ম, এমনটাই পেনরোজ- এর প্রতিপাদ্য। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের এই ইংরেজ অধ্যাপক ১৯৮৮ সালে স্টিফেন হকিংয়ের সঙ্গে পদার্থবিজ্ঞানে উলফ পুরস্কারও পেয়েছিলেন।

আজ থেকে কোটি কোটি বছর পরে, তারাদের জ্বালানি শেষ হয়ে যাবে। বিশ্বব্রহ্মাণ্ড হয়ে উঠবে মৃত তারকাদের সমাধিভূমি। সূর্যও নিবে যাবে। পৃথিবীও বিলুপ্ত হবে। প্রাণের চিহ্নহীন মহাবিশ্বে নামবে ভয়াবহ শীতলতা। সেই প্রেক্ষাপটেই রজার পেনরোজ-এর "কনফর্মাল সাইক্লিক কসমোলজি" মডেল। লক্ষ কোটি কৃষ্ণগহ্বরের সেই শীতলতার মধ্যেই হঠাতসেখানে শুরু হবে ভুট্টার খই ফোটার মতো ছোট্ট ছোট্ট বিস্ফোরণ। রজার পেনরোজ বিস্ফোরণের (এক্সপ্লোড)-এর বদলে খই ফোটা (পপ) বলা বেশি পছন্দ করেছেন। এই সব ব্ল্যাক হোলগুলির ফুটে ওঠা আগামী মহাবিশ্বের জন্য প্রয়োজনীয় মহাবিস্ফোরণের (বিগ ব্যাং) শক্তি একত্রিত করবে। এই ভাবে এক কল্পের শেষে সূচিত হবে আর এক কল্প (ত্রদ্রদ্র বা ইওন)। "কনফর্মাল সাইক্লিক কসমোলজি" নিউটন আর আইনস্টাইনের পরে মহাবিশ্বকে বোঝার জন্য এক নতুন ভিত্তি।

এই কনফর্মাল সাইক্লিক কসমোলজিতে এক কল্পের শেষে সময় থেমে যায়, তাই স্থানেরও কোনও মানে থাকে না। কল্পান্তে কোনও বস্তু বা ভরও থাকে না। এই কল্পান্তের একমাত্র ব্যতিক্রম "হকিং পয়েন্ট"। যেখানে বিগত কল্পের কোনও অতিবিশাল কৃষ্ণগহ্বর থেকে হকিং বিকিরণ পরিলক্ষিত হয়। এগুলি গত কল্পের কোনও গ্যালাক্সি ক্লাস্টার, যা ক্ষয় হতে হতে একটি মাত্র হকিং বিন্দুতে পরিণত হয়েছে। এই বিন্দুগুলি সরাসরি দেখা না গেলেও শক্তিপুঞ্জের অনুভব হয়। ৩,৮০, ০০০ বছর আগের এমনই এই বিন্দু উষ্ণতার উত হিসেবে অধুনা প্রকাশিত, যা পূর্ণিমার চাঁদের চেয়ে আট গুণ বড়। বাস্তব হল, হকিং পয়েন্ট বিগত কল্পেরই স্মৃতিচিহ্ন। এর নাম "পেনরোজ-হকিং সিঙ্গুলারিটি থিয়োরেম"। সাধারণ আপেক্ষিকতাবাদ থেকে এই উপপাদ্যের মাধ্যমে বিভিন্ন পরিস্থিতিতে মহাকর্ষ বল থেকে সিঙ্গুলারিটি তৈরি হওয়ার ব্যাখ্যা দেওয়া যায়। "সিঙ্গুলারিটি" হল মহাকর্ষ বলের সেই ঘনীভূত অবস্থা, যেখানে স্থান আর কাল মিলেমিশে একাকার। এই আবিষ্কারের মূলে আছে কলকাতার এক বিজ্ঞানীর গাণিতিক সূত্র। বিশ্বের বিজ্ঞানী মহলে সেটি রায়চৌধুরী'জ ইকুয়েশনবলে সমাদৃত।

১৯৭৩ সালে স্টিফেন হকিং এবং জি এফ আর অ্যালিস একটি বই লেখেন, "দ্য লার্জ স্কেল স্ট্রাকচার অব স্পেস-টাইম"। কেমব্রিজ ইউনিভার্সিটি প্রেস থেকে প্রকাশিত এই বই পদার্থবিদ্যার প্রাচীন বনিয়াদ অনেকটাই নড়িয়ে দিয়েছিল। এই পুস্তকের চতুর্থ অধ্যায়, "দ্য ফিজিক্যাল সিগনিফিক্যান্স অব কারভেচার"-এর একেবারে প্রথম প্যারাগ্রাফেই আছে রায়চৌধুরী সূত্রের উল্লেখ। ফিলাডেলফিয়ার "সোসাইটি ফর ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড অ্যাপ্লায়েড ম্যাথামেটিক্স" থেকে ১৯৭২ সালে প্রকাশিত হয় রজার পেনরোজ-এর গ্রন্থ "টেকনিকস অব ডিফারেনশিয়াল টোপোলজি ইন রিলেটিভিটি"। সেই রচনাতে পেনরোজ উল্লেখ করেছেন রায়চৌধুরীর কাজের কথা।

কলকাতার প্রেসিডেন্সি কলেজের সেই মাস্টারমশাইয়ের নাম অমলকুমার রায়চৌধুরী। ছাত্রদের একান্ত প্রিয় অধ্যাপক "একেআর" তাঁর জীবনে সেই সম্মান পাননি। সাধারণ আপেক্ষিকতাবাদের নির্ভুল সম্পূর্ণ সমাধানের উদ্দেশ্যে রায়চৌধুরী এনেছিলেন তাঁর ইকুয়েশন। এই সমীকরণ সিঙ্গুলারিটি-কে অঙ্কের সূত্রে বেঁধেছিল, যেখানে প্রকৃতির সাধারণ সব হিসাব-নিকাশ আর কাজ করে না। মহাকর্ষ বলের আওতায় যে মহাবিশ্বের যে কোনও দু"টি ভরশক্তি পতিত হবে, এই সাধারণ প্রত্যাশাকে গাণিতিক প্রমাণ দিয়েছিল রায়চৌধুরীর সূত্র। ধীরে ধীরে দেখা গেল, "জেনারেল রিলেটিভিটি" সমস্যার সঙ্গে সঙ্গে এই সূত্র কোয়ান্টাম গ্র্যাভিটি, স্ট্রিং থিয়োরি এবং সেই সঙ্গে হাইড্রোডায়নামিক্স এর বহু দিগন্ত উন্মোচন করছে।

অমলবাবু তখন কলকাতার "ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর কালটিভেশন অব সায়েন্স"-এর সায়েন্টিফিক অফিসার। দেশভাগের পর পূর্ববাংলার বরিশাল জেলার উদ্বাস্তু ছেলে তখন ভাগ্যসন্ধানী। ১৯৫৩ সালের ২১ এপ্রিল "ফিজিক্যাল রিভিউ" পত্রিকায় গবেষণাপত্রটি জমা দিয়েছিলেন তিনি। প্রথম দিকে সূত্রগুলির প্রমাণ না থাকায় নির্ণায়কদের বুঝতে অসুবিধে হচ্ছিল। কয়েক বার প্রশ্ন-উত্তর চলার পরে মনোনীত হল গবেষণাপত্রটি। প্রকাশ পেল ১৯৫৫ সালের ১৫ মে সংখ্যায়।

পেনরোজ বা অন্য বিজ্ঞানীরা যাকে "ইওন" বা কল্প বলছেন, তা এক নতুন ভাবনার সূচনা করেছে। সেই ভাবনা বিজ্ঞানের সীমানা ছাড়িয়ে দর্শনের প্রাঙ্গণে এসে গেছে। কল্পের শেষে যে শূন্যতা, তা কি নাস্তিকতাকে নিশ্চিত করে, না কি "অজো নিত্যঃ শাশ্বতোয়ং পুরাণো ন হন্যতে হন্যমানে শরীরে" জন্মরহিত শাশ্বত, নিত্য এবং পুরাতন হলেও চিরনবীন অস্তিত্বের তত্ত্বকেই প্রতিষ্ঠিত করে? ভারতবর্ষ এই প্রশ্নের উত্তর বহু প্রাচীন কাল থেকে খুঁজছে। উপনিষদের উপলব্ধি আজকের যুগের উপযোগী করে উপস্থাপন করেছিলেন রবীন্দ্রনাথ ঠাকুর।

মহাজাগতিক কণা খোঁজার পর্যায়ে অ্যাক্সিলারেটরের ভূমিকা একান্ত গুরুত্বপূর্ণ। মহাবিশ্বের রহস্য সমাধানে নিউক্লিয়ার অ্যাস্ট্রোফিজিক্স, অবআণবিক কণার গবেষণা এই যন্ত্রের মাধ্যমে সম্ভব হয়েছে।

স্যর পেনরোজ ২০১১ সালের ৪ জানুয়ারি ভারতে এসেছিলেন। জানিয়েছিলেন তাঁর গবেষণা-সংক্রান্ত বক্তব্য। কলকাতার সাহা ইনস্টিটিউটে দেওয়া বক্তৃতায় তিনি উল্লেখ করেছিলেন অমলকুমার রায়চৌধুরীর অসামান্য কাজের কথা।

**সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।**

# ‘কালীঘাটের কাকু’র কণ্ঠস্বর পরীক্ষা করানোর ইডি-আরজিতে সায় হাই কোর্টের



কলকাতা, ২০ জুলাই (হি.স.) : কালীঘাটের কাকু’ ওরফে সুজয়কৃষ্ণ ভদ্রের আবেদন এবারেও মঞ্জুর করল না কলকাতা হাই কোর্ট। কণ্ঠস্বর নমুনার পরীক্ষার উপর স্থগিতাদেশ চেয়ে আবেদন করেন তিনি। তাঁর আবেদন খারিজ করে দেয় উচ্চ আদালত।

বৃহস্পতিবার তীর্থঙ্কর ঘোষের একক বেঞ্চের নির্দেশ, নিম্ন আদালতের নির্দেশে ‘কালীঘাটের কাকু’র কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ করতে পারবে ইডি। তদন্তের স্বার্থে এখনই এতে হস্তক্ষেপ করবে না আদালত। হাই কোর্টের মতে, তদন্তের এই পর্যায়ে এসে আদালত নমুনা সংগ্রহের উপর কোনও বাধা দিতে চাইছে না। তবে এই নমুনা তথ্যপ্রমাণ হিসাবে ব্যবহার করা হবে কি না পরবর্তীতে আদালত তা বিবেচনা করবে।

আগে নানা সময় আদালতে মান্যতা পায়নি ‘কালীঘাটের কাকু’র আরজি। বৃহস্পতিবার তাঁর আইনজীবী কিশোর দত্তের সওয়াল, এ ভাবে কণ্ঠস্বর নমুনা সংগ্রহ এবং পরীক্ষা করার নির্দেশ দেওয়া যায় না। আইন মোতাবেক এই ভাবে অনুমতি দেওয়া হয় কিনা তা প্রশ্ন রয়েছে। এসএসসি নিয়োগ দুর্নীতির তদন্তে নিম্ন আদালত ইডিকে কণ্ঠস্বর নমুনা সংগ্রহের নির্দেশ দিয়েছে। বিশেষ পরিস্থিতিতে বা জনগণের নিরাপত্তার স্বার্থে কণ্ঠস্বর নমুনা সংগ্রহের অনুমতি দেয় কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক।

বিচারপতি ঘোষের পর্যবেক্ষণ, নমুনা পরীক্ষার পদ্ধতি নিয়ে প্রশ্ন তোলা যেতে পারে? কিন্তু নিম্ন আদালতের বিচারকের নির্দেশের উপর কেন হাই কোর্ট হস্তক্ষেপ করবে তা পরিস্কার নয়! তদন্তের প্রয়োজনের স্বার্থে এই নির্দেশ দেওয়া হয়ে থাকতে পারে। বিচারপতির পর্যবেক্ষণ, বেআইনি ভাবে নমুনা সংগ্রহ করা হলে তা নিয়ে এই আদালতের মতামত থাকতে পারে।

কিন্তু তদন্তের প্রয়োজনে কোনও নমুনা সংগ্রহের নির্দেশে হস্তক্ষেপ করবে না।

পাশাপাশি, বিচারপতি ঘোষ জানান, এটা তথ্যপ্রমাণ হিসাবে ব্যবহার করা হবে কি না তা নিয়ে প্রশ্ন উঠতে পারে। কিন্তু ইডি কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ করতে পারবে। ইডির আইনজীবী ফিরোজ এডুলজির সওয়াল, সুজয়কৃষ্ণের কণ্ঠস্বরের নমুনা সংগ্রহ কী ভাবে হবে তা বোধগম্য নয়। প্যারোলে মুক্ত হওয়ার পরে তিনি হাসপাতালে ভর্তি গিয়েছেন। এসএসকেএম হাসপাতালে রয়েছেন।

এই মামলায় এই নমুনা খুবই গুরুত্বপূর্ণ। জেলের মধ্যে থাকলে নমুনা সংগ্রহের কাজ করতে পারবে ইডি। এই প্রসঙ্গে হাই কোর্ট জানায়, এ নিয়ে আদালত কোনও নির্দেশ দেবে না। নির্দিষ্ট বেঞ্চে গিয়ে আবেদন করতে পারবে ইডি।

## নন্দীগ্রামে ধৃত ১ ভিলেজ ও ২ বিজেপি কর্মী

পূর্ব মেদিনীপুর, ২০ জুলাই (হি. স.) : নন্দীগ্রামে গ্রেফতার হলেন ভিলেজ পুলিশ সঞ্জয় ওরফে রাজু গুড়িয়া। ধৃত ভিলেজ পুলিশও এলাকায় বিজেপি কর্মী হিসেবে পরিচিত। ভোট পরবর্তী হিংসায় গ্রেফতার করা হয়েছে আরও ২ জন বিজেপি কর্মীকে। সূত্রের দাবি, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশের কয়েক ঘণ্টার মধ্যে এদের গ্রেফতার করা হয়েছে।

নন্দীগ্রামে অশান্তিতে আহতদের বুধবারই দেখতে এসএসকেএমে গিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেখান থেকেই রাজুকে গ্রেফতারের নির্দেশ দিয়েছিলেন। এর কয়েক ঘণ্টার মধ্যেই ভিলেজ পুলিশকে গ্রেফতার করে পুলিশ।

ধৃতরা হলেন সঞ্জয় (রাজীব) গুড়িয়া, নটুবিহারী দাস এবং স্বপন বারিক। তিন জনই নন্দীগ্রাম এক নম্বর ব্লকের ভেকুটিয়া গ্রামপঞ্চায়েত এলাকার বাসিন্দা। এলাকার তৃণমূল কর্মীদের বাড়ি ভাঙচুর এবং মারধরের অভিযোগ তাঁদের বিরুদ্ধে।


তবে গুরুতর অভিযোগ রয়েছে সঞ্জয় গুড়িয়ার বিরুদ্ধে। ভেকুটিয়া এলাকার ভিলেজ পুলিশ হয়েও সঞ্জয় বিজেপি’র হয়ে তৃণমূল কর্মীদের ওপর হামলায় মদত দিয়েছেন বলে দাবি রাজ্যের শাসকদলের কর্মীদের। পুলিশি তকমা থাকার কারণে এলাকায় তাঁর দৌরাত্ম্য যথেষ্ট ছিল বলে গ্রামের বেশ কিছু বাসিন্দা জানিয়েছেন।

১১ জুলাই পঞ্চায়েত ভোট গণনার দিন ভেকুটিয়ায় রাতে তৃণমূল কর্মী, সমর্থকদের রাস্তায় ফেলে মারধরের ঘটনাতেও সঞ্জয় প্রত্যক্ষভাবে জড়িত বলেও অভিযোগ উঠেছে। বুধবার সন্ধ্যায় নন্দীগ্রাম বাসস্ট্যান্ড থেকে পুলিশ তাঁকে গ্রেফতার করে। সেদিন তৃণমূল কর্মী-সমর্থকদের উপর নুটুবিহারী দাস,স্বপন বারিক-সহ অনেকেই চড়াও হয়েছিলেন বলেও সরব হন ভেকুটিয়া গ্রামের মানুষ। নুটুবিহারী এবং স্বপনকে ভেকুটিয়া থেকে গ্রেফার করা হয়েছে।

তবে বিজেপি’র তমলুক সাংগঠনিক জেলার সাধারণ সম্পাদক, তথা শুভেন্দু অধিকারীর বিধানসভা নির্বাচনী এজেন্ট মেঘনাদ পাল অবশ্য দাবি করেছেন, “তৃণমূল পঞ্চায়েত ভোটে নন্দীগ্রামের মাটি খুইয়েছে। তাই মিথ্যা অভিযোগ দিয়ে বিজেপি কর্মী, সমর্থকদের গ্রেপ্তার করাচ্ছে। যাতে আমরা পঞ্চায়েত বোর্ড গড়তে না পারি সেজন্য এমন ভয়ের পরিবেশ তৈরি করা হচ্ছে। তবে স্থানীয় মানুষ আমাদের পাশে আছেন। তাঁরাও ঠিক সময় জবাব দিতে প্রস্তুত।”

ভেকুটিয়া অঞ্চল তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম জানান, এই গ্রেফতারের ঘটনাকে পূর্ণ সমর্থন করেছেন। তিনি বলেন, ”গত বিধানসভার ভোটের সময় থেকেই এরা এলাকায় দাপিয়ে বেড়াচ্ছিল। বহু তৃণমূল কর্মী বাড়িছাড়া। জখম হয়েছে। তাঁদের মারধরের ঘটনায় অভিযুক্তকে গ্রেফতার করায় পুলিশকে ধন্যবাদ।”

# মহারাষ্ট্রের রায়গড়ে ভূমিধসে ১০ জনের মৃত্যু; উদ্ধার ৭৫ জন, একনাথের সঙ্গে কথা অমিত শাহের



রায়গড়, ২০ জুলাই (হি.স.): মহারাষ্ট্রের রায়গড় জেলায় ভয়াবহ ভূমিধসের কবলে পড়ে প্রাণ হারালেন ১০ জন। এছাড়াও ২১ জন আহত হয়েছেন। কমপক্ষে ৭৫ জনকে উদ্ধার করা হয়েছে, এখনও বেশ কিছু মানুষ আটকে রয়েছেন বলেও আশঙ্কা করা হচ্ছে। বুধবার রাত এগারোটা নাগাদ রায়গড় জেলার খালাপুর তালুকের ইরশালওয়াড়ি গ্রামে ভূমিধসের ঘটনা ঘটে। ভারী বৃষ্টিপাতের কারণে অনেকগুলি বাড়ি হুড়মুড়িয়ে ভেঙে পড়ে। সেই বাড়িগুলির নীচে মানুষজন চাপা পড়ে যান। বৃহস্পতিবার ভোররাতে রায়গড় পুলিশ জানিয়েছে, ‘এখনও পর্যন্ত মোট ২২ জনকে উদ্ধার করা হয়েছে। এখনও বেশ কয়েকজন আটকে থাকার আশঙ্কা করা হচ্ছে। বর্তমানে পুলিশ ও জেলা প্রশাসনের শতাধিক কর্মকর্তা উদ্ধার কাজে নিয়োজিত রয়েছেন। আমরা এনডিআরএফ, স্থানীয় মানুষজন এবং কিছু এনজিও থেকে সাহায্য পাচ্ছি।’ এরপর বৃহস্পতিবার দুপুরে পুলিশ জানিয়েছে, ’ভূমিধসের কবলে পড়ে প্রাণ হারিয়েছেন ১০ জন। এছাড়াও ২১ জন আহত হয়েছেন। ৭৫ জনকে উদ্ধার করা হয়েছে। উদ্ধারকারীদের একজন হৃদরোগে আক্রান্ত হয়ে মারা গিয়েছেন।’ বৃহস্পতিবার সকালে ঘটনাস্থলে পৌঁছেছেন মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডে, সেখানে পৌঁছে প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে কথা বলেছেন তিনি। মহারাষ্ট্রের মন্ত্রী উদয় সামন্ত এবং দাদা ভুসেও খালাপুরের ইরশালওয়াড়িতে পৌঁছেছেন। মুম্বইয়ের কন্টোল রুম থেকে সামগ্রিক পরিস্থিতি সম্পর্কে অবগত হন মহারাষ্ট্রের উপ-মুখ্যমন্ত্রী অজিত পওয়ার। মৃতদের পরিবারপিছু ৫ লক্ষ টাকা করে আর্থিক ক্ষতিপূরণ ঘোষণা করেছেন মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী। রায়গড়ে ভূমিধসে প্রাণহানির ঘটনায় দুঃখপ্রকাশ করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তিনি মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডের সঙ্গে কথা বলেছেন। টুইট করে অমিত শাহ জানান, ’মহারাষ্ট্রের রায়গড়ে ভারী বৃষ্টির কারণে ভূমিধসের ঘটনায় মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডের সঙ্গে আমি কথা বলেছি। ৪টি এনডিআরএফ টিম ঘটনাস্থলে পৌঁছেছে এবং উদ্ধার অভিযান চালাতে স্থানীয় প্রশাসনের সঙ্গে কাজ করছে। মানুষজনকে উদ্ধার ও আহতদের চিকিৎসা প্রদান আমাদের অগ্রাধিকার।’

## প্যাকেজ ফি বাড়ছে, পুজোয় কমছে না বেড়ানোর চাহিদা

কলকাতা, ২০ জুলাই (হি. স.) : এক পুজো যেতে না যেতেই কেউ কেউ ভাবতে বসেন বছরের বেড়ানোর সম্ভাব্য সূচি নিয়ে। বলাই বাহুল্য, জুলই মাসটা এদিক থেকে সবচেয়ে গুরুত্বপূর্ণ। কারণ, পুজো আর শীতকাল দুটো মরশুমই এতে ধরার আশা থাকে। প্যাকেজ ফি বাড়ছে, কমছে না চাহিদা। বেড়ানোর যেমন জায়গার অভাব নেই, তেমনই অভাব নেই ভ্রমণ-ব্যবস্থাপকের। প্রায় পাশের পাড়ার আপাত অজানা আরশিনগর থেকে আছে সুমেরু-কুমেরুর মত দুর্গম স্থান। অবশ্যই জায়গা বুঝে দক্ষিণা। প্রায় ৩৫ হাজার টাকা দিয়ে গুজরাট সফর, তেমনই প্রায় ২০ হাজার টাকায় লে-লাদাখ, ৩৭ হাজার টাকায় করা যাবে আন্দামান সফর। ব্যবস্থাপনার কোনও চিন্তা করতে হবে না। সব দায়িত্ব সংস্থার।

নবীন ভ্রমণ-ব্যবস্থাপক ঋভু (শ্রায়ণ সেন)(ট্রাভেলিজম-ট্রাভেল ইজ আওয়ার রিলিজিয়ন) ইতিমধ্যেই নাম করেছেন অন্যরকম প্যাকেজ করায়। এই বছর এবং আগামী বছরের পুজোয় ওঁদের রয়েছে কেরল ট্যুর। বছর শেষে ঋভু নিয়ে যাচ্ছে রাজস্থান। সফরসূচিতে থাকছে- জয়পুর, অজমেঢ়, পুস্কর, চিতোরগড়, উদয়পুর, নাথদ্বার, হলদিঘাটি, কুম্ভলগড়, জোধপুর, জৈসলমের, বিকানের। বিশেষ আকর্ষণ হিসেবে থাকছে- চাঁদনী রাতে মরুভূমিতে টেন্টে রাত্রিবাস, উটে চড়া, রাজস্থানি লোকসংগীত-লোকনৃত্যের সন্ধ্যা। সঙ্গে থাকবে জিভে জল আনা রাজস্থানি খাবারদাবার। সব মিলিয়ে ভীষণ উপভোগ্য সফর হতে চলেছে... তবে আসন সংখ্যা ভীষণ সীমিত! কারণ ইতিমধেই ৬ জন নিজেদের উপস্থিতি নিশ্চিত করেছেন। আর ৫ জন এই সফরে যোগ দিতে পারেন। কারণ ঋভু খুব বেশি বড়ো গ্রুপ নিয়ে যেতে পছন্দ করে না।দেশের বাইরে ৫ রাত ছদিন ছোট্ট করে শ্রীলঙ্কায় ঘুরে আসতে পারেন। আছে ৬ রাত সাত দিন ‘জাদুর ভুটান’-এর হাতছানি। দক্ষিণ মাথাপিছু ৪০ হাজার টাকায়। আরও কম? আরও বেশি? আরও দূর? আরও কাছে? আছে আছে। সব আছে। আমাদের ধারণা নেই, এই বেড়ানোকে ঘিরে ফি বছর কত টাকা ঘুরপাক খায়।

# পরাজিত কংগ্রেস প্রার্থীর ভাইপোর দেহ উদ্ধার, উত্তেজনা মোথাবাড়িতে

মালদা, ২০ জুলাই (হি. স.) : এবার পরাজিত কংগ্রেস প্রার্থীর ভাইপোর পচাগলা দেহ উদ্ধার ঘিরে হইচই শুরু হল মালদার মোথাবাড়িতে। নিহতের নাম ইসকা হাবিব খান। বয়স ২৩ বছর। কালিয়াচক থানা এলাকার রেল লাইনের পাশ থেকে বৃহস্পতিবার তাঁর দেহ উদ্ধার হয়।ভাইপো রাজনৈতিক কারণে খুন হয়ে থাকতে পারে বলে অভিযোগ কাকা মাহাতাপ খানের। এবার পঞ্চায়েত ভোটে কংগ্রেসের টিকিটে লড়েছিলেন মাহাতাপ। তবে হেরে যান।

পরিবার সূত্রে খবর, গত ১৩ জুলাই সন্ধ্যায় বাড়ি থেকে বেরোন ইসকা হাবিব খান। তার পর থেকে আর কোনও খোঁজ ছিল না তাঁর। ১৫ তারিখ মোথাবাড়ি থানায় নিখোঁজ ডায়রি করেন পরিবারের লোকেরা। দু’’দিন বাদে, ১৭ জুলাই কুড়ি হাজার টাকা চেয়ে ফোন আসে বলে দাবি ইসকার কাকার। বিষয়টি মোথাবাড়ি থানাকে জানানো হয় বলেও দাবী তাঁর। তার পর আজ সকালে যুবকের মৃতদেহ উদ্ধার হয় রেললাইনের পাশ থেকে। রাজনৈতিক কারণে খুন হয়ে থাকতে পারে ভাইপো, অভিযোগ কাকার। এখনও পর্যন্ত যা খবর, তাতে পাঁচ জনকে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করেছে কালিয়াচক থানার পুলিশ। এবারের পঞ্চায়েত নির্বাচনের বিজ্ঞপ্তি জারির পর থেকে ভোটের দিন ও গণনার দিন পর্যন্ত ব্যাপক অশান্তির অভিযোগ উঠে এসেছে। রাজনৈতিক নেতা-কর্মীর পাশাপাশি আক্রান্ত হয়েছেন সাধারণ ভোটাররাও। এমনকি, বাদ যাননি রাজনৈতিক নেতা-কর্মীদের আত্মীয়রাও। সে দিক থেকে মালদার ঘটনা একেবারে উড়িয়ে দেওয়ার মতো নয়। তবে তদন্ত না হওয়া পর্যন্ত নিশ্চিত ভাবে কিছুই বলা সম্ভব নয়।

# কোথাও “কারচুপি”, কোথাও ব্যালট বিভ্রাট, বিডিওরা দায়ী কতটা



কলকাতা, ২০ জুলাই (হি. স.) : পঞ্চায়েত ভোট নিয়ে ভুরিভুরি অভিযোগ জমা পড়ছে। তার প্রেক্ষিতে, গত কয়েকদিনে বেশ কয়েকজন বিডিও-কে তলব করেছে কলকাতা হাইকোর্ট।পঞ্চায়েত ভোটে কারচুপির অভিযোগে, ইতিমধ্যেই বিডিও-দের বিরুদ্ধে পথে নেমেছে বিজেপি।

এবার ২১ জুলাই জেলায় জেলায় বিডিও অফিস ঘেরাওয়ের ডাক দিল তারা। তবে বিডিও-দের ভূমিকা নিয়ে শুধু যে বিরোধীরাই সরব, এমন নয়। এখনও পর্যন্ত ৬ জন বিডিওর থেকে রিপোর্ট তলব করেছে কলকাতা হাইকোর্ট। কাউকে কাউকে আদালতে হাজির হওয়ার নির্দেশও দেওয়া হয়েছে। হাবড়া ২ নম্বর ব্লকের দিঘরা মালিকবেড়িয়া গ্রাম পঞ্চায়েতের তিনটি বুথে, ভোটারের চেয়ে প্রদত্ত ভোটের সংখ্যা অনেক বেশি। মোট ভোটার সংখ্যা যা, ভোট পড়েছে তার থেকে প্রায় ১৬৭ শতাংশ বেশি। এই পরিস্থিতিতে হাবড়া ২ নম্বর ব্লকের বিডিও-র থেকে রিপোর্ট তলব করেছেন বিচারপতি অমৃতা সিনহা।

জ্যাংড়া হাতিয়াড়া দু নম্বর পঞ্চায়েতে ভোটের দিন অনেক ভোটারকে বাধা দেওয়া হয় বলে অভিযোগ। বাধাদানকারীদের মুখে শোনা গেছিল ভোট বয়কটের অজুহাত। কিন্তু, ভোটের ফল বেরোতেই দেখা যায়। ভোট বয়কটের বুথে ভোট পড়েছে ৯৫ শতাংশ। এই মামলাতেও রাজারহাটের বিডিও-র তথ্য তলব করা হয়। জলপাইগুড়ির ধূপগুড়িতে শাঁখোয়াঝোড়া-২ গ্রাম পঞ্চায়েতের ভোটকেন্দ্রে ভোটের দিনই বুথের বাইরে ৪৭টি ব্যালট পেপার উদ্ধার করা হয়। সেই ঘটনার জলও গড়ায় আদালত পর্যন্ত। ৩ অগাস্টের মধ্যে বিডিও-কে রিপোর্ট দিতে বলেছেন বিচারপতি অমৃতা সিনহা।

হুগলির জাঙ্গিপাড়ায় রাস্তায় ব্যালট পেপার পড়ে থাকতে দেখা যায়। এর কারণ জানতে চেয়ে জাঙ্গিপাড়ার বিডিও-কেও তলব করেছেন কলকাতা হাই কোর্টের বিচারপতি অমৃতা সিনহা।

ভোটগণনার দিন, হাওড়ার বালিতে গণনাকেন্দ্রের বাইরে নর্দমায় পড়ে থাকতে দেখা যায়, একাধিক ব্যালট পেপার। সেগুলিতে সিপিএমের প্রার্থীকে ভোট দেওয়া ছিল। এ ঘটনায় তুমুল হট্টগোল বেধে যায়। এ নিয়ে মামলা হয় কলকাতা হাইকোর্টেও। সেই মামলাতেও বিডিওকে ২০ জুলাইয়ের মধ্যে হলফনামা জমা দিতে নির্দেশ দেন বিচারপতি। বিচারপতির নির্দেশে আদালতে হাজিরও হন রামনগরের বিডিও।

এছাড়াও ছোট জাগুলিয়ার গণনাকেন্দ্রে সিপিএম প্রার্থীকে মারধর ও গণনাকেন্দ্রের বাইরে ব্যালট পেপার উদ্ধারের অভিযোগে, বারাসাতের মহকুমাশাসককে তলব করেন কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহা।

# রায়গড় দুর্ঘটনায় শোক প্রকাশ করলেন অজিত পাওয়ার, জন্মদিন পালন করবেন না উপমুখ্যমন্ত্রী

মুম্বই, ২০ জুলাই (হি.স.) : রায়গড় জেলার ইরসালওয়াড়ি গ্রামে ভূমিধসের ভয়াবহ দুর্ঘটনায় শোক প্রকাশ করেছেন উপ-মুখ্যমন্ত্রী অজিত পাওয়ার। জানিয়েছেন এ বছর জন্মদিন পালন করবেন না তিনি। আগামী ২২ জুলাই শনিবার অজিত পাওয়ারের জন্মদিন। রাজ্য জুড়ে তাঁর সমর্থক, কর্মী এবং শুভাকাঙ্ক্ষীরা প্রতি বছর জমকালোভাবে তাঁর জন্মদিন উদযাপন করেন। অজিত পাওয়ার তার সমর্থকদের ইরসালওয়াড়ি দুর্ঘটনার কারণে তাঁর জন্মদিন পালন না করার জন্য অনুরোধ করেছেন। খালাপুরের ইরসালওয়াড়ির ঠাকুরওয়াড়িতে বুধবার রাতে প্রবল বৃষ্টির পর গ্রামে ভূমিধসের ঘটনা ঘটেছে। এই দুর্ঘটনায় ১০ জনের মৃত্যু হয়েছে এবং বহু মানুষ আহত হয়েছে। মাটি ও পাথরের আঘাতে প্রায় ২৫ থেকে ৩০টি ঘরবাড়ি বিধ্বস্ত হয়েছে। এসব বাড়ির প্রায় শতাধিক নাগরিক ধ্বংসস্তূপের নিচে আটকা পড়েছেন। দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছেছে এনডিআরএফ উদ্ধারকারী দল। খোদ মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডে, শিল্পমন্ত্রী উদয় সামন্ত, বন্দর উন্নয়ন মন্ত্রী দাদা ভুসে এবং অন্যান্য মন্ত্রীরাও সেখানে উপস্থিত রয়েছেন।

## পার্থের হয়ে মামলা লড়তে আসছেন বাঘা উকিল

কলকাতা, ২০ জুলাই (হি. স.) : রাজ্যের প্রাক্তন মন্ত্রী এবং শাসক দলের প্রাক্তন মহাসচিব পার্থ চট্টোপাধ্যায়ের কারাবাসের এক বছর হয়ে গেল। এবার কি অবশেষে জামিন পাবেন তিনি? সম্প্রতি পার্থের মামলায় তাঁর আইনজীবী বদলেছে। দিল্লি থেকে রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রীর হয়ে মামলা লড়তে এসেছেন অভিজ্ঞ আইনজীবী। বৃহস্পতিবারই প্রথম তিনি আদালতে সওয়াল করতে চলেছেন পার্থবাবুর হয়ে। ইডির মামলায় নগর দায়রা আদালতে পার্থের হয়ে জামিনের আবেদন করবেন তিনি। এই আইনজীবীর পুরনো রেকর্ড ঘেঁটে অনেকে মনে করছেন, পার্থবাবুর জামিন করানো এঁর পক্ষে মোটেই অসম্ভব নয়। তবে, শেষ পর্যন্ত সে সব নির্ভর করছে আদালতের উপর। আইনজীবীর নাম শামসুদ্দিন শামস। ৩৪ বছর ধরে আইনের দুনিয়ার সঙ্গে যুক্ত। নিজস্ব আইনি পরিষেবা দেওয়ার সংস্থা রয়েছে। তবে আলিগড় বিশ্ববিদ্যালয় থেকে আইন নিয়ে গবেষণা করে পিএইচডি করা শামসুদ্দিনের আরও অনেকগুলি পরিচয় রয়েছে।

## বসিরহাটে পেট্রল পাম্পে আগুন, অগ্নিদগ্ধ তিন যুবক

বসিরহাট, ২০ জুলাই (হি. স.) : বসিরহাটের হাড়োয়া থানার সোনাপুকুর-শঙ্করপুর গ্রাম পঞ্চায়েতের শঙ্করপুর গ্রাম সংলগ্ন একটি পেট্রোল পাম্পের পাশে বৈদ্যুতিক হিটার থেকে আগুন লাগে। ঘটনায় অগ্নিদগ্ধ হন তিন যুবক। আশঙ্কাজনক অবস্থায় তাঁদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বিহারের বাসিন্দা কুড়ি বছরের মুকেশ কুমার সাউ, শঙ্করপুর সংলগ্ন ওই পেট্রোল পাম্পে কর্মরত ছিলেন। সে কারণেই পেট্রোল পাম্পে তিনি রাত্রিবাস করতেন এবং সেখানেই রান্নাবান্না করে খাওয়া দাওয়া করতেন। বুধবার গভীর রাতে তিনি রান্না করছিলেন বৈদ্যুতিক হিটারে। মনে করা হচ্ছে, তখনই কোনওভাবে হঠাৎ আগুন লেগে যায়। ঘটনায় অগ্নিদগ্ধ হয় কুড়ি বছরের মুকেশ কুমার সাউ। পেট্রোল পাম্পে সে সময়ে পেট্রোল নিতে এসেছিল বছর ছাব্বিশের শাহানুর মোল্লা ও কুড়ি বছরের জাহাঙ্গির মোল্লা। তাঁকে বাঁচাতে গিয়ে ওই দুই যুবকও গুরুতরভাবে অগ্নিদগ্ধ হয়। স্থানীয় বাসিন্দারা তাঁদের তিন জনকে উদ্ধার করে হাড়োয়া গ্রামীণ হাসপাতালে নিয়ে যান চিকিৎসার জন্য। জানা গিয়েছে, শাহানুর মোল্লার অবস্থা আশঙ্কাজনক। তাঁকে অন্যত্র স্থানান্তরিত করেন চিকিৎসকরা। খবর পেয়ে ঘটনাস্থলে যান হাড়োয়া থানার পুলিশ। স্থানীয় বাসিন্দাদের চেষ্টায় কোনওরকমে আগুন নিয়ন্ত্রণে আসে।

## প্রতিদিন মহিলাদের সঙ্গে কিছু না কিছু হচ্ছেই, যা দুঃখজনক : জয়া বচ্চন

নয়াদিল্লি, ২০ জুলাই (হি.স.): মণিপুরে দুই মহিলাকে বিবস্ত্র করে রাস্তায় ঘোরানোর ঘটনায় উদ্বেগ প্রকাশ করলেন রাজ্যসভার সাংসদ ও প্রবীণ অভিনেত্রী জয়া বচ্চন। উদ্বেগ প্রকাশ করে বৃহস্পতিবার জয়া বচ্চন বলেছেন, প্রতিদিন মহিলাদের সঙ্গে কিছু না কিছু হচ্ছেই, যা দুঃখজনক। তিনি আরও বলেছেন, ’খুবই খারাপ লেগেছে, পুরো ভিডিওটা আমি দেখতে পারিনি।’

জয়া বচ্চনের কথায়, ’খুবই লজ্জার বিষয়, কেউ গুরুত্ব দিচ্ছে না। মহিলাদের সঙ্গে এত খারাপ ব্যবহার করা হচ্ছে। এটা খুবই হতাশাজনক। প্রতিদিন মহিলাদের সঙ্গে কিছু না কিছু হচ্ছেই। এটা খুবই দুঃখজনক।’

## পরমহংস আশ্রমে পৌঁছলেন আরএসএস প্রধান ভাগবত

মির্জাপুর, ২০ জুলাই (হি.স.) : রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ (আরএসএস)-এর সরসঙ্ঘচালক ড. মোহন ভাগবত দুদিনের সফরে বৃহস্পতিবার বিকেলে মির্জাপুরে পৌঁছেছেন। কড়া নিরাপত্তার মধ্যে সাক্তেশগড়ের পরমহংস আশ্রমে আরএসএস প্রধানকে স্বাগত জানান সাধুরা।

আরএসএস প্রধান মোহন ভাগবত প্রথমে পরমহংস আশ্রম প্রাঙ্গণে উপস্থিত ধুনিতে প্রণাম ও পূজা দেন। এছাড়াও ক্যাম্পাসে উপস্থিত লোকজনের সাথে মতবিনিময় করেন। এরপর বিশ্রামে চলে যান সংঘ প্রধান। বিকাল সাড়ে ৪টায় তিনি স্বামী আদগদানন্দ মহারাজের সাথে দেখা করবেন, তারপর বিন্ধ্যাচলের মহুয়ারি কালায় অবস্থিত দেবরাহ বাবা আশ্রমের উদ্দেশ্যে রওনা দেবেন। বিকাল সাড়ে ৫টায় দেবরাহ বাবা আশ্রমে পৌঁছে মোহন ভাগবত রাতের জন্য বিশ্রাম নেবেন। এরপর ২১শে জুলাই শুক্রবার সকালে স্নান ও ধ্যানের পর রামদূত হনুমানজি দেবরাহ বাবার আশ্রমে চতুর্থবারের মতো অখণ্ড ভারত গঠনের জন্য,

# সরকার আলোচনার জন্য প্রস্তুত, কিন্তু মণিপুরের বিষয়টিকে রাজনৈতিকভাবে দেখছে বিরোধীরা : অনুরাগ ঠাকুর



নয়াদিল্লি, ২০ জুলাই (হি.স.): মণিপুর ইস্যুতে আলোচনার জন্য সরকার প্রস্তুত রয়েছে, কিন্তু দুর্ভাগ্যবশত এই ইস্যুকে রাজনৈতিকভাবে দেখছে বিরোধীরা। বললেন কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি নেতা অনুরাগ সিং ঠাকুর। বৃহস্পতিবার সংসদ চত্বরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে অনুরাগ সিং ঠাকুর বলেছেন, ’আমরা সদনে বলেছি, আমরা আলোচনার জন্য প্রস্তুত। কিন্তু তারা (বিরোধীরা) আলোচনা থেকে পালিয়ে যেতে চাইছে।’

এরপরই অনুরাগ সিং ঠাকুর বলেছেন, ’কারণ, বিরোধী শাসিত রাজ্যেও কিছু মামলা রয়েছে। রাজস্থানে মহিলাদের বিরুদ্ধে সবচেয়ে বেশি অপরাধের ঘটনা ঘটেছে...আমি সোনিয়া গান্ধী এবং রাহুল গান্ধীকে জিজ্ঞাসা করছি - আপনারা কি শুধুমাত্র একটি রাজ্যে মহিলাদের দেখেন?...রাজস্থানে মহিলাদের বিরুদ্ধে অপরাধের বিষয়ে সোনিয়া গান্ধী, রাহুল গান্ধী এবং বিরোধীরা কি নীরব দর্শক হয়ে থাকবে?...কেন আপনারা মহিলাদের মধ্যে পার্থক্য করেন?...আপনারা কীভাবে এমনটা করতে পারেন? আপনারা কি নারীদের রাজনৈতিক হাতিয়ার হিসেবে বিবেচনা করেন এবং তেমনটি চালিয়ে যেতে চান?...সোনিয়া গান্ধী এবং রাহুল গান্ধী, আপনাদের রাজস্থানের বিষয়ে উত্তর দিতে হবে।’

# হরেকরকম

# স্মরণ শক্তি বাড়ানোর কিছু বৈজ্ঞানিক কৌশল

আমরা অনেক সময় অনেক কিছু মনে রাখতে পারি না, ভুলে যাই। বিশেষ করে বাজারে গেলে বা কোনো কিছু কিনতে গেলে এমন ঘটনা প্রায়শই ঘটে থাকে। কারো ক্ষেত্রে কম, কারো ক্ষেত্রে বেশি। সবার মনে রাখার ক্ষমতা বা স্মরণশক্তি এক রকম থাকে না। আমরা গ্রিক বিজ্ঞানীদের কাছ থেকে এ তথ্য পাই যে মানুষের মস্তিষ্কের ১৪ বিলিয়ন স্নায়ুকোষ একে অপরের সাথে সংযুক্ত হয়ে একটা ইলেকট্রো কেমিক্যাল চক্র তৈরি করে, একে এনগ্রাম বলে।



প্রতিটা এনগ্রাম এর পথই হল স্মরণশক্তি। জেনেটিক বিজ্ঞানীরা বলেন, পিতামাতার স্মরণশক্তি বা মেধাশর্ক্তি বেশি থাকলে সন্তানরাও সে রকম হয়। এজন্য স্মরণশক্তির বংশগতির বৈশিষ্ট্যের একক জিনের ওপর শতকরা ৬০ ভাগ নির্ভরশীল। বাকি ৪০ ভাগগ পরিবেশ, পুষ্টিকর খাদ্য ও মস্তিষ্কের চর্চার ওপর নির্ভর করে। গবেষকদের মতে, কোনো শিশু কম বুদ্ধি বা কম স্মরণশক্তিসম্পন্ন জিন বহন করলেও ভালো পরিবেশের কল্যাণে বালো বুদ্ধিমত্তার পরিচয় দিতে পারে। সুতরাং সহায়ক পরিবেশ পেলে এবং মস্তিষ্কের কিছু চর্চা করলে স্মরণশক্তি বাড়ানো সম্ভব। জেনে নিন স্মরণশক্তি বৃদ্ধি করার কিছু কৌশল।

আয়ুর্বেদিক উপায় —

প্রাচীন আয়ুর্বেদ চিকিৎসায় স্মরণশক্তি বৃদ্ধির বেশ কিছু উপায় রয়েছে। যেমন কচি বেলপাতা খাঁটি ঘিয়ে ভেজে খেলে স্মরণশক্তি বৃদ্ধি পায়। আবার ব্রাহ্মী শাক এমন একটি ভেষজ উপাদান, যা স্মরণশক্তি বৃদ্ধির নানা ওষুধ তৈরিতে ব্যবহৃত হয়।

মস্তিষ্ককে সজীব করার একটি আয়ুর্বেদিক উপায় হল দশটি কাঠ বাদাম, দুটি ছোট সাদা এলাচ, দুটি শুকনো খেজুর একটি মাটির পাত্রে আগের দিন জলে ভিজিয়ে রাখুন। পরের দিন সকালে বাদামের খোসা ছাড়িয়ে, এলাচের দানা বের করে শুকনো খেজুরের বিচি বের করে এক সাথে ৩০ গ্রাম চিনির সাথে মিহি করে বেটে নিতে হবে। এই মিশ্রণ ২৫ গ্রাম মাখনের সাথে মিশিয়ে প্রতিদিন খেলে মস্তিষ্ক সজীব থাকে এবং স্মরণশক্তি বৃদ্ধি পায়।

ব্যায়াম করুন --- জানেন কি নিয়মিত ব্যায়াম স্মরণশক্তি বৃদ্ধি করতে সহায়তা করে? বিশেষ করে অ্যারোবিকস ব্যায়াম এক্ষেত্রে বেশি সহায়ক। তালে তালে নির্দিষ্টভাবে ব্যায়াম করতে হয় বলে তা মস্তিষ্কের চর্চারও কারণ হয়ে দাঁড়ায়। পদ্ধতি মেনে রাখতে মস্তিষ্ক চাপ প্রয়োগ হয়।

ফলে স্মরণশক্তি স্বাভাবিকভাবেই বৃদ্ধি পায়। আবার যোগব্যায়ামও স্মরণশক্তি বৃদ্ধিতে সহায়তা করে। যোগব্যায়ামের কিছু আসনে মস্তিষ্ক পূর্ণ বিশ্রাম পায়। ফলে মস্তিষ্কের কার্যক্ষমতা বৃদ্ধি পায় এবং মনে রাখার ক্ষমতা বেড়ে যায়।

পুষ্টিকর খাবার খান —

পুষ্টিকর খাবার স্মরণশক্তি বৃদ্ধিতে অনেকাংশে সাহায্য করে। মাতৃগর্ভে থাকার সময় শিশুর মস্তিষ্ক গঠনে বিশেষ কিছু উপাদানের প্রয়োজন হয়. গর্ভবতী মা যদি পুষ্টিকর খাবার খান তাহলে মস্তিষ্ক যথাযথভাবে গঠিত হয়। আমিষ ও স্নেহজাতীয় খাবার এব্যাপারে সাহায্য করে। সয়াবিন, দুধ, যকৃত, বাদাম, মাখন ইত্যাদিতে রয়েছে বিশেষ উপাদান কোলিন। সাইনাপসে তথ্য আদান প্রদানের অন্যতম মাধ্যম হচ্চে কোলিন। কাবার থেকে এই উপাদান পাওয়া যায় ব লে স্মরণশক্তি বৃদ্ধিতে পুষ্টিকর খাবারের যথেষ্ট অবদান রয়েছে।

মনোযোগ দিন — কোনো বিষয় মনোযোগ দিয়ে শিখলে বিষয়টি মনে রাখা সহজ হয়। তাই কোনো পড়া বা কাজ শেখার সময় যথেষ্ট মনোযোগ দিন। মনোযোগ একটি মানসিক প্রক্রিয়া। তাই এর চর্চা করলে সহজেই স্মরণশক্তি বৃদ্ধি করা সম্ভব। মস্তিষ্ককে বিশ্রাম দিন — মস্তিষ্কে চাপ প্রয়োগ করে বা জোর করে মনে করার চেষ্টা করার পরও যদি কিছু মনে না প ড়ে তাহলে মস্তিষ্কে কিছুক্ষণ বিশ্রাম দিন। অন্য কিছু ভাবুন বা ওই প্রসঙ্গ থেকে একেবারেই সরে আসুন। এতে কিছুক্ষণ পর প্রয়োজনীয় বিষয়টি নিজে থেকেই মনে পড়ে যাবে। কোনো কিছু স্মরণ করার জন্য এ পদ্ধতিটি বেশ কার্যকর।

শুনুন, পড়ুন এবং লিখুন --- কোনো কিছু শেখার সময় বিষয়টি অন্যের কাছ থেকে শুনলে মনে রাখা সহজ হয়। এ কারণেই ক্লাসে শিক্ষকের লেকচারশুনলে বি ষয়টি সহজেই আত্মস্থ করা যায় এবং মনে রাখা যায়। তাই কোনো কিছু পড়ার সময় জোরে জোরে কয়েকবার পড়ুন এতে মনে রাখা সহজ হবে। পড়ার পর তা লিখলে আমাদের মস্তিষ্ক তার একটি ছবি তৈরি করে ফেলে। ফলে বিষয়টি তুলনামূলক সহজে মনে পড়ে য তাই কোনো কিছু পড়ার পর তা লেখার অভ্যাস করুন।

# রোগ নির্ণয়ে সংকোচ করবেন না

চিকিৎসকের কাছে কিছু গোপন করবেন না। তিনি আপনার প্রয়োজনীয় শারীরিক ও রক্ত পরীক্ষা করে বলে দেবেন এর কারণ। একাধিক রক্ত পরীক্ষার কথা চিকিৎসক বললে ঘাবড়ে যাবেন না। কারণ টেসটোসটেরন মাত্রা দিনভেদে বা একই দিনে সময়ভেদে তারতম্য ঘটে।

চিকিৎসক ও আপনি

চিকিৎসককে সব কিছু বলুন। হতে পারে যা আপনার কাছে গুরুত্বপূর্ণ মনে হচ্ছে না, সেটাই চিকিৎসকের কাছে একটি জরুরি তথ্য। আপনার অতীত ও বর্তমানের সব রোগের কথা বলুন। শৈশবের কোনো রোগ যেমন মাম্পস আপনার আজকের এ অবস্থার জন্য দায়ী হতে পারে।

যে সব ওষুধ যা ইদানীং খেয়েছেন তা জানান। আপনার এ সমস্যা কোনো ওষুধের পার্শ্বপ্রতিক্রিয়া থেকে হতে পারে।

পারিবারিক বা অন্তঃসম্পর্কের সমস্যা যেমন যৌন সমস্যা বা খিটখিটে মেজাজ ইত্যাদির কথা চিকিৎসককে বলুন।

জীবনে কোনো বড় পরিবর্তন এসে থাকলে তার কথা জানান। যেমন ডিভোর্স, বিয়ে ইত্যঅদি।

দাদা / দাদির বা নানা / নানির পরিবারের কোনো সদস্যের জেনেটিক সমস্যা থাকলে তা জানান।

মানসিক সমস্যায় ভুগলে তা খুলে বলুন। শারীরিক পরীক্ষা: লজ্জা পাবেন না। আপনি প্রশিক্ষণপ্রাপ্ত একজন পেশাজীবীর সাহায্য নিচ্ছেন ভয়ের কিছঞও নেই। চিকিৎসকে আপনার দেহে লোম ও চুলের পরিমাণ দেখতে দিন।

স্তন, প্রোস্টেট পরীক্ষায় সহায়তা করুন। শুক্রাশয়ের আকার এবং স্থিতিস্থাপকতা দেখতে দিন। অন্ডকোষ ও পুরুষাঙ্গের কোনোসমস্যা আছে কিনা তা দেখতে দিন।দৃষ্টিশক্তির ভিজ্যুয়াল ফিল্ড টেস্ট করান। দেহের পেশী ও চর্বির পরিমাণ দেখতে দিন। অন্যান্য যা যা চিকিৎসক চান সেভাবে তাকে আপনার দেহ পীক্ষা সহায়তা করুন।



চিকিৎসা না করালে যা হবে

সময়মতো উপযুক্ত চিকিৎসা না নিলে বন্ধ্যাত্ব, হৃদরোগের ঝুঁকি ও হাড়ের ক্ষয় হতে পারে। সেই সঙ্গে লক্ষ্মণসমুহের স্থায়ীত্ব তো বোনাস পাওনা। স্বাভাবিক টেসটোসটেরন যুক্ত পুরুষের তুলনায় কম টেসটোসটেরন যুক্ত পুরুষ ৩৩ শতাংশ বেশি মৃত্যু ঝুঁকির সম্মুখীন হন। কম টেসটোসটেরনজনিত যৌন ইচ্ছা কমে যাওয়া, যৌন দুর্বলতা ও মানসিক পরিবর্তনগুলো বুঝতে পারেন না। যা পরবর্তীতে তাদের পেশীর পরিমাণ হ্রাস , হাড়ের ঘনত্ব কমিয়ে সার্বিক দৈহিক শক্তিমত্তায় বিরূপ প্রভাব ফেলে। মানসিক স্বাস্থ্যেও নেতিবাচক প্রভাব ফেলে। তবে কেউ যদি ৪৫ বছর বয়সে তার ২৫ বছর বয়সের দৈহিক সক্ষমতা পুরুদ্ধারের জন্য টেসটোসটেরন বাড়াতে চান, তা সম্ভব নয়। একইসঙ্গে রক্তে টেসটোসটেরন বাড়াবার ওষুধ প্রয়োজন ছাড়া ব্যবহার করা বিপদজ নক।

রক্তে কম টেসটোসটেরন, ঠিক কতটা কম? সমাজে এমন বহু পুরুষ আছেন যারা জানেন না তাদের রক্তে টেসটোসটেরন মাত্রা কম। এমনিতেই বৃদ্ধ হওয়ার সঙ্গে সঙ্গে পুরুষের টেসটোটেরন মাত্রা কমতে থাকে। ৫০ বছরের উর্ধ্বে ৩০ শতাংশের পুরুষের রক্তে ২৫০ ন্যানোগ্রাম/ ডেসিলিটারের কম টেসটোসটেরন পাওয়া গেছে এক গবেষণায়। কম টেসটোসটেরন বলাতে তাই এর উপরের সীমা আছে ৩০০ ন্যানোগ্রাম / ডেসিলিটার। কিন্তু নিচের কোনো সীমা নেই।রক্তে টেসটেোসটেরন কমলে যা করবেন উপরের লক্ষণগুলো দেখে যদি সন্দেহ করেন আপনার টেসটোসরেটন কম থাকতে পারে তবে চিকিৎসকের সঙ্গে যোগাযোগ করুন। তিনি কারণ খুঁজে দেখবেন। কারণটির চিকিৎসা আগে শুরু করবেন। যেমন, যদি ডায়াবেটিসের জন্য টেসটোসটেরন কমে গিয়ে থাকে, তবে প্রথমে ডায়াবেটিসের চিকিৎসাকে গুরুত্ব দেবেন। কাজেই চিকিৎসককে রক্তে টেসটোসটেরন বাড়ানোর ওষুধের জন্য পীড়াপীড়ি করবেন না। টেসটোসটেরন স্বল্পতার চিকিৎসার নীতিমালা প্রথমেই টেসটোসটেরন বাড়ানোর ওষুধ দেওয়া বিরোধী। আপনি চটকদার বিজ্ঞাপন বা বিভিন্ন হারবাল ওষুধের কথা প্রচার মাধ্যমে দেখতে পাবেন। কিন্তু মনে রাখবেন, এসব সহজলভ্য ওষুধের গুণগত মানের ক্লিনিক্যাল ট্রায়াল হয়নি। ক্লিনিক্যাল ট্রায়াল যেকোনো ওষুধ সেবনকারীর স্বাস্থ্য নিরাপত্তা নিশ্চিত করে। আপনার মূল্যবান যৌন জীবনের নিরাপত্তা ঝুঁকি নেবেন না।

# খালি পেটে জিমে যান?

সকালে জিমে যান অনেকেই। তবে জিমে যাওয়ার কয়েকটি নিয়ম মানতে হয়। খালিপেটে কখনও জিমে যাওয়া উচিত নয়। তাহলে হিতে বিপরীত হতে পারে। তবে পেট ভর্তি রাখতে হবে বলে এমন কোনও খাবার খাওয়া যাবে না, যাতে শারীরিক অস্বস্তি হয়। শরীরচর্চা করার আগে এমন কিছু খাবার খাওয়া জরুরি, যা জলদি পুষ্টি জোগাতে সাহায্য করে।

রইল তেমন কিছু খাবারের তালিকা।

ব্রাউন ব্রেড- নিয়মিত যাঁরা শরীরচর্চা করেন, ব্রাউন ব্রেড তাঁদের খাদ্যতালিকায় রাখা জরুরি। এতে রয়েছে ভরপুর পরিমাণে কার্বোহাইড্রেট। জিমে যাওয়ার আগে ব্রাউন ব্রেডের সঙ্গে খেতে পারেন ডিম সেদ্ধ এবং মধু। শরীরচর্চার ৪৫ মিনিট আগে খেয়ে নিন। উপকার পাবেন।

ফল এবং ইয়োগার্ট- ফলে রয়েছে ভরপুর পরিমাণে কার্বোহাইড্রেট। আর ইয়োগার্টে রয়েছে ঠাসা প্রোটিন। শরীরচর্চার আগে ফল এবং ইয়োগার্ট খাওয়ার বেশ কিছু উপকারিতা রয়েছে। ঘুম থেকে উঠে ইয়োগার্টের সঙ্গে বেরি, স্ট্রবেরি, চেরি মিশিয়ে খেতে পারেন। খাওয়ার ৩০ মিনিট পর জিমে যান। চাঙ্গা থাকবে শরীর।

ওট- ওটে রয়েছে প্রচুর পরিমাণে ফাইবার। যা রক্তে কার্বোহাইড্রেটের পরিমাণ বৃদ্ধি করতে সাহায্য করে। শরীরচর্চার সময় শরীরে শক্তি জোগাতে দারুণ উপকারী ওট। সারা দিন যাতে চনমনে থাকে শরীর, সেই কারণে প্রাতরাশে ওট খান অনেকেই। জিমে যাওয়ার অন্তত ৩০ মিনিট আগে ওট খেয়ে নেওয়া জরুরি।

# রাজমা দিয়েই বানিয়ে ফেলুন গৌলটি কবাব

কবাব মানেই কি কেবল মুরগি, পাঁঠা আর পনিরের দৌরাত্ম্য? একেবারেই না। ডাল দিয়েও কিন্তু বিভিন্ন স্বাদের কবাব তৈরি করা যায়। অনেক সময়ে বাড়িতে নিরামিষের দিনে ভাল-মন্দ কিছু খেতে মন চায়। চা কিংবা কফির সঙ্গে তখন সুস্বাদু কবাব পেলে আর কী বা চাই! বাড়িতে রাজমা থাকলে বানিয়ে নিতে পারেন গৌলটি কবাব।



রইল রেসিপি।

উপকরণ: রাজমা: ২৫০ গ্রাম, পেঁয়াজ: ২টি (বড় মাপের),আদা বাটা: ১ চা চামচ,রসুন বাটা: ১ টেবিল চামচ,টম্যাটো পিউরি: ১/২ কাপ,লঙ্কা গুঁড়ো: ১/২ টেবিল চামচ হিং গুঁড়ো: ১/৪ চামচ,গোটা জিরে: ১ চা চামচ, গরম মশলা গুঁড়ো: ১/২ চা চামচ,ভাজা জিরে গুঁড়ো: ১ চা চামচ, আমচুর গুঁড়ো: ১ চা চামচ, ধনেপাতা কুচি: ২ টেবিল চামচ, বিস্কুটের গুঁড়ো: ১ কাপ, সাদা তেল: ১ কাপ, নুন: স্বাদমতো প্রণালী: আগের রাতে রাজমা ভিজিয়ে রাখুন। পরের দিন প্রথমে প্রেশার কুকারে সামান্য নুন দিয়ে রাজমাগুলি সেদ্ধ করে নিন। জল ঝরিয়ে রাজমা বেটে নিতে হবে। এ বার একটি ননস্টিক পাত্রে তেল গরম করে হিং আর জিরার ফোড়ন দিন। তার পর কুচনো পেঁয়াজ লাল লাল করে ভেজে নিন। ওর মধ্যেই আদা, রসুন বাটা, কাঁচা লঙ্কা কুচি আর সব গুঁড়ো মশলা দিয়ে ভাল করে কষিয়ে নিন। এ বার ওই মিশ্রণের মধ্যে টোম্যাটো পিউরি ঢালুন। আবার কষান, যত ক্ষণ না কড়াই তেল ছাড়ে। এ বার রাজমা বাটা দিয়ে আরও এক প্রস্ত কষান। গ্যাস থেকে নামিয়ে ওই মিশ্রণের সঙ্গে বিস্কুটের গুঁড়ো মিশিয়ে ছোট মণ্ড করে কবাব গড়ে নিন। এর পর অল্প তেল দিয়ে তাওয়াতে সেঁকে নিন ভাল করে। পেঁয়াজের রিং, লেবুর টুকরো আর চাটমশলা ছড়িয়ে পরিবেশন করুন গরমাগরম রাজমা গলৌটি কাবাব।

# দু'মিনিটেই ফিরে পেতে পারেন গয়নার হারানো ঔজ্জ্বল্য

বিয়েবাড়ি হোক কিংবা রোজকার অফিসের সাজ তরুণীরা এখন সোনা ছেড়ে রুপোর দিকেই বেশি ঝুঁকছেন। এখন অনলাইনেই হোক কিংবা বাজার থেকে, রুপোর গয়না কেনার চলও বেড়েছে। শাড়ি থেকে ড্রেস, কুর্তি থেকে সালোয়ার সব ধরনের পোশাকের সঙ্গেই এখন রুপোর গয়নার আলাদা কদর। রুপোর তৈরি কানের ঝুমকো, হাতের বালা কিংবা গলার হার, সবই থাকছে নতুন প্রজন্মের মেয়েদের পছন্দের তালিকায়।



রুপোর গয়না পরতে ভালবাসলেও তা বাক্সে ভরে রেখে দিলে গয়নার উপর কালচে আস্তরণ পড়ে যায়। দীর্ঘ দিন পরে সেই গয়না বার করে পরতে গিয়ে দেখা যায়, সেটি ঔজ্জ্বল্য হারিয়েছে। তবে সাধের গয়না মলিন হয়ে গিয়েছে ভেবে মনখারাপ করার কিছু নেই। কয়েকটি ঘরোয়া পদ্ধতিতে খুব সহজেই ফিরিয়ে আনতে পারেন রুপোর গয়নার জেল্লা। জেনে নিন, কোন উপায়ে দু'মিনিটেই ফিরে পেতে পারেন গয়নার হারানো ঔজ্জ্বল্য। একটি পাত্রে ভাল করে জল ফুটিয়ে নিন। এ বার অ্যালুমিনিয়াম ফয়েল কেটে কেটে গোলা বানিয়ে নিন। ফুটন্ত জলের মধ্যে অ্যালুমিনিয়াম ফয়েলের গোলাগুলি দিয়ে দিন। জলের মধ্যে এক চামচ বেকিং সোডাও মিশিয়ে নিন। এ বার কালচে হয়ে পড়া গয়নাগুলি জলের মধ্যে ফেলে দিয়ে মিনিট দুয়েক ভাল করে ফুটিয়ে নিন। এর পর জল থেকে বার করে নিয়ে ব্রাশ দিয়ে ঘষে নিলেই চকচকে হয়ে যাবে পুরোনো গয়নাটি।

# মুখের যত্নে নিয়মিত দাঁত তো মাজছেন পর্যাপ্ত জল খাচ্ছেন কি?

শুধু জল দিয়েই অনেক রোগকে ঠেকিয়ে রাখা যায়। জল না খেলে শরীর ভিতর থেকে শুকিয়ে যায়। সেখান থেকে অনেক সময়ে নানা রকম রোগ দেখা দিতে পারে। কিন্তু পর্যাপ্ত পরিমাণে জল না খেলে যে দাঁতের সমস্যা হয়, তা হয়তো অনেকেই জানেন না। চিকিৎসকেরা বলছেন, মুখগহ্বরের স্বাস্থ্য ভাল রাখতে লালারসের যথেষ্ট ভূমিকা রয়েছে।



এই লালারসের বেশির ভাগ উপাদানই আসলে জল।

মুখের মধ্যে বিভিন্ন গ্রন্থি থেকে নিঃসৃত এই লালারস, মুখের ভিতরের অংশ আর্দ রাখতে সাহায্য করে। লালারসের মধ্যে এমন কিছু উতেচক আছে, যা খাবার হজম করতেও সাহায্য করে। এ ছাড়াও, ''ইমিউনোগ্লোবিউলিন'', ''লাইসোজাইম'', ''ল্যাক্টোফেরিন'' নামক কিছু ''অ্যান্টিমাইক্রোবায়াল'' যৌগ রয়েছে, যা ব্যাক্টেরিয়া, ভাইরাস এবং বিভিন্ন মাইক্রোঅর্গ্যানিজমের সঙ্গে ক্রমাগত লড়াই করে মুখের স্বাস্থ্য ভাল রাখতেও সাহায্য করে। চিকিতকেরা মুখের ভিতরের অংশের পিএইচের মাত্রা ঠিক রাখার জন্য বেশি করে জল খেতে পরামর্শ দেন। এই জল মুখের ভিতর লালারস ক্ষরণের পরিমাণও নিয়ন্ত্রণ করে। পাশাপাশি, খাবার খাওয়ার পর যদি কোনও সূক্ষ্ম কণা দাঁতের ফাঁকে আটকে গিয়ে থাকে, তা-ও পরিষ্কার করতে সাহায্য করে।

অম্লত্বের ভারসাম্য বজায় রাখে

মুখের ভিতর বিভিন্ন ব্যাক্টেরিয়ার জন্য অম্লত্বের পরিমাণ বেড়ে যেতে পারে। সঠিক পরিমাণে জল খেলে সেই ভারসাম্য খানিকটা নিয়ন্ত্রিত হয়। দাঁতের "এনামেল" নষ্ট হতে দেয় না

জলের নিজস্ব কোনও স্বাদ নেই। তাই অনেকেই বেশি জল খেতে পছন্দ করেন না। কিন্তু চিনি বা অ্যাসিডযুক্ত কোনও তরল পানীয় খাওয়া মুখের স্বাস্থ্যের জন্য ভাল নয়। চিকিতকেরা বলছেন, এ ধরনের পানীয়গুলি সাধারণত দাঁতের উপরে থাকা এনামেলের আস্তরণকে তাড়াতাড়ি নষ্ট করে দেয়। দাঁত এবং মাড়ির সংযোগস্থলে থাকা স্নায়ুগুলি উন্মুক্ত হয়ে পড়ে। দাঁত শিরশির করতে থাকে। পরবর্তী কালে সেখান থেকেই দাঁত ক্ষয়ে, ভেঙে যেতে পারে। জল কিন্তু দাঁতের এই এনামেল নষ্ট হওয়া প্রতিরোধ করে।

# বর্ষাকালে কেমন সুগন্ধি মাখবেন?

বডি স্প্রে, পারফিউম বা কোলন কিনতে গেলে প্রাথমিক ভাবে যে বিষয়টি মাথায় আসে, তা হল ছেলেদের না মেয়েদের? তার পর নিজের পছন্দ অনুযায়ী হালকা বা খানিক চড়া গন্ধ বেছে নেন বেশির ভাগ মানুষ। কেউ ফুলেল গন্ধ পছন্দ করেন, তো কেউ চন্দনের। আবার অনেক মহিলাই কিন্তু পুরুষালি "স্ট্রং" গন্ধ মাখতে ভালবাসেন। তবে শৌখিনীরা বলছেন, ঋতুর সঙ্গে গন্ধের গভীর যোগ রয়েছে। শুধু ঘামের গন্ধ ঢাকতে নয়, এই গন্ধ দিয়েই ব্যক্তিত্বের প্রকাশ ঘটে। আবার, ঋতুকালীন মন খারাপ বা অবসাদ নিয়ন্ত্রণ করতেও কিন্তু সুগন্ধির যথেষ্ট ভূমিকা রয়েছে। তবে তার জন্য সঠিক সুগন্ধ চেনা এবং গন্ধের সঙ্গে মনের যোগাযোগের সূত্রটি খোঁজা জরুরি।



১) গন্ধ চিনবেন কী করে?

দোকানে গিয়ে "টেস্টার" থেকে গন্ধ শুঁকে একটা নিয়ে ফেললেই কিন্তু গন্ধ চেনা যায় না। বিভিন্ন ঋতুতে মনের উপর গন্ধ নানা ভাবে প্রভাব বিস্তার করে। কারও মন খারাপ থাকলে ফুলেল গন্ধ, কারও ক্ষেত্রে সাইট্রাসের সতেজতা, আবার কেউ বৃষ্টিতে না ভিজেও সেই ভেজা, স্যাঁতসেঁতে গন্ধের অনুভূতি নিতে চান সুগন্ধির মাধ্যমে। তাই কোন গন্ধে আপনার মন ভাল হয়, সে বিষয়ে খুব ভাল করে জেনে নেওয়া প্রয়োজন।

২) ঋতুর সঙ্গে গন্ধের যোগ কোথায়?

সুগন্ধি কেনার আগে ঋতুর সঙ্গে তার যোগ কোথায়, তা জেনে নেওয়া জরুরি। গরমকালে তীব্র গরম বা ঘামের গন্ধের মাঝে যে ধরনের গন্ধ সতেজতা আনতে পারে, শীতকালে কিন্তু সেই একই রকম গন্ধ ভাল না-ও লাগতে পারে। আবার বসন্তের ফুরফুরে বাতাস, উড়ুউড়ু মনের জন্য আলাদা ধরনের গন্ধ বেছে রাখতে হবে।

৩) সুগন্ধি মেশানোর ক্ষেত্রে সতর্ক হতে হবে

বর্ষার কালো মেঘ দেখে কারও মন খারাপ হয়। আবার বৃষ্টিতে সারা পা কর্দমাক্ত হলেও অনেকের কাছে বর্ষা প্রিয় ঋতু। তাই মন বুঝে সুগন্ধি মাখবেন। সকালে যদি মন ভাল থাকে, তেমন একটি সুগন্ধি মেখে বেরিয়ে পড়তেই পারেন। কিন্তু দিনের শেষে যদি কোনও কারণে মন খারাপ হয়ে যায়, সে ক্ষেত্রে সকালে ব্যবহার করা সুগন্ধি কিন্তু কোনও কাজ করবে না। আবার, দু'টি গন্ধ একসঙ্গে ব্যবহার করলেই যে খুব ভাল ফল পাবেন, এমনটাও নয়। তাই এ বিষয়ে বাড়তি সতর্কতা নিতে হবে।

# খাদ্য ও স্বাস্থ্য একে অপরের সঙ্গে যুক্ত, গুণমানসম্পন্ন খাবার মানুষের স্বাস্থ্যের জন্য অপরিহার্য : মনসুখ মান্ডভিয়া

নয়াদিল্লি, ২০ জুলাই (হি.স.): খাদ্য ও স্বাস্থ্য একে অপরের সঙ্গে যুক্ত, গুণমানসম্পন্ন ও পুষ্টিকর খাবার মানুষের স্বাস্থ্যের জন্য অপরিহার্য। বললেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডভিয়া। তিনি খাদ্য নিরাপত্তা নিয়ে বিশদ আলোচনা ও সেই আলোচনার জন্য গ্লোবাল ফোরাম তৈরি করার আহ্বান জানিয়েছেন।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডভিয়া ও কেন্দ্রীয় কৃষিমন্ত্রী নরেন্দ্র সিং তোমর বৃহস্পতিবার যৌথ ভাবে নতুন দিল্লির মানেকশ কেন্দ্রে দু""দিনের 'গ্লোবাল ফুড রেগুলেটরস সামিট-২০২৩'-এর উদ্বোধন করেছেন।




এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী ডক্টর ভারতী প্রবীণ পাওয়ার ও অধ্যাপক এস. পি. সিং বাঘেল এবং নেপালের কৃষি ও পশুপালন দফতরের মন্ত্রী ডঃ বেদুরাম ভুশল।

এই অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডভিয়া বলেছেন, 'খাদ্য ও স্বাস্থ্য একে অপরের সঙ্গে যুক্ত, তাই গুণমানসম্পন্ন ও পুষ্টিকর খাবার মানব স্বাস্থ্যের জন্য অপরিহার্য।' তিনি আরও বলেন, সুস্বাস্থ্য নিশ্চিত করার জন্য খাদ্য নিরাপত্তা অপরিহার্য এবং খাদ্য নিয়ন্ত্রকদের খাদ্য নিরাপত্তা এবং খাদ্যের গুণমান বিষয়ের প্রতি আরও বিস্তৃত দৃষ্টিভঙ্গি থাকা উচিত। এই অনুষ্ঠানে বক্তৃতাকালে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী নরেন্দ্র সিং তোমর বলেন, খাদ্যের প্রাপ্যতা এবং বিশ্বব্যাপী খাদ্য নিরাপত্তা অপরিহার্য এবং এটি মাথায় রেখে, ভারত সরকার খাদ্যের গুণমান নিশ্চিত করতে এবং উন্নত করার জন্য কৃষি সেক্টরে অনেক সংস্কার ও উদ্ভাবন করেছে।

## 'এই নিপীড়ন বিজেপি কখনও সহ্য করবে না", মন্তব্য নাড্ডার

নয়াদিল্লি, ২০ জুলাই (হি. স.) : পঞ্চায়েত ভোটে পশ্চিমবঙ্গে মহিলাদের ওপর নির্যাতনের রিপোর্ট নিয়ে মন্তব্য করলেন বিজেপি-র সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা। তিনি বলেন, এই নিপীড়ন বিজেপি কখনও সহ্য করবে না।

বৃহস্পতিবার তিনি টুইটারে লিখেছেন, "পশ্চিমবঙ্গে পঞ্চায়েত নির্বাচনের সময় মহিলাদের উপর হিংসা ও নৃশংসতা সম্পর্কে অনুসন্ধানের জন্য গঠিত বিজেপি তথ্যানুসন্ধান দলের রিপোর্ট পেয়েছি। এই রিপোর্টে পশ্চিমবঙ্গের চরম অনাচারের অবস্থা এবং রাজনৈতিক প্রতিপক্ষের প্রতি রাজ্য সরকারের সংবেদনশীলতা প্রকাশ পেয়েছে। জনগণের উপর এই নিপীড়ন বিজেপি কখনও সহ্য করবে না।

প্রসঙ্গত, উত্তর ২৪ পরগনার দেগঙ্গা, হাওড়ার আমতা প্রভৃতি নানা স্থানে পঞ্চায়েত ভোটের পরে বিজেপি কর্মীদের উপর আক্রমণের অভিযোগ ওঠে। তাঁদের বাড়িঘর পুড়িয়ে দেওয়ার অভিযোগ ওঠে শাসকদলের বিরুদ্ধে।

অতি সম্প্রতি এসব স্থানে যায় বিজেপির পাঁচ মহিলা সদস্যের তথ্যানুসন্ধান দল। রমা দেবী, কবিতা পাতিদার, অপরাজিতা ষড়ঙ্গী, সন্ধ্যা রায়, সরোজ পাণ্ডে প্রমুখ উপদ্রুত এলাকা ঘুরে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে আক্রমণ করেন। তাঁদের কটাক্ষ, "প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীজীকে দেখে মমতাদির শেখা উচিত। কী ভাবে গ্রামীণ গরিব মানুষদের উন্নয়ন করেছেন তিনি। কী ভাবে তাঁদের রুজিরোজগারের উপায় করেছেন। কী ভাবে বাড়িঘর, পানীয় জলের ব্যবস্থা করেছেন প্রধানমন্ত্রী। আর এখানে গরিব মানুষদের বাড়িঘর জ্বালিয়ে দেওয়া হচ্ছে। মহিলারাও আক্রমণের হাত থেকে রক্ষা পাচ্ছেন না!"

# পাটনায় লাঠিচার্জে বিজেপি নেতার মৃত্যু, শুনানির জন্য প্রস্তুত সুপ্রিম কোর্ট



নয়াদিল্লি, ২০ জুলাই (হি. স.) : পাটনায় বিজেপির বিক্ষোভের সময় পুলিশের লাঠিচার্জে এক নেতার মৃত্যুর মামলার শুনানির জন্য রাজি হয়েছে সুপ্রিম কোর্ট। আবেদনকারী ভূপেশ নারায়ণের আইনজীবী বরুন সিনহা, প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বাধীন বেঞ্চের সামনে এই পিটিশনের দ্রুত শুনানির দাবি করেছিলেন, যার পরে আদালত ২৪ জুলাই শুনানির নির্দেশ দেয়। আইনজীবী বরুন সিনহার মাধ্যমে করা আবেদনে পুরো ঘটনাকে ষড়যন্ত্র হিসেবে উল্লেখ করেছেন আবেদনকারী। আবেদনে দাবি করা হয়েছে, এই মামলার তদন্ত সিবিআই-এর কাছে হস্তান্তর করা হোক বা এসআইটি তদন্ত করুক। প্রসঙ্গত, ১১ জুলাই পাটনায় বিজেপি বিক্ষোভ প্রদর্শন করেছিল, যেখানে বিজেপি নেতা এবং জেহানাবাদ জেলার সাধারণ সম্পাদক বিজয় কুমার সিং লাঠিচার্জের পরে নিহত হন। পুলিশের লাঠিচার্জে বহু বিজেপি নেতা আহত হয়েছেন।

## শ্রীলঙ্কা পারল না, গল টেস্ট জিতে নিল পাকিস্তান

কলম্বো, ২০ জুলাই (হি.স.): চতুর্থ দিনে জমে উঠেছিল শ্রীলঙ্কা ও পাকিস্তানে ম্যাচ। পাকিস্তানকে অল্প রানের লক্ষ্য দিয়েও চতুর্থ দিনের শেষে লঙ্কান বোলাররা ৩ উইকেট নিয়ে ম্যাচ জমিয়ে দিয়েছিলেন। শেষ দিনে পাকিস্তানের প্রয়োজন ছিল ৮৩ রান আর শ্রীলঙ্কার ৭ উইকেট। পঞ্চম দিনে পাল্লাটা পাকিস্তানের দিকে বেশি ভারি থাকলেও, কিছুটা আশা ছিল লঙ্কানদেরও।

কিন্তু শেষ পর্যন্ত অসম্ভব কিছু শ্রীলংকার বোলাররা করে দেখাতে পারেননি। পঞ্চম দিনের আগেই পাকিস্তান ৪ উইকেটে জয় তুলে নেয়। দুই ম্যাচের টেস্ট সিরিজে ১-০ তে এগিয়ে গেল সফরকারীরা। তবে বৃহস্পতিবার (২০ জুলাই) গল টেস্টের পঞ্চম দিনে ইমাম-উল হকের ব্যাটিং নৈপুণ্যে শেষ পর্যন্ত ৪ উইকেটে জয় তুলে নেয় পাকিস্তান। তাতে দুই ম্যাচের টেস্ট সিরিজে ১-০ তে এগিয়ে গেল সফরকারীরা।

শ্রীলঙ্কা:প্রথম ইনিংস ৩১২ ও দ্বিতীয় ইনিংস ২৭৯ রান।

পাকিস্তান: প্রথম ইনিংস ৪৬১ ও দ্বিতীয় ইনিংস ৪/১৩১।

# ইউক্রেনে রাশিয়ার ভয়াবহ হামলায় বেশ কয়েকজন নিহত




কিয়েভ, ২০ জুলাই (হি.স.) : ইউক্রেনের বন্দর শহর মাইকোলাইভে রাশিয়ার বিমান হামলায় কয়েকজন নিহত হয়েছেন। আহত হয়েছেন অন্তত নয়জন। তবে নিহতের সংখ্যা কত, তা স্পষ্ট করা হয়নি। এমনটাই জানা গেছে বৃহস্পতিবার।

ইউক্রেনের আঞ্চলিক গভর্নর ভিটালি কিম জানিয়েছেন, ইউক্রেনের বন্দর শহর মাইকোলাইভে রাশিয়ার বিমান হামলায় কয়েকজন নিহত হওয়ার খবর পাওয়া গেছে। আহত হয়েছেন নয়জন। টেলিগ্রাম মেসেজিং অ্যাপে কিম লিখেছেন, বৃহস্পতিবার ভোরে মাইকোলাইভ শহরের কেন্দ্রে একটি তিনতলা একটি আবাসিক ভবনে রাশিয়ার ক্ষেপণাস্ত্র আঘাত হানে।

ইউক্রেনের অনলাইন গণমাধ্যম ইউক্রেনস্কা প্রাভডা এক প্রতিবেদনে জানিয়েছে, মাইকোলাইভের হামলা আহতদের মধ্যে তিন শিশু রয়েছে। হামলায় শহরের কেন্দ্রস্থলে একটি আবাসিক ভবন এবং বেশ কয়েকটি গ্যারেজে আগুন ধরে যায়। এদিকে, টানা তৃতীয় রাতে বিমান হামলার খবর দিয়েছে ওডেসা অঞ্চলের কর্তৃপক্ষ। টেলিগ্রামে দেওয়া এক বার্তায় ইউক্রেনের বিমান বাহিনী সতর্ক করেছে যে, বৃহস্পতিবার সকালে ওডেসা অঞ্চলের দিকে রাশিয়া সুপারসনিক ক্ষেপণাস্ত্র ছুঁড়েছে। বাহিনী সাধারণ মানুষকে নিরাপদস্থানে থাকার আহ্বান জানিয়েছে। ওডেসা প্রশাসনের মুখপাত্র সেরহি ব্রাচুক বলেছেন, ওডেসা শহরে রাশিয়ার হামলায় একটি ভবন ক্ষতিগ্রস্ত হয়েছে। ভবনটিতে আগুন লাগার পর দুইজনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। শহরের বাইরে আরেকটি হামলার খবর পাওয়া গেছে।

# শহীদ দিবসের জন্য বন্ধ থাকবে কলকাতার একাধিক রাস্তা, তীব্র যানজটের সম্ভাবনা



কলকাতা, ২০ জুলাই (হি. স.) : তৃণমূল কংগ্রেসের সবচেয়ে বড় রাজনৈতিক অনুষ্ঠান শহীদ দিবসের জন্য শুক্রবার কলকাতার একাধিক রাস্তা বন্ধ থাকবে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কলকাতার ধর্মতলায় সারা রাজ্য থেকে আগত লক্ষাধিক কর্মীর উদ্দেশ্যে শুক্রবার ভাষণ দেবেন। এই জন্য সকাল থেকেই ধর্মতলা ও আশপাশের সব রাস্তা বন্ধ করে দেওয়া হবে। এ কারণে তীব্র যানজটের সৃষ্টি হতে পারে। কলকাতা পুলিশের তরফে জানানো হয়েছে, ধর্মতলা সংলগ্ন আমহার্স্ট স্ট্রিট, কেসি সেন স্ট্রিট থেকে বিবেকানন্দ রোড, বিধান সরণি এবং কলেজ স্ট্রিট বন্ধ থাকবে। ব্রাবার্ন রোডের উত্তর থেকে দক্ষিণ অংশ, হেয়ার স্ট্রেটের শুরু থেকে রাজা মাউন্ট স্ট্রিট, দক্ষিণ থেকে উত্তরে স্ট্র্যান্ড রোড, পূর্ব থেকে পশ্চিমে বিবি গাঙ্গুলী স্ট্রিট এবং দক্ষিণ থেকে উত্তরে বেন্টিঙ্ক স্ট্রিটও বন্ধ হয়ে যাবে। পশ্চিম থেকে পূর্ব এবং বিকে পল অ্যাভিনিউ থেকে লালবাজার স্ট্রিট পর্যন্ত নতুন সিআইটি রোড বন্ধ থাকবে। এ ছাড়া রবীন্দ্র সরণি থেকে দক্ষিণ থেকে উত্তর দিকে যান চলাচল বন্ধ থাকবে। কলকাতা ট্র্যাফিক পুলিশের তরফে জারি করা এক বিবৃতিতে বলা হয়েছে, কলকাতা পুলিশের অধীনে সমস্ত এলাকায় শুক্রবার সকাল ৩:০০টা থেকে রাত ৮:০০টা পর্যন্ত পণ্যবাহী যান চলাচল বন্ধ থাকবে। গ্যাস সিলিন্ডার সরবরাহকারী যানবাহন, ফল, শাকসবজি এবং দুধ সরবরাহকারী পণ্যবাহী যান, তাও সীমিত রুটে চলাচলের অনুমতি দেওয়া হবে। পুলিশ একটি পরামর্শ জারি করেছে, শুক্রবার এই এলাকাগুলির মধ্য দিয়ে যাতায়াতকারীরা বিকল্প পথ দিয়ে তাদের গন্তব্যে যেতে পারে।

## শাহরুখ খানের হাত ধরে বিশ্বকাপের প্রোমো রিলিজ করল আইসিসি

মুম্বই, ২০ জুলাই (হি.স.): ওডিআই বিশ্বকাপের কাউন্ট ডাউন চলছে। বিশ্বকাপ নিয়ে উত্তেজনা বাড়ছে। আর তাতে আলাদা মাত্রা দিল বিশ্বকাপের ""প্রোমো।"" এই প্রোমো রিলিজ করার আগে আইসিসি ১৯ জুলাই রাতে একটি ছবি শেয়ার করে। ছবিতে দেখা যায় বলিউড সুপারস্টার শাহরুখ খানকে। তিনি ওডিআই ট্রফির দিকে তাঁকিয়ে রয়েছেন।

আর আইসিসি ওই পোস্টের ক্যাপশনে লেখে, 'কিং খান ীঙ্খঢঙ্খ২৩ ট্রফি।"" এর পর বৃহস্পতিবার আইসিসি-র পক্ষ থেকে ২ মিনিট ১৩ সেকেন্ডের এক ভিডিয়ো শেয়ার করা হয়েছে। ক্যাপশনে লেখা হয়েছে, '২০২৩ সালের আইসিসি পুরুষ ক্রিকেট বিশ্বকাপে ইতিহাস লেখা হবে এবং স্বপ্নপূরণ হবে।"" আজ মুম্বই থেকে আইসিসি এবং বিসিসিআই যৌথ উদ্যোগে বিশ্বকাপের জন্য প্রচারাভিযান শুরু করল। তার আগে ক্রিকেট প্রেমীদের মধ্যে ওডিআই বিশ্বকাপ নিয়ে এই প্রচারাভিযানকে উল্লেখ করা হচ্ছে, 'ইট টেকস ওয়ান ডে' নামে।

## আরারিয়ায় গৃহবধূর ঝুলন্ত দেহ উদ্ধার

আরারিয়া, ২০ জুলাই (হি. স.) : বিহারের ফরবিশগঞ্জের শাহবাজপুর এক নম্বর ওয়ার্ডে এক গহবধূর ঝুলন্ত দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। বৃহস্পতিবার রান্নাঘরে ঝুলন্ত অবস্থায় তার দেহ পাওয়া যায়। তাড়াহুড়ো করে পরিবারের সদস্যরা তাকে ফরবিশগঞ্জ মহকুমা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক ছয় ঘণ্টা আগে নববিবাহিত মহিলার মৃত্যুর কথা জানান। যৌতুকের জন্য তাকে হত্যার অভিযোগ তুলেছেন মহিলার বাবা-মা। নিহত কাঞ্চন দেবীর স্বামী সোনু কুমার মন্ডল জানান, ২০২১ সালে তাদের বিয়ে হয়। এদিন সকালে তার বোন রান্নাঘরে গিয়ে দেখেন কাঞ্চনের দেহ ঝুলছে।

নিহতের ভাই বিক্রম কুমার মন্ডলের অভিযোগ, বোনের স্বামী ও শ্বশুরবাড়ির লোকজন পাঁচ লাখ টাকা ও একটি মোটরসাইকেল চেয়েছিল, না দিতে পারায় তাকে হত্যা করেছে।

খবর পেয়ে বাথনাহা ওপির পুলিশ আধিকারিক দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালে পাঠান। ময়নাতদন্তের রিপোর্ট ও তদন্তের পর বিষয়টি পরিষ্কার হবে বলে জানান তিনি।

# ভারতে কোভিড-সংক্রমণ পৌঁছল ৫১-তে; বৃদ্ধি পাচ্ছে সক্রিয় রোগীর সংখ্যা, নতুন করে মৃত্যু হয়নি



নয়াদিল্লি, ২০ জুলাই (হি.স.): ভারতে করোনার দৈনিক সংক্রমণ নিয়ন্ত্রণের মধ্যে থাকলেও ওঠানামা করছে আক্রান্তের সংখ্যা, ফের বাড়ছে সক্রিয় রোগীর সংখ্যাও। বিগত ২৪ ঘন্টায় দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন মাত্র ৫১ জন। বুধবার সারাদিনে ভারতে করোনায় মৃত্যু হয়নি কারও। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা বৃদ্ধি পেয়ে ১,৪৭৬-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০০ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। মৃত্যুর সংখ্যা এই মুহূর্তে ৫,৩১,৯১৫।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বৃহস্পতিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৬১,৬৬৪ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। বিগত ২৪ ঘন্টায় টিকা পেয়েছেন ০০,৪৮৫ জন, মোট করোনার টিকা পেয়েছেন ২২০,৬৭,৪৯,১১৯ জন। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১৯ জুলাই সারা দিনে ভারতে ৪৪,৫১৭ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

## মধুবনীতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু ছাত্রের

মধুবনী, ২০ জুলাই (হি. স.) : বিহারের রহিকা থানা এলাকায় হাই টেনশন তারের সংস্পর্শে এসে ঘটনাস্থলেই এক স্কুল ছাত্রের মৃত্যু হয়। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার সকালে।

জানা গেছে, বিদ্যুৎ বিভাগের গাফিলতির কারণে রহিকা চকে স্থাপিত ট্রান্সফরমারের হাই টেনশন তার ছিঁড়ে রাস্তায় পড়ে যায়। সেই সময় স্কুলে যাওয়ার সময় গোলু কুমার (১২) ওই তারের সংস্পর্শে এসে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে প্রাণ হারায়। রহিকা থানার পুলিশ দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতাল মর্গে পাঠিয়েছে।

## কে কে শর্মার স্থলাভিষিক্ত বি আর শর্মা

শ্রীনগর, ২০ জুলাই (হি.স.): জম্মু ও কাশ্মীরের নতুন রাজ্য নির্বাচন কমিশনার হিসেবে শুক্রবার শপথ নিয়েছেন ব্রজ রাজ শর্মা। শুক্রবার শ্রীনগরের রাজভবনে আয়োজিত শপথগ্রহণ অনুষ্ঠানে ব্রজ রাজ শর্মাকে জম্মু ও কাশ্মীরের নতুন রাজ্য নির্বাচন কমিশনার হিসেবে শপথবাক্য পাঠ করিয়েছেন উপ-রাজ্যপাল মনোজ সিনহা।

সরকারের মুখপাত্র জানিয়েছেন, শুক্রবার রাজভবনে আয়োজিত একটি অনুষ্ঠানে জম্মু ও কাশ্মীরের নতুন রাজ্য নির্বাচন কমিশনার হিসাবে শপথ নেন ব্রজ রাজ শর্মা। উপ-রাজ্যপাল মনোজ সিনহা তাঁকে শপথবাক্য পাঠ করান। বি আর শর্মা গত সপ্তাহেই জম্মু ও কাশ্মীরের নতুন রাজ্য নির্বাচন কমিশনার নিযুক্ত হন। তাঁর পূর্বসূরি কে কে শর্মা হাত ১ ফেব্রুয়ারি নিজের মেয়াদ শেষ করেছেন।

# ফের দিলীপ ও বিজেপি-র প্রচারকে কটাক্ষ তথাগত রায়ের

কলকাতা, ২০ জুলাই (হি. স.) : গত বিধানসভা ও তার আগেপড়ে সামাজিক মাধ্যমে প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়ের নানা মন্তব্য আলোড়ন জাগিয়েছিল। দলের দিল্লির নেতৃত্বকে পর্যন্ত হস্তক্ষেপ করতে হয়েছিল তাতে। ফের তথাগতবাবুর মন্তব্য দলে অস্বস্তি তৈরি করেছে। পোস্ট করার এক দিন বাদে বৃহস্পতিবার সকাল পৌনে ১১টায় এই পোস্টে লাইক, মন্তব্য ও শেয়ারের সংখ্যা দাঁড়িয়েছে যথাক্রমে ২১৫,৬৬ ও ৭।

তিনি সামাজিক মাধ্যমে লিখেছেন, "রাজনৈতিক অভিজ্ঞতাবিহীন একজন লোক হঠাৎ দলে এসে ভেলকি করে আঠারোটা আসন পাইয়ে দিলেন, একথা যারা বিশ্বাস করেন তারা ঘোড়ার ডিম বা পক্ষীরাজ ঘোড়াতেও বিশ্বাস করতে পারেন। ইনি নিজের শিক্ষাগত যোগ্যতা সম্বন্ধেও এফিডেভিট করে মিথ্যা কথা বলেছিলেন।এঁর পিছনে বেশি কথা খরচ করে লাভ নেই। পশ্চিমবঙ্গ বিজেপির অন্যতম সমস্যা, কোনো চিন্তা, ভাবনা, পরিকল্পনা ছাড়া কাজে নেমে পড়া। ২০২১ সালের শোচনীয় ফলের অন্যতম কারণ, এই ভাবে গাদা গাদা হিন্দিভাষী নেতাদের রাজ্যে এনে তাদের দিয়ে হিন্দিতে বক্তৃতা করানো, যেখানে মমতা বলে যাচ্ছেন তিনি 'বাংলার মেয়ে'।কোনো স্লোগান পর্যন্ত তৈরী হয় নি, কোনো স্বপ্ন মানুষের সামনে রাখা হয় নি - শুধু দুটো অর্থহীন স্লোগান ছাড়া, "সোনার বাংলা" এবং "আর নয় অন্যায়"। এ ছাড়া কামিনী-কাঞ্চন তো ছিলই। এর সঙ্গে তুলনীয়, ২০১৪ সালে মোদীজির 'চায় পে চর্চা'-র মতো বুদ্ধিদীপ্ত পরিকল্পনাপ্রসূত পদক্ষেপ।

পরিকল্পনা ছাড়া কোনো মহৎ কার্য সম্পন্ন হতে পারে না। পরিকল্পনা করতে হয় ঠান্ডা মাথায়, ঠান্ডা ঘরে বসে।

শুধু মেঠো রাজনীতিতে যাঁদের বিশ্বাস তাঁরা সবসময়েই এই 'ঠান্ডা ঘরের' ব্যাপারটা নিয়ে ঠেস দিতে ছাড়েন না। তা দিন। কিন্তু 'বহু কিলোমিটার' ঘুরে গাঁয় গাঁয় যা-ইচ্ছে-তাই ভাট বকে এলে তা মানুষের মনে কোন দাগ কাটবে না - কর্মীদের একটু উৎসাহিত করা যেতে পারে এইমাত্র, তাও সাময়িকভাবে। সাধারণ মানুষ বোকা নন।

তাঁরা নেতাদের বক্তৃতার মধ্যে আগামী দিনের পথনির্দেশ খোঁজেন। যদি তা না থাকে, এবং সেই বক্তৃতা যদি হিন্দি হবার ফলে মানুষের কাছে সহজবোধ্য না হয় তাহলে কি হবে বোঝাই যায়ঊ"

# বসিরহাটে যুবকের হাতে খুন 'কুখ্যাত দুষ্কৃতী'

উত্তর ২৪ পরগনা, ২০ জুলাই (হি. স.) : বৃহস্পতিবার ভোররাতে উত্তর ২৪ পরগনা বসিরহাট মহাকুমার বসিরহাটে থানার সাকচুড়া বাগুন্দি গ্রাম পঞ্চায়েতের বাঁশ ঝারি গ্রামে এক যুবক খুন হন। পুলিশের দাবি, মৃত জিয়ারুল গাজী স্থানীয় কুখ্যাত দুষ্কৃতী। পূর্ব পরিচিত এক যুবকের হাতে তিন খুন হন।

বছর ৩৭ এর জিয়ারুল গাজী তার কাছের সঙ্গী হাকিমের শ্বশুর বাড়িতে যায়। একসঙ্গে বেশ কিছুক্ষণ নিজেদের মধ্যে কথা বলেন। হঠাৎই কোমর থেকে পিস্তল বের করে পরপর দুটো গুলি চালায়। গুরুতর জখম অবস্থায় পুলিশ উদ্ধার করে বসিরহাট স্বাস্থ্য জেলা হাসপাতালে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন।

স্থানীয়দের বক্তব্য নিহত যুবক এলাকায় কুখ্যাত দুষ্কৃতী হিসেবেই পরিচিত। মৃতের শাশুড়ি সালমা বিবি ও পরিবারের দাবি দীর্ঘদিনের এলাকায় দখল নিয়ে জিয়ারুল গাজীর সঙ্গে হাকিমের গন্ডগোল চলছিল। তার জেরেই খুন বলে খবর। মৃত জিয়ারুল গাজীর বিরুদ্ধে জেলা ও রাজ্যের বিভিন্ন থানায় একাধিক খুন ছিনতাই ডাকাতি রাহাজানি অভিযোগ রয়েছে দীর্ঘদিন ধরে পুলিশ তাকে খুঁজছিল।

প্রসঙ্গত কয়েকদিন আগেই বসিরহাটে দুষ্কৃতীদের ছোড়া গুলিতে শম্ভুনাথ গাইন নামে এক দুষ্কৃতী খুন হয়। দুষ্কৃতীরা বেশ কয়েক রাউন্ড গুলি চালায়। দুষ্কৃতীদের গুলিতে একজন গ্রামবাসীও আহত হন। নাম ভব ক্রিস্টো। আহত ওই ব্যক্তিকে প্রথমে বসিরহাট সুপার স্পেশালিটি হাসপাতালে আনা হলে তাকে কলকাতায় স্থানান্তরিত করা হয় ।ঘটনাটি ঘটে বসিরহাট স্টেশন সংলগ্ন রাজীব কলোনি এলাকায়।

## অবরোধ

● **প্রথম পাতার পর**

ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্টের মেশিন বসানোর কাজ সম্পন্ন হবার পর এই ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট থেকে জল সরবরাহ শুরু হলেও প্রায় দশ দিন পানীয়জল সরবরাহের পর ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্টটি তালাবন্দী করে দেয় গ্রামের আবাদুর রহমান নামে এক যুবক। অবরোধকারী গ্রামবাসীরা আরও জানায় যে, গ্রামের দুই স্থায়ী বাসিন্দা আবাদুর রহমান এবং আকাদুর রহমান।

এরা দুইজন আপন ভাই। ছোটো ভাই আকাদুর রহমানের জায়গায় ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট বসানোর পর ছোট ভাই আকাদুর রহমানকে ঘুমে রেখে বড় ভাই আবাদুর রহমান নিজের নামে পাম্প অপারেটরের চাকুরী হাতিয়ে নিচ্ছিলো। শেষ মুহুর্তে ছোট ভাই আকাদুর রহমান এই খবর শোনার পর সংশ্লিষ্ট দপ্তরে লিখিত অভিযোগ করার পর বড় ভাই আবাদুর রহমানের পাম্প অপারেটরের চাকুরীর অফার বাতিল হয়ে যায়। চাকুরীর অফার বাতিল হবার খবর পাওয়া মাত্রই বড় ভাই আবাদুর রহমান উত্তেজিত হয়ে গ্রামের নবনির্মিত ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্টটি তালাবন্ধী করে দেয়। প্রায় দেড় মাস ধরে ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট তালাবন্ধী থাকায় গোটা মুসলিম পল্লী গ্রামে পানীয়জলের তীব্র হাহাকার শুরু হয়েছে। যার ফলে গ্রামবাসীরা একপ্রকার বাধ্য হয়ে কুড়ি জুলাই বৃহস্পতিবার দুপুর বারোটা থেকে কৈলাসহরের ছনতৈল এলাকার কামরাংগা বাড়ি লোহার ব্রিজটি অবরোধ করে দেয়।

লোহার ব্রিজটি অবরোধ করার ফলে কয়েক শত গাড়ি এবং কয়েক শত যাত্রী আটকে পড়ে। অবরোধের খবর পেয়ে কৈলাসহর থানা থেকে বিশাল পুলিশ এবং টি.এস.আর অবরোধস্থলে যায়। অবরোধকারীরা স্পষ্ট ভাবেই জানিয়ে দেয় যে, যতক্ষন অব্দি সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকরা এসে কোনো ধরনের আশ্বাস দেবেন না ততোক্ষন অব্দি রাস্তা অবরোধ চালিয়ে যাওয়া হবে বলে জানানদীর্ঘ চার ঘন্টা অবরোধ থাকার পর বিকেল চারটা নাগাদ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকরা অবরোধস্থলে গিয়ে গ্রামবাসীদের সাথে কথা বলার পর আধিকারিকরা জানায় যে, যতদিন অব্দি দুই ভাইয়ের সাথে সংশ্লিষ্ট দপ্তরের বোঝাপড়া হচ্ছে না ততদিনব্দি প্রতিদিন দুই বেলা করে দপ্তরের পক্ষ থেকে গাড়ি দিয়ে গ্রামে পর্যাপ্ত পরিমানে পানীয়জল সরবরাহ করা হবে। এই আশ্বাস পাবার পর অবরোধ কারীরা বিকেল সাড়ে চারটা নাগাদ অবরোধ প্রত্যাহার করে নেয়।

# টেটের পাশ নম্বরে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে হাই কোর্টের তৃতীয় বেঞ্চ


কলকাতা, ২০ জুলাই (হি. স.) : সংরক্ষিত আসনে টেট পাশের নম্বর নিয়ে দুই বিচারপতি তাঁদের রায়ে ভিন্নমত পোষণ করেছিলেন। এবার সেই মামলা গেল তৃতীয় বেঞ্চে।বিচারপতি সৌগত ভট্টাচার্য একক বেঞ্চ আগামী ১৬ আগস্ট এই মামলার শুনানি করবেন। বৃহস্পতিবার সবপক্ষের আইনজীবীরা ওই এজলাসে গিয়ে মামলাটি দ্রুত শুনানির আবেদন করেন।১৫০ নম্বরে পরীক্ষা হয়েছিল। টেট পাশের জন্য সংরক্ষিত আসনের প্রার্থীদের জন্য ৫৫ শতাংশ ধার্য ছিল। সেই অর্থে ৮২.৫ পেলে সংরক্ষিত আসনের প্রার্থীরা পাস করতেন। এনসিটিই-এর নিয়ম অনুযায়ী, পরীক্ষার্থীরা ৮২ নম্বর পেলেই এ ক্ষেত্রে তাঁদের উত্তীর্ণ বলে ধরা হবে। কিন্তু প্রাথমিক শিক্ষা পর্ষদের যুক্তি, ১৫০-এর মধ্যে ৮২ নম্বর আসলে ৫৪.৬৭ শতাংশ। অর্থাৎ, নিয়ম অনুযায়ী ৫৫ শতাংশ হচ্ছে না। ১ নম্বর বেশি হলে তবে তা শতাংশের বিচারে হত ৫৫.৩৪। সে ক্ষেত্রে ৫৫ শতাংশের নিয়ম প্রযোজ্য হত।বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের সিঙ্গল বেঞ্চের নির্দেশ ছিল উত্তীর্ণের নম্বর ৮২ ধরতে। এলাহাবাদ হাই কোর্টের নির্দেশ ও এনসিটির রিপোর্ট উল্লেখ করে এই রায় দিয়েছিলেন বিচারপতি। বোর্ড সেই সিদ্ধান্ত মেনে নেয়। শুরু হয় সাক্ষাৎকারও। কিন্তু কেউ কেউ রায়কে চ্যালেঞ্জ করে ডিভিশন বেঞ্চে যান। তাঁদের বক্তব্য ছিল, ৮২ পেলে পাস করানো যাবে না। মামলায় হয় বিচারপতি সুব্রত তালুকদার ও বিচারপতি সুপ্রতিম ভট্টাচার্য ডিভিশন বেঞ্চে। বিচারপতি সুব্রত তালুকদার ও বিচারপতি সুপ্রিম ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ এই মামলার শুনানি করলেও রায় নিয়ে দুই বিচারপতি ভিন্নমত পোষণ করেন। এবার সেই মামলা গেল তৃতীয় বিচারপতির কাছে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (**টোলফ্রি : ২৪ ঘন্টা**)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# তেলিয়ামুড়ায় বিদ্যার্থী পরিষদের উদ্যোগে কৃতি সংবর্ধনা তেলিয়ামুড়া

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২০ জুলাই।।** অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ এর ৭৫ তম রাষ্ট্রীয় বিদ্যার্থী দিবস উপলক্ষে তেলিয়ামুড়া নগর ইউনিটের উদ্যোগে কৃতি সম্বর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয় বৃহস্পতিবার। বৃহস্পতিবার চিত্রাঙ্গদা কলাকেন্দ্র তথা তেলিয়ামুড়া টাউন হলে অনুষ্ঠিত হয় সম্বর্ধনা অনুষ্ঠান। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া মহকুমা পুলিশ আধিকারিক প্রসূন কান্তি ত্রিপুরা, অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ ত্রিপুরা রাজ্য সম্পাদক সঞ্জিত সাহা, অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ কার্যনির্বাহী সদস্য পিনাক রঞ্জন দাস,অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ খোয়াই জেলা সংযোজক দিপ্তনু শুক্লদাস সহ সংগঠনের অন্যান্য সদস্যরা। মূল অনুষ্ঠান শুরুর আগে ৭৫ তম রাস্ট্রীয় বিদ্যার্থী দিবস উপলক্ষ্যে তেলিয়ামুড়া শহরে এক শোভাযাত্রা সংঘটিত হয় অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ তেলিয়ামুড়া নগর ইউনিটের উদ্যোগে। এই শোভাযাত্রায় তেলিয়ামুড়া শহরের বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র ছাত্রীরা অংশ গ্রহন করে। উক্ত কৃতি সম্বর্ধনা অনুষ্ঠানে তেলিয়ামুড়া মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের ২০২৩ ইংরেজি সনের মাধ্যমিক এবং দ্বাদশ পরিক্ষায় কৃতি ছাত্র ছাত্রীদের সম্বর্ধনা প্রদান করা হয়।

# পর্ষদ পরিচালিত দ্বাদশে কৃতি তালিকায় যুগ্মভাবে নবম স্থান দখল কল ফটিকরায় স্কুলের ছাত্র রেবেল সিনহা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।।** ত্রিপুরায় চলতি বছরের মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক পরীক্ষায় ত্রিপুরা বোর্ডের মেধাবীদের তালিকায় যুগ্ম নবম স্থান করে নিয়েছে ঊনকোটি জেলার ফটিকরায় দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের কৃতি ছাত্র রেবেল সিনহা। তার এই সাফল্যে অত্যন্ত খুশি তার মা-বাবা সহ বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা এবং অন্যান্য পড়ুয়ারা। নিজের সাফল্য দেখিয়ে বিদ্যালয়ের সুনাম বৃদ্ধি করায় কৃতি এই ছাত্রকে সংবর্ধিত করলো বিদ্যালয় কর্তৃপক্ষ। বিদ্যালয়ের ক্যাম্পাস হলে শিক্ষক শিক্ষিকা এবং বিদ্যালয় পরিচালন কমিটির সদস্যদের উপস্থিতিতে এক অনুষ্ঠানের মধ্যদিয়ে তার হাতে সংবর্ধনা স্মারক এবং উপহার তুলে দেন শিক্ষক শিক্ষিকা এবং বিদ্যালয় পরিচালন কমিটির সদস্যরা। ছাত্রের এই সাফল্যে শিক্ষক শিক্ষিকাদের তরফ থেকে নিজেদের অভিমত তুলে ধরেছেন বিদ্যালয়ের শিক্ষিকা খুকুরানী বিশ্বাস। এদিকে কিভাবে কি করলে এই সাফল্যের চূড়া ছোঁয়া যায় তা নিজেই তুলে ধরেছে কৃতি ছাত্র রেবেল। তার এই সাফল্যে গর্বিত গোটা ফটিকরায় তথা কুমারঘাট মহকুমা।

## মুখ্যমন্ত্রী

● **প্রথম পাতার পর**

আরও আন্তরিক হতে হবে। ছাত্রছাত্রীদেরও আদর্শ শিক্ষকের গুণাবলী অনুসরণ করতে হবে। মুখ্যমন্ত্রী বলেন, প্রাচীনকাল থেকেই আমাদের দেশের শিক্ষা ব্যবস্থায় একটা ঐতিহ্য রয়েছে। আগে বিভিন্ন দেশ থেকে ছাত্রছাত্রীরা উচ্চশিক্ষা লাভের জন্য নালন্দা, তক্ষশিলার মতো প্রাচীন বিশ্ববিদ্যালয়গুলিতে পড়তে আসতো। প্রাচীন এই বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষা ব্যবস্থা বর্তমানেও প্রাসঙ্গিক। পুঁথিগত বিদ্যার সাথে সাথে সময়ের সঙ্গে তাল মিলিয়ে যাতে ছাত্রছাত্রীরা যাতে এগিয়ে যেতে পারে সেজন্যই অনেক পরীক্ষা নিরীক্ষার পর দেশে নুতন জাতীয় শিক্ষানীতি তৈরী করা হয়েছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, ছাত্রছাত্রীদের গুণগত শিক্ষা প্রদানের লক্ষ্যে রাজ্য সরকার পরিকাঠামোগত উন্নয়ন সহ নানা পরিকল্পনা গ্রহণ করে কাজ করছে। তাই ছাত্রছাত্রীদের প্রাইভেট টিউশনের উপর নির্ভরতা কমিয়ে বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থার উপর আস্থা রাখার ক্ষেত্রে অভিভাবকদের গুরুত্ব দিতে হবে। মুখ্যমন্ত্রী বলেন, ছাত্রছাত্রীদের পড়াশুনার পাশাপাশি খেলাধুলা চর্চার উপরও গুরুত্ব দিতে হবে। তবেই সে মানসিক ও শারীরিকভাবে সমৃদ্ধ হবে। রাজ্য সরকার শিক্ষার পরিকাঠামোগত উন্নয়নে আন্তরিক। বাজেটেও শিক্ষার জন্য সবথেকে বেশী বরাদ্দ রাখা হয়েছে। ইনস্টিটিউট অব অ্যাডভান্সড স্টাডিস ইন এডুকেশনের উন্নয়নের জন্যও এবারের বাজেটে ১০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয়, ডেন্টাল কলেজ সহ বহু সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। এগুলিকে ভিত্তি করেই রাজ্যে শিক্ষার হাব গড়ে তোলার লক্ষ্যে রাজ্য সরকার কাজ করছে। এক্ষেত্রে শিক্ষক-শিক্ষিকাদের সব থেকে গুরুত্বপূর্ণ দায়িত্ব গ্রহণ করতে হবে।অনুষ্ঠানে ইআরসি-এন সিটিই-র চেয়ারপার্সন প্রফেসর নিলীমা ভগবতী বলেন, আজকের দিনটি এই প্রতিষ্ঠানের জন্য একটি ঐতিহাসিক দিন। কোনও প্রতিষ্ঠান ৬০ বছর সুনামের সঙ্গে পরিচালনা করা সহজ বিষয় নয়। প্রধামন্ত্রীর আন্তরিক প্রচেষ্টায় দেশের শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন ঘটেছে। নতুন জাতীয় শিক্ষানীতি প্রবর্তন দেশের শিক্ষা ব্যবস্থার জন্য একটি গুরুত্বপূর্ণ দিক। অনুষ্ঠানে শিক্ষাদপ্তরের সচিব শরদিন্দ চৌধুরী বলেন, রাজ্যে গুণগত শিক্ষা প্রদানে সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। সরকারের এই প্রচেষ্টায় শিক্ষক-শিক্ষিকাদের আন্তরিক অংশগ্রহণ আরও প্রয়োজন।অনুষ্ঠানে স্বাগত ভাষণে ইনস্টিটিউট অব অ্যাডভান্সড স্টাডিস ইন এডুকেশনের অধ্যক্ষ ডঃ রত্না রায় বলেন, ১৯৬৪ সালে এই প্রতিষ্ঠানে পথচলা শুরু হয়। বর্তমানে এই প্রতিষ্ঠান শিক্ষক প্রশিক্ষণ ছাড়াও এনসিটিই-র গাইড লাইন অনুসারে সিলেবাস তৈরীতেও গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে থাকে। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা। ইনস্টিটিউট অব অ্যাডভান্সড স্টাডিস ইন এডুকেশনের হীরক জয়ন্তী উৎসব পালন উপলক্ষ্যে এই প্রতিষ্ঠানের ৩ জন প্রাক্তন কর্মীকে সংবর্ধনা দেওয়া হয়। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা:) মানিক সাহা সংবর্ধনাস্বরূপ তাদের হাতে মারক উপহার তুলে দেন।

## জানাল মথা

● **প্রথম পাতার পর**

মনিপুর সফর করেও এই বিষয়ে কোনো পদক্ষেপ গ্রহণ করছে না বলে অভিযোগ তার। অথচ কংগ্রেস নেতা রাহুল গান্ধী মণিপুরে গিয়ে প্রতিটি জনজাতি গোষ্ঠীর সঙ্গে কথা বলার চেষ্টা করেছেন এবং শান্তি সম্প্রীতি রক্ষা আবেদন জানিয়েছেন। অথচ প্রধানমন্ত্রী বলছেন বেটি বাঁচাও বেটি পড়াও। আর মনিপুরের ছবিটা ঠিক উল্টো। দুই মহিলাকে নগ্ন করে হাটানো এবং গণধর্ষণের ঘটনা থেকে স্পষ্ট রাজ্যের আইন-শৃঙ্খলা কতটা খারাপ হতে পারে। এর জন্য দেশবাসীকে প্রতিবাদে সামিল হওয়ারও আহ্বান জানান তিনি। এদিকে মনিপুরের বর্বর ঘটনার নিন্দা জানিয়ে এবং অভিযুক্তদের কঠোর শাস্তির দাবি জানিয়েছে ত্রিপ্রা মথার মহিলা সংগঠন তিপ্রা ওমেন ফেডারেশন। আজ আগরতলায় সংগঠনের নেত্রী মনিহার দেববর্মা জানান মনিপুরে এতদিন ধরে সন্ত্রাস চলছে সন্ত্রাসের শিকার হচ্ছে মহিলা থেকে আরম্ভ করে শিশু। অথচ প্রশাসনের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠছে। মনিপুরে শান্তি ফিরিয়ে আনতে অবিলম্বে রাষ্ট্রপতি এবং দেশ পরিচালকদের হস্তক্ষেপের দাবি জানাচ্ছে সংগঠন। পুলিশের সামনে এই ঘটনা ঘটছে অথচ পুলিশ নিরব বলে অভিযোগ করেন তারা। মণিপুরী অবিলম্বে শান্তি সম্প্রীতি ফিরিয়ে আনা দাবি জানাচ্ছে সংগঠন।

## মুলতুবি

● **প্রথম পাতার পর**

জানিয়ে রাজ্যসভার অধিবেশন দুপুর ১২টা পর্যন্ত মুলতবি করা হয়। লোকসভার অধিবেশন মুলতুবি হয় দুপুর দু""টো পর্যন্ত। লোকসভায় এদিন সাংসদ হিসেবে শপথ নেন আম আদমি পার্টির সুশীল কুমার রিঙ্কু। রাজ্যসভায় বারোটার পর অধিবেশন শুরু হলেও, মণিপুর ইস্যুতে আলোচনার দাবি জানান বিরোধীরা। এরপর দুপুর দু""টো পর্যন্ত মুলতুবি করে দেওয়া হয় রাজ্যসভার অধিবেশন। দুপুর দু""টোর পর উভয়কক্ষের অধিবেশন শুরু হলেও, হৈহট্টগোল চলতে থাকে। এরপর দিনের মতো উভয়কক্ষের অধিবেশন মুলতুবি করে দেওয়া হয়। এদিকে, পশ্চিমবঙ্গের পঞ্চায়েত ভোটের সময় হিংসার ঘটনায় এদিন সংসদ চত্বরে বিক্ষোভ প্রদর্শন করেন বঙ্গ বিজেপির সাংসদরা। উপস্থিত ছিলেন সুকান্ত মজুমদার, দিলীপ ঘোষ, লকেট চট্টোপাধ্যায় প্রমুখ।

# কেশব দাসের বোনমেরো ট্রান্সপ্ল্যান্টের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে মুখ্যমন্ত্রীর নির্দেশ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।। মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচি এখন প্রত্যাশী মানুষের কাছে বিশ্বাস ও ভরসার স্থল হয়ে উঠেছে। ক্রমশ বাড়ছে মানুষের ভীড়। আজও তার ব্যতিক্রম হয়নি। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আসা মানুষ একরাশ প্রত্যাশা নিয়ে মুখ্যমন্ত্রীর সরকারী বাসভবনে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার সাথে সাক্ষাৎ করেন। সাক্ষাৎকারের সময় জনসাধারণ তাদের অভাব অভিযোগ ও সমস্যার কথা মুখ্যমন্ত্রীর কাছে তুলে ধরেন। মুখ্যমন্ত্রী প্রত্যেকের সমস্যার কথা শুনে তাদের সমস্যা সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট দপ্তরের সচিব ও আধিকারিকদের নির্দেশ দেন। আজ আগরতলার লঙ্কামুড়ার বাসিন্দা সজল ঘোষ ও তার ী চিকিৎসায় সাহায্যের আর্জি নিয়ে মুখ্যমন্ত্রীর সাথে সাক্ষাৎ করেন। সজল বাবু লিভার ও কিডনিজনিত গুরুতর অসুখে ভুগছেন। সজল ঘোষ মুখ্যমন্ত্রীকে জানান, তার দু'বার হার্নিয়ার অপারেশনও হয়েছে। অসুস্থতার কারণে তিনি এখন কর্মহীন। সজল ঘোষের সমস্যার কথা শুনে মুখ্যমন্ত্রী সাথে সাথে জিবিপি হাসপাতালের মেডিক্যাল সুপারকে সজল ঘোষের উন্নত চিকিৎসার জন্য প্রয়োজনীয় উদ্যোগ নিতে নির্দেশ দেন।

মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে আজ খোয়াইয়ের বাসিন্দা গীতা ঘোষ ব্লাড ক্যান্সারে আক্রান্ত তার স্বামীর চিকিৎসায় সাহায্যের জন্য মুখ্যমন্ত্রীর কাছে এসেছিলেন। মুখ্যমন্ত্রী গীতাদেবীর স্বামীর চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র দেখে ক্যান্সার হাসপাতালের মেডিক্যাল সুপারকে গীতাদেবীর স্বামীর চিকিৎসার জন্য প্রয়োজনীয় উদ্যোগ নিতে বলেন। জিরানীয়ার বাসিন্দা অসীম দাস এসেছিলেন ব্লাড ক্যান্সারে আক্রান্ত তার বাবা কেশব দাসের চিকিৎসার সাহায্যের আবেদন নিয়ে। বর্তমানে কলকাতার একটি বেসরকারী হাসপাতালে অসীমের বাবার চিকিৎসা চলছে। চিকিৎসকরা অসীমের বাবার বোনমেরো ট্রান্সপ্ল্যান্টের পরামর্শ দিয়েছেন, যা অনেকটাই ব্যয়বহুল। অসীম তার সমস্যার কথা তুলে ধরলে মুখ্যমন্ত্রী সাথে সাথে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন। তেমনি বড়জলার বাসিন্দা অমৃতলাল চৌধুরী ও তার ী চিকিৎসার সাহায্যের আর্জি নিয়ে মুখ্যমন্ত্রীর সাথে সাক্ষাৎ করেন। অমৃতলাল চৌধুরী প্যানক্রিয়াস জনিত রোগে ভুগছেন এবং বহির্রাজ্যে গিয়ে অপারেশনও করিয়েছেন। চিকিৎসকরা পুনরায় তাকে অপারেশন করার পরামর্শ দিয়েছে। মুখ্যমন্ত্রী অমৃতলাল চৌধুরীর সমস্যার সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন।

রামনগরের বাসিন্দা ভাস্কর কান্তি কর ক্যান্সারে আক্রান্ত তার মায়ের চিকিৎসার সাহায্যের আর্জি নিয়ে মুখ্যমন্ত্রীর কাছে এলে মুখ্যমন্ত্রী ক্যান্সার হাসপাতালের মেডিক্যাল সুপারকে ভাস্কর বাবুর মায়ের চিকিৎসার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশ দেন। মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে আজ বড়দোয়ালির বাসিন্দা দীপ্তনু দে কর্মসংস্থানের আর্জি নিয়ে মুখ্যমন্ত্রীর দ্বারস্থ হন। এক্ষেত্রেও মুখ্যমন্ত্রী সহায়তার আশ্বাস দেন। মুখ্যমন্ত্রীর সাথে জনগণের সাক্ষাতের সপ্তাহিক কর্মসূচিতে মুখ্যমন্ত্রীর সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী, স্বাস্থ্য দপ্তরের সচিব ড. দেবাশিষ বসু, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের সচিব তাপস রায়, জিবিপি হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেণ্ডেন্ট ডা. শঙ্কর চক্রবর্তী, আগরতলার অটল বিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যান্সার হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেণ্ডেন্ট ডা. শিরমনি দেববর্মা সহ সংশ্লিষ্ট অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন। আজ মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচিতে ২১ জন মুখ্যমন্ত্রীর সাথে সাক্ষাৎ করেন।

## বিশ্রামগঞ্জে

● **প্রথম পাতার পর**

নিমন্ত্রণ করেছে তাই সুফিয়া খাতুন নিশ্চিন্তে চলে গিয়েছে নিমন্ত্রণ খাবার জন্য। হঠাৎ করে বিদ্যুৎ চলে যাওয়ায় মন্টু মিয়া ঝাঁপিয়ে পড়ে সুফিয়ার উপর তার পাশবিক লালসা চরিতার্থ করার জন্য। মন্টু মিয়ার এহেন আচরণে হঠাৎ করে যেন আকাশ থেকে পড়ে যায় সুফিয়া খাতুন।

যাকে সে সব সময় বাবা বলে ডাকে সেই উকিল বাবা এমন কাণ্ড ঘটাবে তা ভেবে উঠতে পারেনি সুফিয়া। অন্ধকার ঘরের মধ্যে কি করবে ভেবে উঠতে পারছিল না। মন্টু মিয়ার কাছ থেকে কোনরকমে নিজেকে বাঁচিয়ে ঘরের বাইরে এসে চিৎকার শুরু করে দেয় সুফিয়া। সুফিয়ার চিৎকার শুনে গোটা গ্রামের মানুষ ছুটে আসে মন্টু মিয়ার বাড়ির সামনে। তখন সমস্ত ঘটনা এলাকাবাসীর সামনে খুলে বলে সুফিয়া খাতুন। অথচ এই মন্টু মিয়াই সুফিয়ার বিয়ের ঘটক ছিল। এই ঘটনা শোনার পর গ্রামের মানুষ ক্ষেপে লাল হয়ে যায়। বুধবার দিন সন্ধ্যা বেলায় এই বিষয়টি নিয়ে গ্রামে সালিশি সভা বসার কথা ছিল। হঠাৎ করে সালিশি সভা বসার আগেই বিশ্রামগঞ্জ থানার পুলিশ মন্টুমিয়া ওরফে জামাল হোসেনকে তুলে নিয়ে আসে বিশ্রামগঞ্জ থানায় অন্য একটি মামলার কথা বলে। মন্টু মিয়া এর আগে তিনটি বিয়ে করেছে।

এরপরেও গ্রামের বিভিন্ন মহিলাদের উপর তার কুনজর সবসময় পড়ে থাকে। তাকে গ্রামের মানুষ কখনো ভালো চোখে দেখেনি। এই ঘটনায় ক্ষুব্ধ হয়ে গোটা গ্রামের মানুষ বিশ্রামগঞ্জ থানায় আসে। সঙ্গে আসে নির্যাতিতা গৃহবধূ সুফিয়া খাতুন এবং তার স্বামী মামুন হোসেনও। বিশ্রামগঞ্জ থানায় মন্টু মিয়া উরফে জামাল হোসেনের বিরুদ্ধে এফআইআর করে সুফিয়া খাতুন। এই ঘটনার প্রতিক্রিয়া জানাতে গিয়ে বিশ্রামগঞ্জ থানার সামনে এলাকার বিশিষ্ট সমাজসেবী বুদ্ধ দেববর্মা ,কৃষ্ণ দেববর্মা এবং সাহিদুল হোসেন বলেন এই ঘটনার আমরা তীব্র নিন্দা জানাই এবং দোষীকে আইন অনুযায়ী যাতে কঠোর সাজা দেওয়া হয় তার দাবি জানাই। পুলিশ প্রশাসনের প্রতি ও আমাদের আস্থা এবং বিশ্বাস রয়েছে। এই সমস্ত বিকৃত মানসিকতা সম্পন্ন লোকেদের কঠোর সাজা হওয়া দরকার বলে সংবাদমাধ্যমের সামনে তুলে ধরেন এলাকার লোকজন। এই ঘটনায় যথেষ্ট উত্তেজনা বিরাজ করছে ননজলা গ্রামে।

## প্রধানমন্ত্রী

● **প্রথম পাতার পর**

পূর্ণ শক্তি দিয়ে কাজ করবে।' প্রধানমন্ত্রী আরও বলেছেন, 'মণিপুরের ঘটনা ১৪০ কোটি ভারতীয়কে লজ্জায় ফেলেছে। আমি ভারতের জনগণকে আশ্বস্ত করতে চাই, অভিযুক্তদের রেহাই দেওয়া হবে না।'

# বিশালগড়ে অপহরণ কান্ডে অভিযুক্তদের শাস্তি প্রদানে প্রশাসনিক তৎপরতা শুরু

নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ২০ জুলাই।। বুধবার বেলা দুইটায় বিশালগড় বাইপাস সড়কে প্রকাশ্যে দিনদুপুরে এক যুবককে অপহরণের ঘটনা ঘটে বিশালগড়ে। ঘটনাটি ঘটে এক যুবককে একটি স্কুটিতে করে জোরপূর্বক তুলে নিয়ে যায় কয়েকজন যুবক। স্থানীয় পথচলতি মানুষ দাঁড়িয়ে রঙ দেখছিলেন। পরবর্তী সময়ে অপহৃত যুবকের মা বাবা বিশালগড় থানার দ্বারস্থ হয়। পুলিশি তৎপরতা শুরু হতেই মুক্তি পেয়ে বাড়িতে চলে যান অপহৃত যুবকটি। লেনদেন সংক্রান্ত বিষয় নিয়ে এই অপহরণ কান্ড সংগঠিত হয়েছে বলে জানা গিয়েছে। রোমহষর্ক অপহরণ কান্ডের ভিডিও সামাজিক মাধ্যমে ভাইরাল হয়। নিন্দার ঝড় উঠে। সংবাদমাধ্যমে খবর প্রকাশিত হয়। এরপর নড়েচড়ে বসে প্রশাসন। দোষীদের বিরুদ্ধে দ্রুত কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়ার জন্য পুলিশ প্রশাসনকে নির্দেশ দিয়েছে মহকুমা শাসক বিনয় ভূষণ দাস। আইন শৃঙ্খলা বিনষ্ট করার চেষ্টা করে যারা মহকুমার বদনাম করছে তাদের আইনের আওতায় এনে শাস্তি প্রদানের জন্য মহকুমা পুলিশ আধিকারিক পান্নালাল সেনকে চিঠি লিখেছেন মহকুমা শাসক বিনয় ভূষণ দাস।

# একুশের মঞ্চে থাকছেন না করিম চৌধুরি

উত্তর দিনাজপুর, ২০ জুলাই (হি. স.) : ২১ জুলাই তৃণমূলের শহিদ দিবস পালনের কর্মসূচিতে অংশ নিচ্ছেন না প্রাক্তন মন্ত্রী ও ইসলামপুরের বিধায়ক আবদুল করিম চৌধুরি। তিনি ইসলামপুর ছেড়ে গেলে তাঁর অনুগামীদের উপর নতুন করে হামলা হওয়ার আশঙ্কা রয়েছে বলে দাবি তাঁর। অনুগামীদের রক্ষা করতেই তিনি একুশে জুলাইয়ের মঞ্চে উপস্থিত থাকবেন না বলে বৃহস্পতিবার জানিয়েছেন আবদুল করিম চৌধুরি। তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যে দিন থেকে ২১ জুলাই শহীদ দিবস হিসেবে পালন করছেন, প্রতিবারই সেই সভায় হাজির থেকেছেন আবদুল করিম চৌধুরি। এই প্রথমবার তিনি শহীদ দিবসের সভায় অংশ না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। তাঁর মন খুবই ভারাক্রান্ত।করিম সাহেব বলেন, ২১ জুলাই শহীদ দিবসের সভায় তিনি যেতে পারেন, এই আশংকা করে তাঁর অনুগামীরা বাড়িতে এসে কান্নাকাটি করেছেন। কারণ বিধায়ক ইসলামপুরে না থাকলে তাঁদের উপর আরও অত্যাচার করা হবে বলে আশংকা করছেন তাঁর অনুগামীরা।ভোট পরবর্তী হিংসায় তাঁর অনুগামীদের উপর চরম অত্যাচার নেমে এসেছে বলে অভিযোগ ইসলামপুরের বিধায়কের। তাঁর দাবি, কারও যাতায়াতের পথ বন্ধ করে দেওয়া হয়েছে। কারওকে মারধর করে বাড়িঘরের জিনিসপত্র নষ্ট করে দেওয়া হয়েছে। অনুগামীদের পরিস্থিতির কথা বিচার করেই তিনি শহীদ দিবসের সভায় না যাওয়ার সিদ্ধান্ত নিয়েছেন বলে জানালেন।অন্য দলে যাওয়ার প্রসঙ্গে তিনি বলেন, 'আমি তৃণমূলের বিদ্রোহী এমএলএ, এরপরে ওরা আমাকে বহিষ্কার করবে। আমি বহিষ্কৃত বিধায়ক থাকব, অন্য দলে যাব না। কারণ এই তৃণমূল দলটা তৈরির সময় মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে আমিও ছিলাম। উত্তরবঙ্গে আমিই প্রথম বিধায়ক হই তৃণমূলের। আজকে না, ৫৫ বছর ধরে। এর আগে আমার দাদা ২০ বছর, তার আগে আমার বাবা ৪০ বছর, তারও আগে আমার দাদু ৫৬ বছর। ১৮০ বছর ধরে আমি ইসলামপুরকে টেনে চলছি। ছেড়ে দেব? তাও এই সমস্ত ব্যক্তির জন্য? কখনওই না।'

# সিবিআই-এর দুর্নীতিদমন শাখার প্রধানকে বদলি হায়দরাবাদে

কলকাতা, ২০ জুলাই (হি. স.) : নিয়োগ-দুর্নীতি থেকে কয়লা-গরুপাচারের তদন্ত চালানো সিবিআই-এর দুর্নীতি দমন শাখার প্রধান তথা জয়েন্ট ডিরেক্টরে এস বেণুগোপালকে বদলি করা হল। পাঠানো হল সিবিআই-এর হায়দরাবাদ শাখায়। তাঁর জায়গায় এলেন মহারাষ্ট্র ক্যাডারের অফিসার রাজেশ প্রধান।সিবিআই সূত্রে খবর, ২০০৩-এর ব্যাচের অফিসার রাজেশ প্রধানকে অবিলম্বে দায়িত্ব বুঝে নিতে বলা হয়েছে। কলকাতায় নিজাম প্যালেসে সিবিআই-এর দুর্নীতি দমন শাখার যে অফিস রয়েছে, সেখান থেকেই নিয়োগ দুর্নীতি, গরু পাচার, কয়লা পাচার, পুরসভার নিয়োগ দুর্নীতি মামলার তদন্ত চলছে। কিন্তু তদন্তের অগ্রগতি যে সন্তোষজনক নয়, তা নিয়ে একাধিক বার সরব হয়েছে আদালত।কয়েকদিন আগে পুরসভার দুর্নীতি মামলার শুনানি চলাকালীন বিচারপতি ক্ষোভ প্রকাশ করে অভিযোগ করেন, তদন্তের কোনও রকম অগ্রগতি নেই। তার পরই দিল্লি থেকে একটি রিপোর্ট আসে। সেখানে বেশ কয়েকটি বিষয় জানতে চাওয়া হয়। তার পরই এই সিদ্ধান্ত সিবিআইয়ের।যা শোনা যাচ্ছে, তাতে দু"একদিনের মধ্যেই দায়িত্ব বুঝে নিতে পারেন রাজেশ প্রধান। প্রসঙ্গত, নিয়োগ দুর্নীতির তদন্ত নিয়েও সপ্তাহখানেক আগেই বিচারপতি অমৃতা সিনহার কড়া প্রশ্নের মুখে পড়েছিল আর এক কেন্দ্রীয় সংস্থা ইডি। এ সবের পর কি তদন্তে কোনও গতি আসবে? বলবে সময়।

# অবিলম্বে মনিপুরে শান্তি ফিরিয়ে আনার দাবি মহিলা সংগঠনের

কলকাতা, ২০ জুলাই (হি. স.) : অবিলম্বে মনিপুরে শান্তি ফিরিয়ে আনার এবং দুই মহিলার উপর যৌন হেনস্থাকারীদের কঠোর শাস্তিবিধানের দাবী জানাল অল ইন্ডিয়া মহিলা সাংস্কৃতিক সংগঠন।বৃহস্পতিবার সংগঠনের সর্বভারতীয় সম্পাদিকা ছবি মোহান্তি এক বিবৃতিতে বলেন, "মণিপুরে দুজন মহিলাকে গণধর্ষণের পর নগ্ন করে রাস্তায় হাটানো এবং নানাভাবে যৌন হেনস্থা করার যে ভিডিও সম্প্রতি প্রকাশিত হয়েছে তার তীব্র নিন্দা করছে অল ইন্ডিয়া মহিলা সাংস্কৃতিক সংগঠন। গত মে মাসের ৪ তারিখে ঘটে যাওয়া এবং সদ্য প্রকাশিত হওয়াএই মর্মান্তিক ঘটনার আমরা তীব্র নিন্দা করছি।আমরা মনে করি দীর্ঘদিন ধরে ঘটে চলা মনিপুরের তীব্র অশান্তি এবং এইধরনের ন্যক্কারজনক ঘটনার জন্য কেন্দ্র ও রাজ্যের বিজেপি সরকার সম্পূর্ণ দায়ী। আমরা অবিলম্বে মনিপুরে শান্তি ফিরিয়ে আনার এবং দুই মহিলার উপর যৌন হেনস্থাকারীদের কঠোর শাস্তিবিধানের দাবী জানাচ্ছি।"

## আহত আট

● **প্রথম পাতার পর**


পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছেন। তাঁরাই আহতদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে গিয়েছেন। সাথে সাথে পুলিশেও খবর পাঠিয়েছেন। এদিকে ঘাতক চালক ঘটনাস্থল থেকে পালিয়ে যেতে সক্ষম হয়েছেন বলে জানান তিনি।

তিনি আরও জানিয়েছেন, ঘটনায় চারজনের অবস্থা আশঙ্কা জনক দেখে কর্তব্যরত চিকিৎসক তাঁদের আইজিএম হাসপাতালে স্থানান্তর করেছেন।

বাইখোড়া এসএসবি ক্যাম্প এলাকায় জাতীয় সড়কে একইদিনে পৃথকভাবে দুইটি যান দুর্ঘটনায় গুরতর আহত ৪। ঘটনার বিবরনে জানা যায় বৃস্পতিবার শান্তির বাজার মহকুমার অন্তর্গত বাইখোড়া এস এস বি ক্যাম্প এলাকায় টি আর ০১ সি ১৩৪৯ নাম্বারের বাস ও টি আর ০৮ ডি ৭৮৭১ নাম্বারের স্কুটির মধ্যে সংঘর্ষ ঘটে এতকের স্কুটি চালক জাতীয় সড়কে ছিটকে পরেগিয়ে গুরতর আহত হয়। একইদিনে একই জায়গায় টি আর ০৩ এম ৪৫৪৫ নাম্বারের বাইক ও টি আর ০৮ ডি ৫৫৮৪ নাম্বারের বাইকের সংঘর্ষ ঘটে। এতে করে এক বাইকে থাকা দুইজন ও অপর বাইকে থাকা একজন গুরতর আহত হয়। আহতদের মধ্যে একজন শান্তির বাজার মহকুমার সুর পাড়ার বাসিন্দা সহদেব মজুমদার। তিনি পেশায় একজন শিক্ষক।

জানা যায় বিদ্যালয় থেকে আসার পথে এই দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনার সময় ঘটনাস্থলে উপস্থিত ছিলেন দক্ষিন জেলার জেলা শাসক। জেলা শাসক নিজে দারিয়ে থেকে আহতদের মধ্যে দুইজনকে চিকিৎসারজন্য বাইখোড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে প্রেরন করে অপর আহত শিক্ষককে জেলা শাসক নিজে শান্তির বাজার জেলা হাসপাতালে নিয়ে আসেন। এই পরবর্তী কিছু সময় পর দুইজন আহতদের অবস্থা আশঙ্কাজনক দেখে বাইখোড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রথেকে শান্তির বাজার জেলা হাসপাতালে স্থানান্তরিত করে। তিনজন আহতের অবস্থা আশঙ্কাজনক হোওয়াতে তিনজনকে জিবি হাসপাতালে রেফার করাহয়। আহতরা হলো শান্তির বাজার মহকুমার সুর পাড়ার বাসিন্দা সহদেব মজুমদার। অপর দুইজন জোলাইবাড়ীর রামরাইবাড়ীর বাসিন্দা সৌরভ মজুমদার (১৯) ও মধুসুধন ঘোষ। আজকের এই দুর্ঘটনা সম্পর্কে সংবাদমাধ্যমের সামনে জানান শান্তির বাজার জেলা হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক।

# াঙ্গন



## টিসিএ-র সভাপতির পদ থেকে তপন লোধ ডিসকোয়ালিফাই : এপেক্স কাউন্সিলের সিদ্ধান্ত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।। ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের সভাপতি ডিসকোয়ালিফাই হয়েছেন। এপেক্স কাউন্সিলের বৈঠকে টিসিএর সংবিধান মেনে সভাপতি পদ থেকে তপন লোধ কে নিলম্বিত করা হয়েছে। বিষয়টা পুরোপুরি টিসিএ-র সংবিধানের নির্দিষ্ট ধারা মেনেই সভাপতি পদ থেকে ওনাকে ডিসকোয়ালিফাই করা হয়েছে। একাধারে শ্রীলোধ আগরতলা পুর নিগমের কর্পোরেটর, অপরদিকে ত্রিপুরা ক্রিকেট অ্যাসোসিয়েশনের সভাপতি। রুলস এন্ড রেগুলেশন অনুযায়ী এই ধরনের দুটো পদে একই ব্যক্তি আসীন থাকতে পারেন না। যুক্তিসংগত কারণেই ১৯ জুলাই বেলা ১১ টায় এপেক্স কাউন্সিলকে এক জরুরি বৈঠকে এ বিষয়ে সিদ্ধান্ত নিতে হয়। প্রাক্তন ক্রিকেটার কর্তৃক রেজিস্ট্রার অফ সোসাইটিস-এর উদ্দেশ্যে প্রেরিত চিঠির রেফারেন্সে সোসাইটি রেজিস্ট্রার অফিস টিসিএ-কে বিষয়টি দেখার জন্য চিঠি পাঠিয়েছিল। তারই ভিত্তিতে এপেক্স কাউন্সিল পুঙ্খানুপুঙ্খ দেখে সভাপতিকে ডিসকোয়ালিফাই ঘোষণা দিতে বাধ্য হয়েছেন। আগামী ৪৫ দিনের মধ্যে তথা পুনঃনির্বাচনের মাধ্যমে সভাপতি নির্বাচিত হওয়ার আগ পর্যন্ত সহ-সভাপতি স্বাভাবিক কারণে সভাপতির দায়িত্ব পালন করবেন বলে এপেক্স কাউন্সিল সিদ্ধান্তে উপনীত হয়েছে। আজ, বৃহস্পতিবার বিকেলে আগরতলা প্রেসক্লাবের কনফারেন্স হলে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের সম্পাদক তাপস ঘোষ এপেক্স কাউন্সিলের বৈঠকে গৃহীত সিদ্ধান্ত সমূহ বিস্তারিত জানান। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে সহ-সভাপতি তিমির চন্দ, কোষাধ্যক্ষ জয়লাল দাস, এপেক্স কাউন্সিলর শুভম রায়, দায়িত্বপ্রাপ্ত অ্যাডভোকেট শংকর লোধ প্রমূখ উপস্থিত ছিলেন। সামগ্রিক কারণে টিসিএ-তে এখন টালমাটাল অবস্থা। সভাপতির এই নিলম্বিত হওয়ার বিষয়টা একদিকে যেমন বেশ কয়েকজন গভর্নিং বডির মেম্বার স্বাভাবিকভাবে নিতে পারছেন না। তাঁরা আবার সংঘবদ্ধ অবস্থায় বিশেষ সাধারণ বৈঠক ডেকে ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের বর্তমান কমিটির বিরুদ্ধে বিস্তর অভিযোগ দায়ের করে অবিলম্বে নতুনভাবে নির্বাচন ডেকে নতুন কমিটি গঠনের দাবি জানাচ্ছেন। এমনকি সহ-সম্পাদক জয়ন্ত দে সহ বেশ কয়েকজনকে সঙ্গে নিয়ে তপন লোধ আজ দুপুরে আগরতলা প্রেস ক্লাবের কনফারেন্স হলে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তাদের বিশেষ সাধারণ বৈঠকের সিদ্ধান্ত সমূহ উপস্থাপন করেন। সামগ্রিক বিষয়টা যতটুকুই জটিল থেকে জটিলতর হোক না কেন পুরো বিষয়টাই চলবে সংবিধান মেনে এবং সাংবিধানিক পরিকাঠামো অনুযায়ী। রাজ্য ক্রিকেটের উন্নতির স্বার্থে টিসিএ-তে এ ধরনের দলাদলি সরিয়ে রেখে সুষ্ঠুভাবে তার পরিচালনার মাধ্যমে ক্রিকেট ও ক্রিকেটারদের স্বার্থে এগিয়ে নিয়ে যাওয়াটাই কাম্য বলে প্রত্যেক ক্রিকেট মহল প্রত্যাশা করছেন।

## সোনামুড়ায় সিনিয়র ক্লাব লীগ ক্রিকেটে মতিনগর চ্যাম্পিয়ন

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই। মহকুমার সেরা মতিনগর প্লে সেন্টার। বৃহস্পতিবার অনুষ্ঠিত ফাইনালে মতিনগর প্লে সেন্টার ৪ উইকেটে পরাজিত করে তারকাখচিত নেতাজি সঙ্ঘকে। মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত সিনিয়র ক্লাব লিগ ক্রিকেটে। মেলাঘর স্কুল মাঠে অনুষ্ঠিত ম্যাচে নেতাজি সঙ্ঘের গড়া ১৭২ রানের জবাবে ৬ উইকেট হারিয়ে প্রয়োজনীয় রান তুলে নেয় মতিনগর প্লে সেন্টার।এদিন সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট নিয়ে নেতাজি সঙ্ঘ ১৭২ রান করে। দলের পক্ষে উত্তম দে ৪০ বল খেলে ২ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৩২, বিকাশ মজুমদার ৩৫ বল খেলে ১ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৯, অরিন্দম বর্মন ২০ বল খেলে ৪ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৭, রণজিৎ বর্মন ৫৮ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ২৭, দলনায়ক রাজীব সাহা ২০ বল খেলে ১ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ১৪ এবং উদীয়ন বসু ১৬ বল খেলে ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ১৩ রান করেন। দল অতিরিক্ত খাতে পায় ১০ রান। মতিনগর প্লে সেন্টারের পক্ষে রমেশ দেববর্মা ২৮ রান দিয়ে ৩ টি, নান্টু রঞ্জন পাল ৩৯ রান দিয়ে ৩ টি এবং ইকবাল হুসেন ৩৮ রান দিয়ে ২ টি উইকেট পেয়েছেন। জবাবে খেলতে নেমে মতিনগর প্লে সেন্টার ৩৫.৩ ওভারে ৬ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। দলের পক্ষে গনেশ দেববর্মা ৫১ বল খেলে ৪ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৪৬, সর্বানন্দ সিনহা ৪৩ বল খেলে ২ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৩৭,কিশোর দেববর্মা ৩৯ বল খেলে ৩ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৩৪ এবং দলনায়ক আর পি সিং ১৮ বল খেলে ৩ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৩১ (অপ:) রান করেন।দল অতিরিক্ত খাতে পায় ১২ রান। নেতাজি সঙ্ঘের পক্ষে অরিন্দম বর্মন ৩২ রান দিয়ে ২ টি এবং বিকাশ মজুমদার ৪৫ রান দিয়ে ২ টি উইকেট পেয়েছেন।

## লাল রিনের জোড়া গোল, স্পোর্টস স্কুলকে হারিয়ে জয় ফিরলো নাইন বুলেটস

| নাইন বুলেটস-৩ | স্পোর্টস স্কুল -১ |
|---|---|
| (লালরিন-২, কাচাং) | (বিমল) |

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।। বুলেটসে বিধ্বস্ত ত্রিপুরা স্পোর্টস স্কুল। ৪ ম্যাচ খেলে ৩ টিতে জয় এবং একটি ম্যাচে পয়েন্ট ভাগ করে ১০ পয়েন্ট নিয়ে অনেকটাই এগিয়ে কর্মেন্দু দেববর্মার দল। রাজ্য ফুটবল সংস্থা আয়োজিত দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবলে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে নাইন বুলেটস ৩-১ গোলে পরাজিত করে ত্রিপুরা স্পোর্টস স্কুলকে।
একঝাঁক তারকা ফুটবলারদের নিয়ে গড়া নাইন বুলেটস বৃহস্পতিবার ম্যাচের শুরু থেকেই পর্যাপ্ত প্রাধান্য নিয়ে খেলতে থাকে। বল দখলের লড়াইয়েও ছিলো এগিয়ে। গতি এবং দক্ষতায় দু-দল সম শক্তিসম্পন্ন হলেও শক্তিতে কিছুটা এগিয়ে যায় নাইন বুলেটসের ফুটবলাররা।
এখানেই এগিয়ে যায় নাইন বুলেস। তবে শেষ মিনিট পর্যন্ত 'হার না মানা' মানসিকতা শেষ মিনিট পর্যন্ত লড়াইয়ে রেখেছিলো রাজেশ রায় চৌধুরির দলকে।
ম্যাচ শুরুর ১৯ মিনিটের মাথায় লালরিন থুলুঙ্গার গোলে এগিয়ে যায় সাদা-লাল দল। ৩৫ মিনিটে নিজের এবং দলের দ্বিতীয় গোল করেন লাল রিন থুলুঙ্গা।
বিরতির পর দু-দলই আক্রমাত্তক ফুটবল খেলতে থাকে। কিন্তু কোনও দলের আক্রমণে তেমন দানা বাধতে পারেনি। ম্যাচ শেষ হওয়ার দুমিনিট আগে বিমল রিয়াং ব্যবধান কমান।
খেলা শেষ হওয়ার ১ মিনিট আগে ত্রিপুরা স্পোর্টস স্কুলের জালে সেষবার বল পাঠান কাচাং জমাতিয়া। রেফারি আদিত্য দেববর্মা হলুদ কার্ড দেখান বিজয়ী দলের জেমস লাল রোয়াত ফেলা এবং বিজীত দলের জন জমাতিয়াকে।

## মহিলা ফুটবলে কিল্লা মর্নিং ক্লাবকে রুখে ফুলো ঝানুর পয়েন্ট ভাগাভাগি

| কিল্লা-২ | ফুলো ঝানো-২ |
|---|---|
| (কাজল্তি-২) | (সুপ্রীয়া, ঝুমা) |

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।। দু-দুবার এগিয়ে থেকেও শেষ রক্ষা হলো না কিল্লা মর্ণিং ক্লাবের। শেষ পর্যন্ত পয়েন্ট ভাগ করে মাঠ ছাড়তে হলো। নবাগত ফুলো ঝানো দলের বিরুদ্ধে। রাজ্য ফুটবল সংস্থা আয়োজিত মহিলা ফুটবল লিগে। বৃহস্পতিবার উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে দু-দলের খেলাটির নিষ্পত্তি হয় ২-২ গোলে। ফলি বিফলে গেলো কাজল্তি রিয়াং এর জোড়া গোল। প্রথম বার মহিলা ফুটবলে অংশ নেওয়া ফুলো ঝানো দলের বালিকা ফুটবলাররা কিল্লা-র মতো শক্তিশালী দলকে কড়া চ্যালেঞ্জ ছুড়ে দিতে পারবে তা স্বপ্নেও ভাবতেই পারেননি কিল্লার টিম ম্যানেজমেন্ট। ফলে ম্যাচের শুরু থেকেই কিছুটা হালকা মেজাজে ছিলেন দলের ফুটবলাররা। আর এতেই কাল হলো দলের। দুবার গোল হজম করেও নবাগত দলের ফুটবলাররা যেভাবে ঘুরে দাড়িয়েছেন তাতে একসময় প্রশ্ন জেগেছিলো মরশুমের প্রথম জয় পেয়ে যাবে না তো? শুধুমাত্র আক্রমণভাগের ফুটবলারদের ব্যর্থতায় ওই স্বপ্ন পূরণ হয়নি। দলের আক্রমণভাগে ফুটবলাররা নিজেদের দাযিত্ব যদি যথাযথ পালন করতে পারতেন তাহলে অবশ্যই ৩ পয়েন্ট নিয়ে মাঠ ছাড়তে পারতো। ম্যাচ শুরুর ২৫ মিনিটের মাথায় কাজল্তি রিয়াং এর গোলে এগিয়ে যায় কিল্লা মর্ণিং ক্লাব। তবে ব্যবধান বেশীক্ষণ ধরে রাখতে পারেননি। প্রথমার্ধের খেলা শেষ হওয়ার ১ মিনিট আগে সমতা ফেরান সুপ্রীয়া কিসপোট্টা। বিরতীর পর দুদলই আক্রমাত্তক ফুটবল খেলতে থাকে। বল দখলের লড়াইয়ে একে অপরকে ছাপিয়ে যাওয়ার চেষ্টা করতে থাকে।
এরি মধ্যে ৫০ মিনিটে নিজের এবং দলের দ্বিতীয় গোল করে কিল্লা মর্ণিং ক্লাবকে আবারও এগিয়ে দেন কাজল্তি রিয়াং। ৬৪ মিনিটে ঝুমা ওরাং সমতা ফেরান। এরপর দুদলই বেশ কয়েকটি সুযোগ পেলেও আক্রমণভাগের ফুটবলারদের ব্যর্থতায় জাল নাড়াতে পারেনি। রেফারি পল্লব চক্রবর্তী হলুদ কার্ড দেখান কিল্লা মর্মিং ক্লাবের লক্ষ্মীতা রিয়াংকে।

## জাতীয় সাঁতার প্রতিযোগিতার জন্য রাজ্য দল গঠনের ট্রায়াল ২৩শে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।। রাইমা সুইমিংপুলে সিলেকশন ট্রায়াল অনুষ্ঠিত হচ্ছে আগামী ২৩ জুলাই। ত্রিপুরা অ্যামেচার সুইমিং অ্যাসোসিয়েশন আয়োজিত এই সিলেকশন ট্রায়ালে মূলতঃ জাতীয় আসরের জন্য রাজ্য দল গঠন করা হবে। মূলতঃ এবারকার এই সিলেকশন ট্রায়ালে গ্রুপ ওয়ানে ১৫ থেকে ১৭ বছর বিভাগ, গ্রুপ টু-তে ১২ থেকে ১৪ বছর বিভাগ এবং গ্রুপ থ্রি-তে ১০ থেকে ১১ বছর বিভাগে রাজ্য দল গঠন করা হবে। উল্লেখ্য আগামী ১৬ থেকে ২০ আগস্ট উড়িষ্যার ভুবনেশ্বরে, জুনিয়র এবং সাব জুনিয়র ন্যাশনাল অ্যাকোয়াটিক্স চ্যাম্পিয়নশিপ অনুষ্ঠিত হবে। এতে অংশগ্রহণের জন্যই রাজ্য দল গঠনের লক্ষ্যে এই সিলেকশন ট্রায়ালে অংশ নিতে উপযুক্ত সাঁতারুদের আহবান করা হয়েছে। বয়স ভিত্তিক বিভাগে গ্রুপ ওয়ানের জন্য ২০০৬, ২০০৭ এবং ২০০৮ এর মধ্যে যাদের জন্ম তারা অংশ নিতে পারবে। এদিকে ১২ থেকে ১৪ বছর বিভাগে ২০০৯, ২০১০ এবং ২০১১ তে যাদের জন্ম তারা অংশ নিতে পারবে। একইভাবে ১০ থেকে ১১ বছর বিভাগে ২০১২ এবং ২০১৩ তে যাদের জন্ম তারাই অংশ নিতে পারবে। ত্রিপুরা অ্যামেচার সুইমিং অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক মৃনাল কান্তি দাস এক প্রেস বিবৃতিতে এ বিষয়ে বিস্তারিত জানিয়েছেন।

## আন্তর্জাতিক আসরের জন্য ক্যারাটের বিশেষ শিবির শুরু

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।। শুরু হলো চূড়ান্ত প্রস্তুতি শিবির। আন্তর্জাতিক উন্মুক্ত ক্যারাটে প্রতিযোগিতায় ভালো ফলাফলের জন্য। দিল্লিতে আন্তর্জাতিক উন্মুক্ত ক্যারাটে প্রতিযোগিতা শুরু ৪ আগস্ট। দেশের রাজধানীর তালকোটরা স্টেডিয়ামে হবে আসর। ওই আসরে ভালো ফলাফল করতে প্রান্তক ক্লাব এবং শতদল সঙ্ঘে শুরু হয়েছে চূড়ান্ত প্রস্তুতি। রাজ্য সংস্থার সচিব তথা কোচ কৃষ্ণ সূত্রধরের তত্বাবধানে চলছে অনুশীলন। ৩১ জুলাই সণকপথে রওয়ানা দেবে ত্রিপুরা দলের খেলোয়াড়রা। আসরে রাজ্যের খেলোয়াড়রা ভালো ফলাফল করবেই বিশ্বাস রাজ্য সংস্থার সচিব-এর। আসরে ত্রিপুরা থেকে অংশ নেবেন ১২ জন খেলোয়াড়: বিপ্রজিৎ সাহা, শাঙ্কি কর্মকার, অভিপ্সা নাথ, প্রীয়া দেবনাথ, সুব্রত শর্মা, অঙ্কিতা মজুমদার, শুভ্রজিৎ সিনহা, উদয় দে, হৃদ্ধি মারাক, যোগেন্দ্র মারাক, সোহানা ঘোষ এবং দ্বীপ সূত্রধর। কোচ: কৃষ্ণ সূত্রধর।

*মহিলা লিগ ফুটবল টুর্নামেন্ট*

| দল | ম্যা: | জ: | ড্র: | প: | গোল | প: |
|---|---|---|---|---|---|---|
| স্পোর্টস স্কুল | ৫ | ৫ | ০ | ০ | ২৭-২ | ১৫ |
| কিল্লা মর্নিং | ৪ | ৩ | ১ | ০ | ১৯-২ | ১০ |
| জম্পুইজলা | ৪ | ৩ | ০ | ১ | ২১-৪ | ৯ |
| ফুলো ঝানু | ৫ | ২ | ১ | ২ | ১০-৬ | ৭ |
| চলমান | ৫ | ২ | ০ | ৩ | ৬-১৭ | ৬ |
| ইকফাই | ৫ | ১ | ০ | ৪ | ৩-৪৩ | ৩ |
| পুলিশ | ৬ | ০ | ০ | ৬ | ০-১২ | ০ |

## ট্রায়াল ম্যাচে বিজয় মার্চেন্ট ট্রফির জন্য রাজ্য দল গঠনের জোর প্রস্তুতি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।। দিন দিন খেলোয়ারদের ব্যাটিং উন্নতি হচ্ছে। তবে সবার ক্ষেত্রে নয়। কয়েকজন সত্যিই স্পটারদের নজর কেড়ে নিচ্ছে। ধর্মনগরে চলছে অনূর্ধ ১৬ বিজয় মার্চেন্ট ট্রফির জন্য রাজ্য দল গঠনের সিলেকশন কাম ট্রায়াল ম্যাচ। তিন দিনের প্রথম ম্যাচ বৃষ্টি বিঘ্নিত হলেও বেশ কয়েকজন অনূর্ধ ১৬ ক্রিকেটার রাজ্যদলের হয়ে খেলার যোগ্যতার মাপকাঠি ছুঁতে পেরেছে। তবে অপ্রত্যাশিতভাবে কয়েকজন পিছিয়ে পড়েছে বলে কোচ এবং স্পটাররা বিষয়টিতে আরও জোর দিচ্ছেন।

## শুরু হচ্ছে মহিলা ফুটবল বিশ্বকাপ : কবে ও কোথায় এবং সময় সূচি দেখে নিন

সিডনি, ২০ জুলাই (হি.স.): আজ থেকে শুরু হচ্ছে মহিলা বিশ্বকাপ ফুটবল। অনুষ্ঠিত হচ্ছে অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডের মাটিতে। চলবে ২০ই অগাস্ট পর্যন্ত। ফুটবলের ৩২টি দেশের সেরা মহিলা ফুটবলাররা একে অপরের বিরুদ্ধে লড়াই করবে। এই বিশ্বকাপের ম্যাচগুলো হবে অস্ট্রেলিয়া এবং নিউজিল্যান্ডের মোট ৯টি শহরের ১০ মাঠে।

গ্রুপ পর্বের খেলার সময়সূচি:

২০.০৭.২০২৩ :
নিউজিল্যান্ড বনাম নরওয়ে ১২.০০ পিএম
২০.০৭.২০২৩ :
অস্ট্রেলিয়া বনামআয়ারল্যান্ড
৩.৩০ পিএম
২১.০৭.২০২৩ :
নাইজেরিয়া বনাম কানাডা ৮.০০ এএম
২১.০৭. ২০২৩:
ফিলিপিন্স বনাম সুইজারল্যান্ড
১০.৩০ এএম
২১.০৭.২০২৩ :
স্পেন বনাম কোস্টারিকা ১.০০ পিএম
২২.০৭.২০২৩ :
আমেরিকা বনাম ভিয়েতনাম ৬.৩০ এএম
২২.০৭. ২০২৩:
জাম্বিয়া বনাম জাপান ১২.৩০ পিএম
২২.০৭.২০২৩:
ইংল্যান্ড বনাম হালতি
৩.০০ পিএম
২২.০৭.২০২৩ :
ডেনমার্ক বনাম চীন
৫.৩০ পিএম
২৩.০৭.২০২৩ :
সুইডেন বনাম দক্ষিণ আফ্রিকা
১০.৩০ এএম
২৩.০৭.২০২৩ :
নেদারল্যান্ডস বনাম পোর্তুগাল
১.০০ পিএম
২৩.০৭.২০২৩ :
ফ্রান্স বনাম জামাইকা
৩.৩০পিএম
২৪.০৭.২০২৩ :
ইতালি বনাম আর্জেন্টিনা ১১.৩০ পিএম
২৪.০৭.২০২৩ :
জার্মানি বনাম মরক্কো
২.০০ পিএম
২৪.০৭. ২০২৩ :
ব্রাজিল বনাম পানামা
৪.৩০ পিএম
২৫.০৭.২০২৩:
কলোম্বিয়া বনাম দক্ষিণ কোরিয়া
৭.৩০ এএম
২৫.০৭.২০২৩ :
নিউজিল্যান্ড বনাম ফিলিপিন্স
১১.০০ এএম
২৫.০৭.২০২৩:
সুইজারল্যান্ড বনাম নরওয়ে ১.৩০ পিএম
২৬.০৭. ২০২৩:
জাপান বনাম কোস্টারিকা ১০.৩০ এএম
২৬.০৭.২০২৩:
স্পেন বনাম জাম্বিয়া
১.০০ পিএম
২৬.০৭. ২০২৩ :
কানাডা বনাম আয়ারল্যান্ড ৫.৩০ পিএম
২৭.০৭.২০২৩ :
আমেরিকা বনাম নেদারল্যান্ড ৬.৩০ এএম
২৭.০৭.২০২৩ :
পর্তুগাল বনাম ভিয়েতনাম ১.০০ পিএম
২৭.০৭.২০২৩ :
অস্ট্রেলিয়া বনাম নাইজেরিয়া ৩.৩০ পিএম
২৮.০৭.২০২৩ :
আর্জেন্টিনা বনাম দক্ষিণ আফ্রিকা
৫.৩০ এএম
২৮.০৭.২০২৩ :
ইংল্যান্ড বনাম ডেনমার্ক ২.০০ পিএম
২৮.০৭. ২০২৩:
চীন বনাম হালতি
৪.৩০ পিএম
২৯.০৭. ২০২৩:
সুইডেন বনাম ইতালি
১.০০ পিএম
২৯.০৭.২০২৩ :
ফ্রান্স বনাম ব্রাজিল
৩.৩০ পিএম
২৯.০৭.২০২৩:
পানামা বনাম জ্যামাইকা ৬.০০ পিএম
৩০.০৭. ২০২৩ :
দক্ষিণ কোরিয়া বনাম মরক্কো ১০.০০ এএম
৩০.০৭.২০২৩ :
জার্মানি বনাম কলম্বিয়া
৩.০০ পিএম
৩০.০৭.২০২৩ :
নরওয়ে বনাম ফিলিপিন্স
১২.৩০ পিএম
৩০.০৭.২০২৩:

**নিলাম বিজ্ঞপ্তি**

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, আগামী ২২-০৭-২০২৩ ইং তারিখ রোজ শনিবার সকাল ৯টা হইতে বিকাল ৩টা পর্যন্ত ধলাই জেলার আমবাসা থানায় ৩০৮ বস্তা টপ সিমেন্ট নীলাম হইবে। ইচ্ছুক ব্যক্তিগণকে উক্ত নীলামে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাইতেছে।

পুলিশ সুপার
ধলাই জেলা, আমবাসা।
ICA/D-634/23

**PNIeTNo. 63-65 LG/2023-24 dated : 05/07/202:**
The Executive Engineer, DWS Division, Bishalgarh Sepahijala District, Tripura on behalf of the "Governor of Tripura" invites on line percentage rate single bid from eligible bidders up to 15.00 hrs. 08/08/2023 for " Construction of 3 Nos. semi permanent pump house, laying of DI & PVC pipe line and domestic connection in/c installation of pump motor & other allied works in different GPs under Kathalia Block during the year 23-24" For details please visit https:// tripuratenders .gov.in and https://etenders.gov.in / eprocure /app. or contact with at the O/O the Executive Engineer, DWS Division, Bishalgarhfor clarifications. if any.

(Er.A.B.Chaudhury)
Executive Engineer
DWS Division, Bishalgarh
ICA/C-1507/23

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021- 2023





বৃহস্পতিবার কুঞ্জবনস্থিত ইনস্টিটিউড অব অ্যাডভান্সড স্টাডিস ইন এডুকেশন-এর (আইএএসই) বর্ষব্যাপী হীরক জয়ন্তী উৎসবের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা। ছবি নিজস্ব।

## মহিলা পশু সখিদের কর্মশালা

নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ,২০ জুলাই।। আজ প্রাণী সম্পদ বিকাশ দপ্তরে উপ অধিকর্তার কার্যালয়ে হৃষ্যমুখ ব্লকের বিভিন্ন পঞ্চায়েত থেকে ৩০ জন মহিলা পশু সখিরা দুদিনের কর্মশালায় যোগদান করে। বুধবার শুরু হয়েছিল কর্মশালা আজ ছিল কর্ম শালার শেষ দিন, কর্ম শালায় প্রশিক্ষণ দেন প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের সহ অধিকর্তা ডাক্তার অশোক মজুমদার, তিনি দুদিন ব্যাপী এই কর্মশালায় প্রাণীদের চিকিৎসা থেকে শুরু কোরে খাওয়া দাওয়া ইত্যাদি বিষয় নিয়ে পশু সখীদের বিস্তারিত।ভাবে বুঝিয়ে বলেন।পশু সখীদের মধ্যে দু একজনের সঙ্গে কথা বলে জানা যায় ওনারা প্রত্যেকে এই কর্মশালা থেকে ভীষণ ভাবে উপকৃত হয়েছেন, আগামীদিনে ও তারা এই ধরনের কর্মশালার সুযোগ নিতে চান। উপস্থিত পশুসখীদের মধ্যে অনেকে আবার ছাগলের দুধ থেকে সাবান তৈরির কথা বলেন, এবং বলেন এই সাবান চর্মরোগের উপসমে ভীষণ কার্যকরী।এবং এই সাবানের ভীষণ চাহিদা রয়েছে। আগামী ২৪ এবং ২৫ সে জুলাই এই দুদিন ও চলবে এই ধরনের কর্ম শালা চলবে।।

## ঋষ্যমুখের নয় ব্যক্তির বিরুদ্ধে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর কাছে লিখিত অভিযোগ

নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ২০ জুলাই।। তোলা আদায়এর সংবাদ ঘিরে বিলোনিয়া মহকুমায় ঋষ্যমুখ ব্লক এলাকায় নয় ব্যক্তির বিরুদ্ধে প্রধানমন্ত্রী সহ রাষ্ট্রপতির কাছে লিখিত অভিযোগ ঘিরে এলাকায় তীব্র চাঞ্চল্য দেখা দিয়েছে। এরই প্রতিবাদে আজ ঠীকেদারকে নিয়ে অভিযুক্তরা সাংবাদিক সম্মেলন করে ঘটনার প্রতিবাদ করেন।

গত বুধবার বিলোনিয়া কন্ট্রাক্টর অ্যাসোসিয়েশন সম্পাদকের নাম দিয়ে তনয় সাহা ঋষ্যমুখ ব্লক এলাকায় নয় জনের নামে তোল্লা আদায় ঘিরে নামধাম দিয়ে একটি লিখিত অভিযোগ করা হয়েছে। অভিযোগ হল,অভিযুক্তরা শাসক দলের প্রভাব খাটিয়ে এলাকার উন্নয়ন কাজের সাথে যুক্ত ঠিকেদারদের কাছ থেকে হুমকি দিয়ে ব্যাপক পরিমাণে টাকা আদায় করে যাচ্ছে। এর থেকে পরিত্রাণ পাওয়ার জন্য বিলোনিয়া কন্ট্রাক্টর অ্যাসোসিয়েশনের নামে সম্পাদক তনয় সাহা একটি লিখিত অভিযোগ করেন।অভিযোগ পত্রটি রাষ্ট্রপতি থেকে শুরু করে প্রধানমন্ত্রী ও রাজ্যের মুখ্যমন্ত্রী এবং শাসক দলের সভাপতি কাছে প্রদান করা হয়েছে। এই খবর প্রকাশ হতেই তোলপাড় শুরু হয়েছে। যাদেরকে অভিযুক্ত করা হয়েছে এই নয়জন ঘটনার প্রতিবাদ জানিয়ে অভিযোগকারীর বিরুদ্ধে বিলোনিয়া থানায় আলাদা ভাবে মামলা করেন ঘটনার সুষ্ঠ তদন্ত করার জন্য। আজ বৃস্পতিবার বিকালে সাতমুরা কমিনিউটি হলে বিলোনিয়ার ঠিকেদারদের সাথে নিয়ে অভিযুক্ত নয়জন সাংবাদিক সম্মেলন করে ঘটনার প্রকাশিত সংবাদের ও এই চিঠির প্রতিবাদ জানান। এইদিকে ঠিকেদাররা এই ঘটনার তীব্র নিন্দা জানান। তারা বলেন কোনো কাজের বিনিময়ে কাউকে টাকা দেওয়া হয়নি। চিঠিতে যে সকল ঠিকেদারদের নাম উল্লেখ করেছে তারা সাংবাদিক সম্মেলনে এই ঘটনা অস্বীকার করেন।

## নষ্ট আইজিএম হাসপাতালের লিফট, দুর্ভোগ চরমে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।।** আইজিএম হাসপাতালে লিফট বিকল থাকার কারণে রোগী ও পরিজনদের চরম দুর্ভোগ পোহাতে হয়েছে। কিন্তু এ বিষয়ে দীর্ঘক্ষণ হাসপাতালের কর্তৃপক্ষের কোনও হেলদোল লক্ষ্য করা যায় না বলে অভিযোগ রোগীর পরিজনদের। রোগীর জনৈক পরিজন জানিয়েছেন, বুধবার রাত সাড়ে ১২টা থেকে নষ্ট হয়ে আছে আই জি এম হাসপাতালের লিফট। ফলে হাসপাতালে চিকিৎসার জন্য আসা রোগী ও পরিজনরা চরম দুর্ভোগের মধ্যে পড়েছেন। লিফট অচল হয়ে থাকায় রোগীদের উঠা নামা করতে অনেকটাই অসুবিধায় পড়তে হয়েছে। পাশাপাশি আজ সকালে ডায়ালাইসিস রোগীরা হাসপাতালে পরিষেবা নিতে এসে চরম দূর্ভোগের শিকার হতে হয়েছে। সিড়িঁ উঠা নামার ফলে সুস্থ রোগীরাও অসুস্থ হয়ে পড়ছেন।

রোগীর পরিজনদের অভিযোগ, হাসপাতালে রেম্পের ব্যবস্থা না থাকায় লিফটই একমাত্র উপরে ওঠার মাধ্যম। তাও বুধবার রাত থেকে অচল হয়ে পড়ে রয়েছে। প্রসঙ্গত, আইজিএম হাসপাতালে মাঝেমধ্যেই লিফট বিকল হওয়ার সমস্যা দীর্ঘদিনের। কিন্তু আশ্চর্যের বিষয় সমস্যা সমাধানে স্থায়ী ব্যবস্থা গ্রহণ করছে না সরকার। ফলে অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে রোগী সহ পরিজনদের।এদিকে, বিকেল নাগাদ লিফট মেরামতের পর চালু করা সম্ভব হয়েছে।

## দুষ্কৃতিদের আক্রমণে গুরুতর আহত এক ব্যক্তি

নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ২০ জুলাই।। রাজনগর বিধানসভা এলাকার বাতিশা কলোনী এলাকার দীপঙ্কর ত্রিপুরা নামে এক ব্যক্তিকে গতকাল মারাত্মকভাবে আক্রমণ করে দুষ্কৃতীকারীরা বর্তমানে সে বিলোনীয়া হাসপাতালে চিকিৎসাধীন। দীপংকর এলাকার কৃষকের জমিতে নিজের পাওয়ার টিলার চালিয়ে সংসার প্রতিপালন করে। বৃহস্পতিবার রাজনগর বিধানসভার প্রাক্তন বিধায়ক তথা তপশিলি জাতি সমন্বয় কমিটি রাজ্য সম্পাদক সুধন দাস বিলোনিয়া মহকুমা হাসপাতালে দীপংকরের শারিরীক অবসার খোঁজ নিতে আসে।হাসপাতাল থেকে বেরিয়ে সংবাদ মাধ্যমের সামনে তিনি সরাসরি অভিযোগ এনে বলেন শাসক দলের আশ্রিত দুষ্কৃতকারীরা দীপংকর কে আক্রমণ করে এবং তার পরিবারে চালানোর যে সংসান পাওয়ারটিলর ও তার একটি মটর সাইকেল নিয়ে যায় দুর্বৃত্তরা, পরবর্তী সময়ে পুলিশের হস্তক্ষেপে সেগুলোকে উদ্ধার করে রাজনগর থানায় নিয়ে আসে। পাশাপাশি তিনি বলেন কাঁশারি আর এফ এলাকার কিরন সবর নামে সত্তর বছর বয়সের এক বৃদ্ধ কে মাসখানেক আগে আক্রমণ করে দুষ্কৃতিকারী বর্তমানে সে পুনরায় অসুস্থতা বোধ করায় তাকে বিলোনিয়া হাসপাতালে ভর্তি করানো হয়। চিকিৎসারত দুই সিপিআইএম কর্মীর পরিবার-পরিজনদের সাথে কথা বলেন এবং চিকিৎসকের সাথে পরামর্শ করেন এবং তাদের দ্রুত আরোগ্য কামনা করেন।প্রাক্তন বিধায়ক তথা তপশিলী জাতি সমন্বয় কমিটির রাজ্য সম্পাদক সুধন দাস বলেন এই সন্ত্রাস বন্ধ হওয়া দরকার এবং এই ধরনের আক্রমণের বিরুদ্ধে পুলিশ প্রশাসন যেন সঠিক তদন্তক্রমে আইননানুগ ব্যাবসা গ্রহণ করার জন্য আবেদন রাখেন প্রাক্তন বিধায়ক সুধন দাস।

## তেলিয়ামুড়া হাসপাতালের জরুরীকালীন বিভাগে কর্তব্যরত জিডিএ কর্মীর সঙ্গে দুর্ব্যবহার রোগীর

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২০ জুলাই।।** হাসপাতালের জরুরীকালীন বিভাগে কর্তব্যরত জিডিএ কর্মীর সঙ্গে দুর্ব্যবহার! ঘটনা তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে বুধবার রাতে। উল্লেখ্য, তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালের জরুরীকালীন বিভাগে কর্তব্যরত অবস্থায় থাকা এক জিডিএ কর্মীকে বিশ্রী ভাষায় গালিগালাজ সহ দেখে নেওয়ার হুমকি দেওয়ার অভিযোগ ওঠে হাসপাতালে চিকিৎসা করাতে আসা ২ জন লোকের বিরুদ্ধে। এব্যাপারে কর্তব্যরত অবস্থায় থাকা ওই জিডিএ কর্মী পুলিশের দ্বারস্থ হন। জানা যায়, তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে ২ জন লোক চিকিৎসা করাতে আসে বুধবার রাতে এবং চিকিৎসকের অনুমতি ছাড়াই তাদের ব্লাড প্রেসার চেক করার জন্য জোর করতে থাকে হাসপাতালের জরুরীকালীন বিভাগে কর্তব্যরত অবস্থায় থাকা অনুপ বণিক নামের এক জিডিএ কর্মীকে। চিকিৎসকের অনুমতি ছাড়া ওই জিডিএ কর্মী ব্লাড প্রেসার চেক করতে অনীহা প্রকাশ করায় ওই দুইজন লোক কর্তব্যরত অবস্থায় থাকা অনুপ বণিক নামের ওই জিডিএ কর্মীকে বিশ্রী বিশ্রী ভাষায় গালিগালাজ করে এবং দেখে নেওয়ার হুমকি দিতে থাকে। এই ঘটনার জেরে বুধবার রাতে রীতিমতো চাঞ্চল্য ছড়িয়ে পড়ে তেলিয়ামুড়া মহকুমা হাসপাতাল চত্বরে।

## দুঃস্থ ওবিসি সম্প্রদায়ভুক্ত ৬৫ জন রোগীকে চিকিৎসার জন্য দপ্তর থেকে আর্থিক সহায়তা করা হয়েছে : সান্ত্বনা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।।**২০২২-২৩ অর্থবছরে আর্থসামাজিক উন্নয়ন প্রকল্পে দুঃস্থ ওবিসি সম্প্রদায়ভুক্ত ৬৫ জন রোগীকে চিকিৎসার জন্য দপ্তরের পক্ষ থেকে আর্থিক সহায়তা করা হয়েছে। আজ সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে একথা বলেন অন্যান্য পশ্চাদপদ শ্রেণী কল্যাণ(ওবিসি) মন্ত্রী সান্ত্বনা চাকমা। তাঁর দাবি, এর জন্য ব্যয় হয়েছে ২ লক্ষ ৯৬ হাজার ১১৬ টাকা।

এদিন তিনি বলেন, ওবিসি কল্যাণ দপ্তরের বিভিন্ন প্রকল্প রয়েছে। এরমধ্যে অন্যতম হল প্রথম শ্রেণী থেকে দশম শ্রেণীতে পাঠরত ওবিসিভুক্ত ছাত্রছাত্রীদের প্রি-মেট্রিক স্কলারশীপ প্রদান করা। সাথে তিনি যোগ করেন, ২০২২-২৩ অর্থ বছরে ২৫ হাজার ৬৯৬টি আবেদন ন্যাশনাল স্কলারশীপ পোর্টালে জমা পড়েছে। ইতিমধ্যেই ৩ হাজার ৯৫০ জন ছাত্রছাত্রীদের জন্য ৫৯ লক্ষ ২৫ হাজার টাকার স্কলারশীপ মঞ্জুর করা হয়েছে। পাশাপাশি একাদশ শ্রেণী থেকে কলেজ ও বিশ্ববিদ্যালয়স্তরে পাঠারত ওবিসিভুক্ত ছাত্রছাত্রীদের পোষ্ট মেট্রিক স্কলারশীপের জন্য ন্যাশনাল স্কলারশীপ পোর্টালে আবেদন জমা পড়েছে ২০ হাজার ৭৩টি। এরমধ্যে স্কলারশীপ হিসাবে ৭ হাজার ৫৪০ জন ছাত্রছাত্রীকে ২১ কোটি ১৭ লক্ষ টাকা প্রদান করা হয়েছে।

এদিন তিনি জানিয়েছেন, ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক এবং দ্বাদশ শ্রেণী পরীক্ষায় ওবিসি সম্প্রদায়ভুক্ত যে সমস্ত ছাত্রছাত্রী মেধা তালিকায় শীর্ষস্থান অর্জন করে তাদের ড় বি আর আম্বেদকর মেমোরিয়াল গোল্ড মডেল সম্মান প্রদান করা হয়েছে। মন্ত্রীর কথায়, তাঁদের সাফল্যের স্বীকৃতি হিসাবে নগদ ২৫ হাজার টাকাসহ স্বর্ণপদক এবং শংসাপত্র প্রদান করা হয়েছে। মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পরীক্ষায় ওবিসিভুক্ত যে সমস্ত ছাত্রছাত্রী ৬০ শতাংশেরও বেশী নম্বর পেয়েছে তাঁদের প্রত্যেককে ১৫০০ টাকা করে ড় বি আর আম্বেদকর মেরিট অ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে এবং ২০২০-২১ সাল থেকে ত্রিপুরা সরকার আর্থিকভাবে দুর্বল ওবিসি সম্প্রদায়ের মেধাবী ছাত্রছাত্রীদের এককালীন আর্থিক সহায়তা দেওয়া হচ্ছে। এদিন তিনি আরও জানিয়েছেন, আর্থসামাজিক উন্নয়ন প্রকল্পের মধ্যে উল্লেখযোগ্য দুঃস্থ ওবিসি সম্প্রদায়ভুক্ত রোগীদের চিকিৎসার জন্য দপ্তরের পক্ষ থেকে আর্থিক সহায়তা করা হয়েছে। ২০২২-২৩ সালে ৬৫ জন রোগীকে ওবিসি কল্যাণ দপ্তরের পক্ষ থেকে আর্থিক সহায়তা করা হয়েছে। এর জন্য ব্যয় হয়েছে ২ লক্ষ ৯৬ হাজার ১১৬ টাকা।

## সোনিয়া গান্ধীর মন্তব্যে বিড়ম্বনায় প্রধানমন্ত্রী

**।। অভিজিৎ রায়চৌধুরী।। নয়াদিল্লি, ২০ জুলাই।।** বৃহস্পতিবার সংসদ অধিবেশনে যোগ দেয়ার প্রাক্কালে কংগ্রেসের প্রাক্তন সভানেত্রী তথা সাংসদ সোনিয়া গান্ধীর সাথে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বার্তালাপ নিয়ে ব্যাপক চর্চা শুরু হয়েছে।

সংবাদে প্রকাশ এদিন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সোনিয়া গান্ধীর সাথে দেখা হলে তিনি তাঁর স্বাস্থ্যের খোঁজখবর নিয়েছিলেন। কিন্তু, সাংসদ সোনিয়া গান্ধী প্রধানমন্ত্রীকে পাল্টা বলেন যে সংসদে মণিপুর ইস্যুতে আলোচনা করার জন্য। সোনিয়া গান্ধীর এই বক্তব্য শুনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি রীতিমতো আশ্চর্য হয়ে বিড়ম্বনায় পড়ে যান।

যদিও বেঙ্গালুরুতে বিরোধী জোটের তথা 'ইন্ডিয়া'র বৈঠকে সিদ্ধান্ত হয়েছে বিভিন্ন রাজ্যের বিরোধী শিবিরের মুখ্যমন্ত্রীদের নিয়ে একটি প্যানেলকে মণিপুরে পাঠানোর জন্য। রাজনৈতিক দলগুলি এব্যাপারে সহমত পোষণ করেছে। খুব শীঘ্রই মণিপুরে একটি প্রতিনিধি দল পাঠানো হবে।

## মহারাজগঞ্জ বাজারে আক্রান্ত ব্যবসায়ী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।।** মহারাজগঞ্জ বাজারে আক্রান্ত এক ব্যবসায়ী। ঘটনাকে কেন্দ্র করে তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছে। আক্রান্ত ব্যবসায়ী অসীম শীল জানান নেশা গ্রস্থ অবস্থায় এক যুবক তার দোকানের সামনে এসে প্রাকৃতিক কাজ করে। এতেই বাধা দেন ব্যবসায়ী অসীম শীল। কিছুক্ষণ পরে ওই যুবক আবার এক দোকান কর্মচারীকে নিয়ে অসীম শীলের দোকানের সামনে প্রাকৃতিক কাজ করতে আসে, দ্বিতীয়বার বাধা দেন ব্যবসায়ী অসীম শীল। তারপরে উত্তেজিত হয়ে পড়ে ওই যুবক এবং পাশে থাকা একটি কাঁচের বোতল নিয়ে ব্যবসায়ী অসীমের মাথায় আঘাত করে। এতেই রক্তাক্ত হন ব্যবসায়িক অসীম শীল পরে স্থানীয়রা বিষয়টি দেখতে পেয়ে রক্তাক্ত অবস্থায় অসীম শীলকে উদ্ধার করে আগরতলা আই জি এম হাসপাতালে নিয়ে আসে চিকিৎসার জন্য। বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন ব্যবসায়ী অসীম শীল। ব্যবসায়ী অসীম শীল অভিযোগ করেন প্রত্যেকদিন সন্ধ্যার পর থেকেই মহারাজগঞ্জ বাজারে নেশা আসর জমিয়ে তুলে অধিকাংশ যুবক। পাশেই রয়েছে মহারাজগঞ্জ বাজার পুলিশ ফাঁড়ি ।।কিন্তু পুলিশ কোনভাবেই এই নেশার আসর বন্ধ করতে পারছে না। এই ঘটনাকে কেন্দ্র করে অন্যান্য ব্যবসায়ীদের মধ্যে চাঞ্চল্য ছড়িয়ে পড়ে।

## তুইসিন্দ্রাইয়ে নাবালিকাকে ধর্ষণের চেষ্টা প্রতিবেশী যুবকের

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২০ জুলাই।। মানুষরূপী হায়না কর্তৃক আট এক নাবালিকাকে বলপূর্বক ধর্ষণের চেষ্টা, এই অভিযোগ নিয়ে থানার দ্বারস্থ নাবালিকার পরিবারের লোকজন। পলাতক অভিযুক্ত। ঘটনা বুধবার তেলিয়ামুড়া থানা এলাকার তুইসিন্দ্রাই কলোনি এলাকায়।ঘটনার বিবরণে জানা যায়,, বুধবার দিনের কোন এক সময় তুইসিন্দ্রাই কলোনি এলাকার পাপন দেব নামের কুড়ি বছর বয়সী এক যুবক কর্তৃক উক্ত এলাকার ৮ বছর বয়সি এক নাবালিকাকে বলপূর্বক ধর্ষণের চেষ্টা করে বলে অভিযোগ পরিবারের লোকজনদের। জানা গেছে,, বাড়ির পার্শবর্তী একটি জঙ্গলে ওই মানুষরূপী কুলাঙ্গার তথা অভিযুক্ত পাপন নির্জনতার সুযোগকে কাজে লাগিয়ে আট বছর বয়সী নাবালিকা কন্যাকে বলপূর্বক ধর্ষণের চেষ্টা করে বলে অভিযোগ। সেখান থেকে কোনরকমে পালিয়ে ওই নাবালিকা তার পরিবারের লোকজনদের বিষয়টি সম্পর্কে অবগত করে। এ বিষয় সম্পর্কে জানতে পেরে পরিবারের লোকজন বুধবার রাতেই তেলিয়ামুড়া থানা পুলিশের দ্বারস্থ হয়। তেলিয়ামুড়া থানার পুলিশ মামলা নং-৪৯ একটি মামলা রুজু করে তদন্ত শুরু করে। পুলিশ তদন্তে নেমে বুধবার রাতেই অভিযুক্ত পাপনের খুঁজে তুইসিন্দ্রাই কলোনি এলাকায় এবং তার বাড়িতে অভিযান চালায়। যদিও পুলিশের উপস্থিতি আঁচ করতে পেরে অভিযুক্ত পাপন গা ঢাকা দেয় বলে থানা সূত্রে খবর। এদিকে পুলিশ জানিয়েছে, তেলিয়ামুড়া থানায় পক্সো ধারায় মামলা নিয়ে ঘটনার তদন্ত করছে পুলিশ।

এখন দেখার বিষয় সুব্রত'র তেলিয়ামুড়া থানার পুলিশ ঘটনার তদন্তে নেমে কবে নাগাদ অভিযুক্তকে জালে তুলতে সক্ষম হয় এবং ঘটনার কূল কিনারা করে। নাকি আর পাঁচটা সাধারণ ঘটনার মতো এই ঘটনাটিও থানার লাল ফিতা বন্দী ফাইলে আটকা পড়েযায়।আর সভ্য সমাজে পাপনের মতো কুলাঙ্গারেরা বুক চেতিয়ে ঘুরাফেরা করে।

## সহায়ক মূল্যে সরকার ধান ক্রয় করায় লাভের মুখ দেখছেন কৃষকরা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।।** কৃষকদের উন্নয়নকে মাথায় রেখে সরকার এফ সি আই এর মাধ্যমে কৃষকের কাছ থেকে সুলভ মূল্যে ধান ক্রয় করায় লাভের মুখ দেখছেন রাজ্যের কৃষক কূল। এতে খুশি সমগ্র অংশের কৃষক।অন্যান্য বছরে ন্যায় এবছর ও এফসি আই এর মাধমে সরকার কৃষকদের কাছ থেকে ধান ক্রয় করা শুরু করেছেন। বৃহস্পতিবার তেলিয়ামুড়া এগ্রিপ্রডিউস মার্কেট এর শেড ঘরে সকাল থেকেই শুরু হয় এই ধান ক্রয় করার প্রক্রিয়া।তবে লক্ষনীয় বিষয় হল, তেলিয়ামুড়াম মহকুমা খাদ্য দপ্তর কৃষকদের কাছ থেকে যে পরিমান ধান ক্রয়ের টার্গেট ধরা হয়েছিল সেই তুলনায় অনেকটা কম ধান আসছে। এর কারন হিসাবে এক কষক জানান সরকার ধান ক্রয় করার ফলে কৃষকরে দীর্ঘদিন পর লাভের মুখ দেখতে পারছে। অন্যদিকে ,খোলাবাজারে ব্যবসায়ীদের ধানের ক্রয় কমে যাচ্ছে। এর ফলে এক শ্রেনীর অসাধু ব্যবসায়ী কৃষকদের বাড়ি ঘর থেকে অধিক মূল্য দিয়ে ধান ক্রয় করে নিচ্ছে। যাতে করে সরকারি ভাবে ধানের মজুদ কমে আসে। পরবর্তী সময়ে সুযোগে সেই আসাধু ব্যবসায়ীরা তাদের মর্জিমাফিক দামে সেই ধান বিক্রি করতে পারবে। এই অসাধু ব্যবসায়ীদের ফাঁদে কিছু সরল সাধারণ কৃষকরাও পা দিচ্ছেন বলেও ধারনা করাহচ্ছে। সে ক্ষেত্রে কৃষকদের একটা অংশের অভিমত এফ সি আই প্রতি কুইন্টাল ধানে একটা অংশ ওজন পিরিমাপের সময়ে কম ধরে কৃষকদের কাছ থেকে ধান ক্রয় করছে। এই ফলে কিছুটা ক্ষতি হচ্ছে তাদের। অন্যদিকে এই সুযোগটাকেই কাজে লাগানোর চেষ্টা করছে একটা, শ্রেনীর খোলাবাজারের ব্যবসায়ী। কৃষক রা চাইছে ওজন পরিমাপ করার সময় যেন তাদের কোন অংশ বাদ নাওদেওয়া হয়। তাহলে কৃষকরা একদিকে যেমন সম ওজনের দাম পেয়েযাবে অন্যদিকে ব্যবসায়ীদের ফাঁদেও পা বারাবে না। এবং সরকারি ভাবে মজুতেরও ঘাটতির প্রশ্ন থাকবেনা। একই ভাবে তেলিয়ামুড়া মহকুমা খাদ্য দপ্তরের এক আধীকারিক জানান যত জন কৃষক ধান নিয়ে আসার কথা তাদের সকলে এখন পর্যন্ত আসেননি। তবে তিনি আশা করছেন বিগত বছরের ন্যায় এবছরও সমস্ত কৃষকরাই সরকারের এই সুযোগটা গ্রহন করবে।

## খোয়াই জেলায় জেলা শাসকের কার্যালয়ে গুরুত্বপূর্ণ পর্যালোচনা বৈঠক

**নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ২০ জুলাই।।** সমাজের প্রতিটি মানুষের কাছে সরকারী সুযোগ সুবিধা পৌঁছে দেওয়ার লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করছে ত্রিপুরা সরকার। আজ খোয়াই জেলায় জেলা শাসকের কার্যালয়ের বৈঠকে এমনটাই দাবি করলেন মন্ত্রী সুধাংশু দাস। এদিন তিনি বলেন, তপশীলি জাতি কল্যাণ দফতর, প্রাণী সম্পদ বিকাশ দফতর ও মৎস দফতরের খোয়াই জেলার সকল দায়িত্বপ্রাপ্ত অফিসারদের নিয়ে এক পর্যালোচনার বৈঠকের আয়োজন করা হয়েছে। মূলত, এই বৈঠকে খোয়াই জেলায় পর্যাপ্ত পরিমাণে মাছ, ডিম, দুধ, মাংসের উৎপাদন বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়েছে। তাছাড়া, প্রাণী সম্পদ বিকাশ দফতরের যে কাজ গুলি চলছে তা কোন পর্যায়ে রয়েছে তা নিয়েও আলোচনা করা হয়েছে। তাঁর দাবি, খোয়াই জেলাকে স্বনির্ভর করে তুলতে এবং সমাজের তপশীলি জাতি অংশের মানুষের কাছে সরকারী সুযোগ সুবিধা কতটুক পৌঁছালো তা নিয়েও আলোচনা করা হয়েছে। তাছাড়া, মাছ, ডিম, দুধ, মাংসের ক্ষেত্রে খোয়াই জেলায় সাধারণ মানুষের চাহিদা মেটানোর জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা নিয়েও পর্যালোচনা বৈঠকে আলোচনা করা হয়েছে।

## তিন বছর পর নিখোঁজ যুবক ফিরল কল্যাণপুরের বাড়িতে

নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর,, ২০ জুলাই।। দীর্ঘ তিন বছর নিখোজ থাকার পর অপ্রত্যাসিত ভাবে চেন্নাই এর এক সামাজিক সংস্থার কল্যানে ঘরে ফিরে এলো কল্যাণপুরের কমলনগর গ্রামের মাঝ বয়সী মানসিক ভারসাম্যহীন যুবক প্রসেনজিৎ বিশ্বাস। যদিও সে এখন অনেকটাই সুস্থ ওই সামাজিক সংস্থার দৌলতে। জানা গেছে ২০২১ সালের দিকে ঈষৎ মানসিক ভারসাম্য হীন অসুস্থ যুবক তার গ্রামের বাড়ি ছেড়ে হটাৎই চলে যায়। তার দিনমজুর পিতা বীরেন্দ্র বিশ্বাস অনেক খুঁজেও তার হদিস পান নি। এদিকে ওই যুবক কোন এক ভাবে চলে যায় দক্ষিণ ভারতের চেন্নাই। সেখানে পথে পথে ঘুরতে থাকে প্রসেনজিৎ। এক সময় বিষয় টি নজরে আসে সামাজিক সংস্থা বানিয়ানের। তারা দ্রুত পদক্ষেপ নিয়ে প্রসেনজিৎ কে রাস্তা থেকে তুলে চিকিৎসার ব্যবস্থা করে। দীর্ঘ্য দিন ওই সামাজিক সংস্থার অধীনে চিকিৎসার পর কিছুটা সুস্থ হলে প্রসেনজিৎ বাড়ি ফিরে আসতে ব্যাকুল হয়ে ওঠে। এরপর ওই সামাজিক সংস্থার কর্ম কর্তারা তার ঠিকানা কোন না কোন ভাবে জোগাড় করেন। বৃহস্পতিবার ওই সংস্থার দুই কর্ম কর্তা মৃন্ময় ঘোষ এবং জ্যোতিষ এম এস নিজে এসে প্রসেনজিৎ কে তার কমলনগরের বাড়িতে নিয়ে আসেন। এতো দিন পরে হারানো ছেলে কে ফিরে পেয়ে খুশি তে বাকরুদ্ধ হয়ে যায় তার বাবা সহ গোটা পরিবার। চেন্নাই ভিত্তিক ওই সামাজিক সংস্থার কর্ম কর্তা রা জানান এখনো সম্পূর্ণ সুস্থ নয় প্রসেনজিৎ। তার চিকিৎসা যাতে চলে এবং টা যেন হয় বিনামুল্যে সেই বিষয়ে তারা দেখবেন।

## পশ্চিম ত্রিপুরা জেলা ভূমি সম্মান প্ল্যাটিনাম পুরস্কারে ভূষিত দীর্ঘদিনের প্রচেষ্টার ফসল এই সম্মান ঃ জেলাশাসক

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২০ জুলাই।। রাজ্যের ৭টি জেলার সাথে পশ্চিম ত্রিপুরা জেলাও ডিজিটাল ইণ্ডিয়া ল্যাণ্ড রেকর্ডস মর্ডানাইজেশান কর্মসূচিতে ৬টি বিষয়ে সাফল্য অর্জন করায় ভূমি সম্মান প্ল্যাটিনাম পুরস্কারে ভূষিত হয়েছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ১৮ জলাই নয়াদিল্লির বি'ান ভবনের প্লেনারি হলে এক অনুষ্ঠানে এই পুরস্কার সংশ্লিষ্টদের হাতে তুলে দেন। আজ বিকালে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন জেলাশাসক অফিসের কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে এ কথা জানান। সাংবাদিক সম্মেলনে জেলাশাসক জানান, দীর্ঘদিনের প্রচেষ্টার ফসল এই সম্মান।




সাংবাদিক সম্মেলনে জেলাশাসক জানান, একটা সময় ছিল যখন জমির খতিয়ান, ম্যাপ ইত্যাদি দেখার জন্য তহশিল অফিসে ছুটে যেতে হত। এখন ডিজিটাল ইণ্ডিয়া ল্যাণ্ড রেকর্ডস মর্ডানাইজেশান কর্মসূচির আওতায় এই বিষয়গুলি বাড়িতে বসে যে কেউ কম্পিউটারে দেখতে পারছেন। শুধু তাই নয় এই কর্মসূচির আওতায় বিভিন্ন জেলায় মডার্ণ রেকর্ড রুম স্থাপন করা হয়েছে। ভূমির রেকর্ড সম্পর্কিত বিভিন্ন পরিষেবা যাতে জনগণ আরও ভালোভাবে পেতে পারেন সেদিকে লক্ষ্য রেখেই এই কর্মসূচি চালু করা হয়েছে। এর সুফল এখন ব্যাপক অংশের জনগণ পাচ্ছেন। সাংবাদিক সম্মেলনে পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক রাজীব দত্ত, জেলাশাসক অফিসের রেভিনিউ শাখার বা' অফিসার শীর্ষেন্দ দেববর্মাও উপস্থিত ছিলেন।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।